মানবমন

কালানুক্রমিক পঞ্জি

কথামুখ

অবশেষে আমরা 'মানবমন'-এর এতদিনের কালানুক্রমিক পঞ্জি করতে সমর্থ হয়েছি। এই পঞ্জিতে বাংলা সংখ্যাগুলি ইংরাজি করা হয়েছে এবং মুদ্রণ প্রমাদ যতখানি সম্ভব এড়াবার চেষ্টা করা হয়েছে।

পত্রিকা পঞ্চাশ বছর পার করে একান্নতে পড়ল। 1961 সালে পত্রিকা শুরু করা হয়েছিল কি অভিপ্রায়ে সে কথা প্রাঞ্জলভাবে প্রতিষ্ঠাতা-সম্পাদক জানিয়েছেন তা এই পঞ্জিতে নথিভুক্ত রয়েছে। এরপর পত্রিকার পঁচিশ বছর পূর্তির কথাও তিনি লিপিবদ্ধ করেছেন, যা পাঠ করে সকলে অবগত হবেন প্রবহমান কালের স্রোতে নানা টানাপোড়েন অতিক্রম করে কিভাবে পত্রিকা প্রকাশিত হয়ে এসেছে। এছাড়া পত্রিকার অসংখ্য সম্পাদকীয়তে সম্পাদক এমন একটি পত্রিকা নিরবচ্ছিন্নভাবে প্রকাশ করতে পারার জন্য প্রচ্ছন্নভাবে হলেও শ্লাঘা বোধ করেছেন, তাও নথিভুক্ত আছে।

পত্রিকার পঞ্চাশ বছরে তাই শুরুর দায় লাঘব করতে পারলেও এক বাড়তি দায় এসে পৌঁছোয়। যেমন দেশ-কাল ও সমাজের বর্তমান পরিবর্তিত পরিস্থিতিতে 'মানবমন' কেমন করে মানিয়ে নিতে পেরেছে বা মানিয়ে নিচ্ছে। অথবা যে দায়িত্ব সে একদা স্বঘোষিতরূপে কাঁধে নিয়েছিল তা সে যথাযথ পালন করতে পারছে কিনা। এমন বিস্তারিত আলোচনার সুযোগ আছে। আপনাদের অনুরোধ করব, এমন বিচারশীল আলোচনা আপনারা করুন। তবে এখানে একটা কথা বলা আবশ্যক, বর্তমানে সমস্ত দিক থেকে মানবমনের সাংগঠনিক অবস্থা অনেক ভালো। বিগত কুড়ি বছর ধরে মানবমনের একটি সংখ্যাও যুগ্ম সংখ্যা হয়নি বা এর পাতায় একবারের জন্যেও এমন লেখা দেখা যাবে না যে নানা কারণে পত্রিকা বন্ধ হবার উপক্রম হয়েছে। এখন 'মানবমন' দাবি করতে পারে যে তার স্থায়ী বাসস্থান হয়েছে (6 জে, সোদপুর রোড, হরিদেবপুর, কলকাতা - 700082) এবং সে কোনো ধরনের ফান্ড বা বিজ্ঞাপনের মুখাপেক্ষী আগেও ছিল না, এখনো নয়।

এমন ভালো অবস্থার এসে পৌঁছতে পারার কারণ 'মানবমন'-এর কর্মী এবং সহযোগী বন্ধুদের আন্তরিক, একনিষ্ঠ পরিশ্রম এবং আত্মনির্ভরশীল হওয়ার মনোভাব। বিগত কুড়ি বছর ধরে 'মানবমন' 'বই মেলা'য় স্টল দিচ্ছে এবং নানা লেখকের লেখা প্রকাশিত পুস্তকের সংখ্যা এখন প্রায় পঁচিশটি। এই অবস্থা 'মানবমন' বা পাভলভ ইনস্টিটিউট কখনো কল্পনাও করতে পারত না। এর মধ্যে একটি ইংরাজি কাগজ বেরিয়েছে (*Psyche and Society*, 2003)। জানি না এই বৃদ্ধি-বিকাশের জন্য আমাদের গুণগত মান নেমে গেছে কিনা। এই

বিচার আমাদের পক্ষে করা সম্ভব নয়। এই বিচারের ভার রইল আমাদের পত্রিকার বিদগ্ধ, সচেতন পাঠক/পাঠিকাদের ওপর। কারণ মনে এমন আশঙ্কা থাকেই যে বাইরের দৈন্যদশা ঘুচে অন্তরের দৈন্যদশা বাড়ছে না তো? যা দিনকাল পড়েছে তাতে এমন হতেই পারে। তবে আমরা কঠোরভাবে সচেতন যে সামান্যতম আত্মতুষ্টিতে না ভুগে নিজেদের মধ্যে লড়াইটা জারি রাখতে হবে। আমরা সৌভাগ্যবান যে, কঠোর সমালোচনা করার মানুষজন আমাদের চারপাশে আছেন।

প্রায়শই একদল মানুষ এমন কথা বলেন যে বিগত দিনগুলি অনেক ভালো ছিল, এখন অবস্থা অনেক খারাপ হয়েছে। কথাটা একেবারে ফেলে দেবার মতো নয়। কারণ মানবমনের ক্ষেত্রেই বলতে পারি, এই পঞ্জিতে নথিভুক্ত আছে, অনেক জ্ঞানীগুণী পণ্ডিত মানুষ এই পত্রিকায় ধারাবাহিকভাবে লিখেছেন। ধীরেন্দ্রনাথের ক্ষমতাকে স্বতন্ত্র, ব্যতিক্রম ধরে নিলেও এটা ঠিকই যে বামপন্থী মনোভাবাপন্ন একদল মানুষ যাঁরা নিয়মিত পড়াশোনা করতেন তাঁরা এই পত্রিকায় নিয়মিত লিখতেন এবং লিখতে আগ্রহীও ছিলেন। কিন্তু এমন মানুষজন আজকাল দুর্লভ। এটা শুধু যে এই পত্রিকার জন্য সত্য তা নয়, বাংলার সমস্ত সাহিত্যপত্রিকার ক্ষেত্রেও সত্য। আজ যাঁরা এই সমস্ত পত্র-পত্রিকার সঙ্গে কোনোভাবে যুক্ত আছেন তাঁরা জানেন, অল্পসময়ের মধ্যে দ্রুত ফললাভ করা আজকের দিনের সকল মানুষের চিন্তা-ভাবনার প্রবণতা। তাই প্রতিষ্ঠিত কাগজগুলিতে সাংবাদিকতাধর্মী, অগভীর লেখার কদর অনেক বেশি। স্বভাবতই এই প্রতিকূল অবস্থার বিরুদ্ধে লড়াই করে পত্রিকাকে এগিয়ে যেতে হচ্ছে। তবু স্বীকার করা ভালো যে সিরিয়াস, মননধর্মী, মৌলিক লেখা আমরা খুব কম পাই।

এই প্রসঙ্গে একটা কথা বলার লোভ সামলাতে পারছি না, আন্তর্জাতিক স্তরে চীন-ভারত যুদ্ধ এবং সোভিয়েত সমাজতন্ত্রর পতন আমাদের দেশে-সমাজে সমাজতান্ত্রিক ভাবধারার প্রচার-প্রসারে গভীর প্রভাব ফেলেছে। এর তাৎক্ষণিক এবং দীর্ঘস্থায়ী পরিণাম হল মার্কসবাদের প্রতি, সমাজবাদের প্রতি তীব্র ঘৃণা বা বিদ্বেষ এবং দেশে দেশে নিপীড়িত মানুষের লড়াইয়ের প্রতি চরম উদাসীনতা, অবহেলা। একটা সময় ছিল যখন মার্কসবাদীদের মধ্যেই সমাজসচেতন পণ্ডিত মানুষের সংখ্যা ছিল সর্বাধিক। আজ তেমন মানুষ খুঁজে পাওয়া ভার।

এই টানাপোড়েনের আবশ্যিক ফল, সংখ্যায় কম হলেও 'মানবমন'-এর এক নির্দিষ্ট লেখকগোষ্ঠী তৈরি হওয়া। অনেকেই অভিযোগ করছেন পত্রিকায় নতুন লেখকের দেখা মিলছে না, সেই একই ব্যক্তি বছর বছর ধরে পত্রিকায় লিখে চলেছেন। এই বিষয়টিতে আমরা অনন্যোপায়। তবে আপনাদের অবগতির জন্য জানাচ্ছি দেশে-বিদেশে আমাদের মতো এমন প্রতিটি পত্রিকার নির্দিষ্ট লেখকগোষ্ঠী তৈরি হয়ে থাকে এবং তাঁরাই পত্রিকায় নিয়মিত লিখে পত্রিকাকে বাঁচিয়ে রাখেন।

এই পত্রিকা প্রকাশের ক্ষেত্রে প্রথম পনেরো বছর প্রবল উৎসাহ-উদ্দীপনা ছিল এবং তখন পারিপার্শ্বিক অবস্থাও ভালো ছিল ও ধীরেন্দ্রনাথের বয়স কম ছিল এবং অসংখ্য সহযোগী বন্ধু,

অনুজ সহকর্মী তিনি পেয়েছিলেন। বিশেষত কলকাতায় ধীরেন্দ্রনাথের পরিচিতজন ছাড়াও সুদূর কাটোয়া থেকে অধ্যাপক ধ্রুবজ্যোতি মজুমদার তাঁকে যথেষ্ট সাহায্য করেছেন। পরবর্তী দশ বছর ধীরেন্দ্রনাথের কার্যকালের ভাঁটার সময়। পঁচিশ বছর পর এই পত্রিকা একক প্রচেষ্টায় চালিয়ে নিয়ে যাওয়া যথেষ্ট কষ্টকর হয়ে দাঁড়ায়। এই সময়ে গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় সাহায্য দিয়েছেন অধ্যাপক রামকৃষ্ণ ভট্টাচার্য এবং পরবর্তীকালে বর্তমান সম্পাদকের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়েছেন আশীষ লাহিড়ী। এঁরা মানবমন ও পাভলভ ইনস্টিটিউটের চিরবন্ধু, চিরনির্ভর। মোটামুটি 1991 সাল থেকে বর্তমান সম্পাদক এই পত্রিকার দায়িত্ব নিজের কাঁধে তুলে নিয়েছেন এবং তাঁকে শর্তহীনভাবে সাহায্য করে চলেছেন পাভলভীয় মনোরোগ-বিশেষজ্ঞ গৌতম বন্দ্যোপাধ্যায়।

এছাড়া আরও অনেকের নাম উল্লেখ করতেই হবে যাঁরা নীরবে, নিঃশব্দে এই পত্রিকাকে সাহায্য করে চলেছেন যেমন বঙ্কিম দত্ত, তুষার চক্রবর্তী, সুনীল বিশ্বাস, ডাঃ অমিতরঞ্জন বসু প্রমুখেরা। আর পত্রিকার পরিচালকমণ্ডলীতে রয়েছেন পবন মুখোপাধ্যায়, নিবারণ সাহা, দুলাল কর, বিষ্ণুর সরকার, নিমাই দে, আলিউল হক, ষষ্ঠীপদ মণ্ডল, চন্দ্রশেখর মাজিলা প্রমুখেরা।

আশা করছি বাঙালি মানুষজনের মধ্যে ‘মানবমন’ শতবর্ষ আয়ু পাবে।

সম্পাদক

সম্পাদকীয়

1. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬২.
পৃ. ৫৯-৬২.
জীববিজ্ঞান, সমাজবিজ্ঞান ও মনোবিজ্ঞানের পারস্পরিক সম্পর্ক নিয়ে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

2. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬২.
পৃ. [উল্লেখ নেই].
প্রাকৃত বিজ্ঞানের আধুনিক গবেষণা ও অত্যাশ্চর্য আবিষ্কার নিয়ে এই সম্পাদকীয়টি রচিত।

3. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬২.
পৃ. ১-৩.
বিশ্বশান্তি ও সর্বাত্মক নিরস্ত্রীকরণ সম্মেলন নিয়ে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

4. সম্পাদকীয় : যুদ্ধ, শান্তি ও মানবমন. – মানবমন. – বর্ষ ১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬২.
পৃ. ৪১-৪৮.
এই সম্পাদকীয়তে সমাজবিজ্ঞান, মনোবিজ্ঞানের দিক থেকে শান্তির বিরুদ্ধ শক্তি ও ভাবধারার পরিচয় দেওয়া হয়েছে।

5. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৩.
পৃ. [উল্লেখ নেই].
বিজ্ঞানের অগ্রগতি নিয়ে এই সম্পাদকীয়তে আলোচনা করা হয়েছে।

6. সম্পাদকীয় : রুগ্নসমাজ (১), কুলসংক্রমণ ও নিয়তিবাদ (২) এবং স্বয়ংক্রিয়তার ভবিষ্যৎ (৩). – মানবমন. – বর্ষ ২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৩.
পৃ. ১১৫-১১৭.
সমাজের সঙ্কট, ডি.এন.এ এবং প্রযুক্তিবিদ্যার উন্নতি নিয়ে তিনটি পর্যায়ে ভাগ করে এই সম্পাদকীয় লেখা হয়েছে।

7. সম্পাদকীয় : বিশ্ব-শান্তি ও নারীসমাজ. – মানবমন. – বর্ষ ২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৩.

পৃ. ১৬৯-১৭২.
বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় নারীসমাজের ভূমিকা এই সম্পাদকীয়র মূল আলোচ্য বিষয়।

8. সম্পাদকীয় : আইভান পেত্রভিচ পাভলভ. – মানবমন. – বর্ষ ২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৩.
পৃ. [উল্লেখ নেই].
আইভান পেত্রভিচ পাভলভের ১১৫তম জন্মদিবসে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে এই সম্পাদকীয়টি রচিত।

9. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৪.
পৃ. [উল্লেখ নেই].
পূর্ব পাকিস্তানের ধর্মীয় উন্মাদনার বীভৎস রূপ এবং ঐ ঘটনার পাভলভীয় ব্যাখ্যা এই সম্পাদকীয়র মূল আলোচ্য বিষয়।

10. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩, সংখ্যা ২ (এপ্রিল-জুন) – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৪.
পৃ. ১১৪-১১৫.
শে'পীয়ার ও গ্যালিলিও'র চারশততম জন্মবার্ষিকীতে এই দুই মনীষীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

11. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৪.
পৃ. [উল্লেখ নেই].
বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার উপর প্রতিক্রিয়াশীলদের আক্রমণের বিরুদ্ধে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

12. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৪.
পৃ. ১৭৫-১৭৬.
বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার ওপর প্রতিক্রিয়াশীলদের আক্রমণের বিরুদ্ধে মতামত আছে এই লেখায়।

13. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৫.
পৃ. [উল্লেখ নেই].
বিজ্ঞান-প্রযুক্তিবিদ্যা ও বিশেষ সামাজিক অর্থনৈতিক ব্যবস্থার জন্য যে মানুষের শ্রমের বিবর্তন ঘটছে এই লেখায় তা নিয়েই আলোচনা করা হয়েছে।

14. সম্পাদকীয় : বিষবাষ্প ও বর্বরতা. – মানবমন. – বর্ষ ৪, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৫.
পৃ. [উল্লেখ নেই].
যুদ্ধে মারণ গ্যাসের ব্যবহার নিয়ে ধিক্কার লিপিবদ্ধ হয়েছে এই সম্পাদকীয়তে।

15. সম্পাদকীয় : গণমতের গুরুত্ব. – মানবমন. – বর্ষ ৪, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৫.
পৃ. [উল্লেখ নেই].
এই যুগে গণমতের গুরুত্ব ও ভূমিকা নিয়ে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

16. সম্পাদকীয় : সমাজ প্রগতি ও মানবপ্রকৃতি. – মানবমন. – বর্ষ ৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৫.
পৃ. [উল্লেখ নেই].
মানব সমাজের অগ্রগতি এবং তার সঙ্গে সম্পর্ক রেখে যুদ্ধ-বিগ্রহ, হিংসা যে সারা পৃথিবীতে এক ক্ষতিকর ছাপ রেখে যাচ্ছে সে বিষয় নিয়েই এখানে আলোচনা করা হয়েছে।

17. সম্পাদকীয় : গণতন্ত্র ও বিচ্ছিন্নতা. – মানবমন. – বর্ষ ৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৬.
পৃ. ৬৯-৭১.
আধুনিককালের গণতান্ত্রিক সরকারের সঙ্গে জনসাধারণের সম্পর্কের মনস্তাত্ত্বিক বিশ্লেষণ করা হয়েছে এই সম্পাদকীয়তে।

18. সম্পাদকীয় : সুবিধাবাদের দর্শন. – মানবমন. – বর্ষ ৫, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৬.
পৃ. ১৯০-১৯২.
প্রয়োগবাদ বা Pragmatism মার্কিন সাম্রাজ্যবাদীদের দর্শন। সমগ্র পৃথিবীতে এই দর্শন ছড়িয়ে পড়ার প্রভাব সম্পর্কিত সূত্রায়ণ।

19. সম্পাদকীয় : ইভান পেত্রভিচ পাভলভ ও আধুনিক মনোবিজ্ঞান. – মানবমন. – বর্ষ ৫, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৬.
পৃ. ২০৫-২০৮.
মনোবিজ্ঞানের আধুনিকীকরণে পাভলভ-এর পরীক্ষানিরীক্ষার বিপ্লবী পদ্ধতির অবদান এখানে সম্পাদক তুলে ধরেছেন।

20. সম্পাদকীয় : বিচ্ছিন্নতা সমস্যা. – মানবমন. – বর্ষ ৬, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৭.
পৃ. ৬৯-৭২.
এই সম্পাদকীয়টিতে বিচ্ছিন্নতার প্রভাব নিয়ে আলোচনা হয়েছে।

21. সম্পাদকীয় : বিচ্ছিন্নতার সমস্যা. – মানবমন. – বর্ষ ৬, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৭.
পৃ. ৬-৮.

বস্তুজগত কেমন করে মানবমনের চেতনাধারাকে প্রভাবিত করে থাকে এবং এদের আন্তঃসম্পর্কের বিষয়ে মার্কসীয় ও পাভলভীয় সমাজতাত্ত্বিক আলোচনা। সঙ্গে রয়েছে সাম্প্রতিককালের মনোবিদ্যার ঘরানাগুলির সূত্র।

22. সম্পাদকীয় : মহান অক্টোবর বিপ্লব স্মরণে. – মানবমন. – বর্ষ ৬, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৭.
পৃ. ১৯৭.
এই সম্পাদকীয়তে মহান অক্টোবর বিপ্লবের পঞ্চাশবর্ষ পূর্তি উপলক্ষে লেনিন ও তাঁর সহযোদ্ধাদের গভীর শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হয়েছে।

23. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ৫-৮.
পরিবর্তনশীল পরিস্থিতিতে 'মানবমন' পত্রিকার মতো একটি পত্রিকা প্রকাশ করার সঙ্কট ও সমস্যা এখানে পাঠকের সামনে তুলে ধরেছেন সম্পাদক।

24. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. [উল্লেখ নেই].
জীববিজ্ঞানের নতুন সূত্র, সমাজ পরিবর্তনের বৈপ্লবিক কর্মসূচি ও মনোবিজ্ঞানের নতুন তথ্য আবিষ্কার যাঁরা করেছেন তাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়েছে।

25. সম্পাদকীয় : প্যারাসাইকলজি. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ১৫৯-১৬০.
প্যারাসাইকলজি নিয়ে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

26. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২২৯-২৩২.
পাভলভকে স্মরণ করে এই সম্পাদকীয় লিখিত হয়েছে।

27. সম্পাদকীয় : বিজ্ঞান-মানস. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১, (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৫-৬.
বৈজ্ঞানিক অবদানের ভালমন্দ দুই দিকই এই সম্পাদকীয়র আলোচ্য বিষয়।

28. সম্পাদকীয় : স্মরণে. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. [উল্লেখ নেই].

'মানবমন' পত্রিকার সহ-সম্পাদক ও অক্লান্ত কর্মী নবেন্দু চক্রবর্তীর অকাল প্রয়াণে তাঁর স্মরণে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

29. সম্পাদকীয় : গান্ধী জন্ম-শতবার্ষিকী. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ২২৭-২২৮.
মহাত্মা গান্ধীর জন্ম-শতবার্ষিকী উপলক্ষ্যে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে এই সম্পাদকীয় নিবেদিত।

30. সম্পাদকীয় : রিপুর বিস্ফোরণ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ১ (জানুয়ারী-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ৫-৭.
ষড়রিপুর তথাকথিত বিস্ফোরণ সম্পর্কে বিশেষত যুবসমাজে সম্পাদকের সংক্ষিপ্ত প্রতিবেদন। এই প্রতিবেদন অবশ্যই মার্কসীয় ও পাভলভীয় ভাবধারা আশ্রিত এবং ইতিবাচক।

31. সম্পাদকীয় : লেনিন. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. [উল্লেখ নেই].
কমরেড লেনিনকে স্মরণ করে এই সংক্ষিপ্ত সম্পাদকীয়টি লেনিনের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন।

32. সম্পাদকীয় : প্রতিভার বৈশিষ্ট্য ও উন্মেষ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৪৭-১৪৯.
মানব-প্রতিভার সৃষ্টি, বৈশিষ্ট্য, তার বিকাশের সম্ভাবনা উক্ত সম্পাদকীয়র আলোচ্য বিষয়।

33. সম্পাদকীয় : ফ্রয়েডোত্তর যুগে মনসমীক্ষার ধারা. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৪৯-১৫২.
ফ্রয়েডোত্তর যুগের দু'জন মনসমীক্ষক জার্মানির কারেন হর্ণি ও এরিক ফ্রমের মনসমীক্ষণের ক্রিয়াকলাপ এই সম্পাদকীয়র বিষয়বস্তু।

34. সম্পাদকীয় : ইভান পেত্রভিচ পাভলভ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ২২১.
রুশ শারীরবিজ্ঞানী ইভান পেত্রভিচ পাভলভকে স্মরণ করে এই সম্পাদকীয়টি রচিত হয়েছে।

35. সম্পাদকীয় : নৈতিকতা প্রসঙ্গে. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.

পৃ. ২২১-২২২, ২২৪.
মানুষের নীতিবোধের বৈজ্ঞানিক ভিত্তির আলোচনা করা হয়েছে এই সম্পাদকীয়টিতে।

36. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ৭-৮.
বিগত দশ বছরে মানবমন পত্রিকা যে জাতীয় বিষয় পাঠকদের কাছে তুলে ধরেছে সেই বিষয়ে আলোচনা আছে—সম্পাদকীয় বিভাগে। সামাজিক পরিবর্তন আনতে গেলে যে সেই সংগ্রামের প্রস্তুতি দরকার তা সম্পাদক মহাশয় আর একবার তুলে ধরেছেন সম্পাদকীয়তে।

37. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ৭১-৭২.
সমাজ পরিবর্তন ও ক্ষমতা হস্তান্তরের পরে বিপ্লবোত্তর সমাজে তা টিকিয়ে রাখার জন্য যে সাংস্কৃতিক বিপ্লবের প্রয়োজন হয় এই সম্পাদকীয় তারই আলোচনা করেছে।

38. সম্পাদকীয় : সাম্প্রতিক সঙ্কটের উৎসসন্ধানে. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ১৪৯-১৫২.
তৎকালীন সময়ের যে সমস্ত সামাজিক সঙ্কট যেমন ব্যক্তিহত্যা-ব্যক্তিসন্ত্রাস, যুদ্ধবিগ্রহ ইত্যাদি বিষয়ে আলোচনা করেছেন সম্পাদক।

39. সম্পাদকীয় : পাভলভ স্মরণে. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২২৫.
ইভান পেত্রভিচ পাভলভের ১২২তম জন্মদিবস উপলক্ষ্যে পাভলভকে স্মরণ করে এই সম্পাদকীয়টি লেখা হয়েছে।

40. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ১ (জানুয়ারী-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ৫-৬.
বাংলাদেশের স্বাধীনতা-সংগ্রামের মনস্তত্ত্ব বাংলাদেশের মুক্তিযুদ্ধকে মার্কসীয়-মনস্তাত্ত্বিক দৃষ্টিভঙ্গী নিয়ে এই সম্পাদকীয় কলমে আলোচনা করেছেন সম্পাদক মহাশয়।

41. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ৬৭.
মানবজাতির অস্তিত্বের সংকট পত্রিকার এই সংখ্যার সম্পাদকীয়র বিষয়বস্তু। মানবজাতি বুর্জোয়া স্বার্থ চরিতার্থ করতে যেভাবে ভয়ংকর অতি-জাতীয়তাবাদী কার্যকলাপে জড়িয়ে পড়েছে তাতে চিন্তিত সম্পাদক

মহাশয় বলছেন, ''সমাজতান্ত্রিক ব্যবস্থায় প্রজাতিরক্ষণ প্রকৃতি ও আত্মরক্ষা প্রবৃত্তিকে সমন্বিত করতে না পারলে মানবজাতির লুপ্ত হয়ে যাবার সম্ভাবনাকে বুর্জোয়া দার্শনিকদের অলীক কল্পনা বলে উড়িয়ে দেওয়া চলবে না।''

42. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ১৩৯-১৪০.
তৎকালীন সমাজে তরুণ প্রজন্মের ভাবনা চিন্তা, তাদের কার্যধারা থেকে ভবিষ্যত প্রজন্মের গতিপ্রকৃতি বোঝা এই সম্পাদকীয়র বক্তব্য।

43. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৩৫-২৩৬.
'মানবমন'-র এই সংখ্যাটির সম্পাদকীয় রচিত হয় ইভান পেত্রভিচ পাভলভের ১২৩-তম জন্মদিনে তাঁকে শ্রদ্ধা জানিয়ে।

44. সম্পাদকীয় : যুদ্ধের আবেশ. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ৩-৪.
সাম্রাজ্যবাদী শক্তি একচেটিয়া পুঁজিপতিদের উদ্বুদ্ধ করে প্রধানত মার্কিন যুক্তরাষ্ট্র পৃথিবীতে তৃতীয় বিশ্বযুদ্ধের পটপ্রেক্ষিত প্রস্তুত করছে।

45. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ৭৩-৭৪.
মানবমন পত্রিকার দীর্ঘ বারো বছরের ক্রিয়াকলাপ এবং ভবিষ্যত অঙ্গীকার এখানে লিপিবদ্ধ হয়েছে।

46. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১৫১-১৫২.
এই সংখ্যাটি 'হিস্টিরিয়া' সম্পর্কে বিশেষভাবে তৈরি। তাই হিস্টিরিয়া নিয়ে সম্পাদক নিজের মতামত তুলে ধরেছেন।

47. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২২৭-২৩২.
পাভলভের ১২৫-তম জন্মদিবস, গণহিস্টিরিয়া-গণমাধ্যম, প্রগতি ও পরিবর্তন ইত্যাদি শিরোনামে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

48. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২২৭-২৩২.
পাভলভের ১২৫তম জন্মদিবস উপলক্ষ্যে বিশিষ্ট মানুষজনদের সমাবেশের খবর। আরও রয়েছে গণহিস্টিরিয়া-গণমাধ্যম এবং প্রগতি ও পরিবর্তন সম্পর্কিত তাত্ত্বিক মনস্তাত্ত্বিক আলোচনা।

49. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ৭-১৪.
এই সংখ্যার সম্পাদকীয়টি মানবমন পত্রিকায় প্রকাশিত পুরাতন কয়েকটি নিবন্ধের পর্যালোচনা।

50. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ৬৯-৭২.
আন্তর্জাতিক নারীবর্ষে বিভিন্ন দেশের নারীমুক্তি আন্দোলনের বিবরণ ও আলোচনা যে এই সংখ্যার প্রধান বিষয়বস্তু তা এই সম্পাদকীয়তে বর্ণনা করা হয়েছে।

51. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. [উল্লেখ নেই].
কবি অরুণাচল বসুর স্মরণে এই সম্পাদকীয় লিখিত।

52. সম্পাদকীয় : মস্তিষ্ক বিজ্ঞানের অগ্রগতি. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৭-৮.
মস্তিষ্ক বিজ্ঞানের গবেষণার অগ্রগতি নিয়ে আলোচনা হয়েছে।

53. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৭১-৭২.
বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যায় মার্কিন যুক্তরাষ্ট্রের উন্নতি নিয়ে এই সম্পাদকীয় রচিত।

54. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১৪১.
স্কিজোফ্রেনিয়া রোগের বিষয়ে এই সম্পাদকীয় লিখিত।

55. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.

পৃ. ৫-৬.
আত্মহত্যার গবেষণা ও আলোচনা নিয়ে এই সম্পাদকীয় রচিত।

56. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১৬, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ৭১.
আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের স্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করা হয়েছে।

57. সম্পাদকীয় : পাভলভ দিবস. – মানবমন. – বর্ষ ১৬, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ২৬৯.
পাভলভ দিবসের অনুষ্ঠান নিয়ে এই সম্পাদকীয় রচিত।

58. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১৭, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৮.
পৃ. ৭.
সম্পাদকের এই সম্পাদকীয়টি খুব বেশীমাত্রায় প্রাসঙ্গিক। বর্তমান ভারতের এর প্রাসঙ্গিকতা অটুট। আঞ্চলিক সাম্প্রদায়িকতা, বুর্জোয়া সভ্যতার অতি-আধুনিক প্রবণতা, অলৌকিকতা, গুরুবাদী নির্ভরতা এই সম্পাদকীয়র আলোচ্য বিষয়।

59. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ১৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৮.
পৃ. ১৩৮.
ডাঃ জ্যোতির্ময় শর্মার স্মরণে এই সম্পাদকীয় লিখিত হয়েছে।

60. সম্পাদকীয় : সংহতির অন্তরায়. – মানবমন. – বর্ষ ১৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৯.
পৃ. ৩-৪.
জাতীয় সংহতির প্রধান অন্তরায় সাম্প্রদায়িকতা নিয়ে এই সম্পাদকীয় রচিত।

61. সম্পাদকীয় : শিশুবর্ষের ভাবনাচিন্তা. – মানবমন. – বর্ষ ১৮, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৯.
পৃ. ৬৩-৬৬.
শিশুবর্ষের বিশেষ সংখ্যা এটি।

62. সম্পাদকীয় : সংহতির সংকট আঞ্চলিক বিচ্ছিন্নতা. – মানবমন. – বর্ষ ১৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮০.
পৃ. ৩-৫.

ভারতীয় যুক্তরাষ্ট্রের কাঠোমো এবং সেক্ষেত্রে আঞ্চলিক বিচ্ছিন্নতা নিয়ে আলোচনা করা হয়েছে।

63. সম্পাদকীয় : প্রথম সংখ্যার ভূমিকা. – মানবমন. – বর্ষ ১৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮০.
পৃ. ৬৮-৭০.
এই সম্পাদকীয়টিতে ১৯৬১ সালে প্রথম প্রকাশিত মানবমন পত্রিকার প্রথম সংখ্যার ভূমিকাটি তুলে ধরা হয়েছে।

64. সম্পাদকীয় : অভিনন্দন. – মানবমন. – বর্ষ ১৯, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮০.
পৃ. ১৩৭-১৩৮.
পত্রিকার এই সংখ্যাটি শ্রী গোপাল হালদারের স্মৃতিতে উৎসর্গীকৃত।

65. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ২১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮২.
পৃ. [উল্লেখ নেই].
'মানবমন' পত্রিকার বেড়ে ওঠার কাহিনী ও প্রকাশনার সমস্যা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

66. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ২১, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮২.
পৃ. [উল্লেখ নেই].
যুদ্ধ, প্রজাতি সংরক্ষণ, বিচ্ছিন্নতা–বিভিন্ন বিষয়ক গুরুত্ব দিয়ে সম্পাদকীয় লিখিত।

67. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ২১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮২.
পৃ. ১৫৫-১৫৬.
মানুষের সৃষ্টির সময়কাল এবং ধবংসের পথে উন্মুখ মারণাস্ত্রের সম্ভার নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

68. সম্পাদকীয় : মৃত্যুশতবার্ষিকীর ইস্তাহার. – মানবমন. – বর্ষ ২২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৩.
পৃ. ৩-৪.
কার্ল মার্কসের মৃত্যুর শতবার্ষিকী নিয়ে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

69. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ২২, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৩.
পৃ. ৬৮-৬৯.
পরিবেশ দূষণ সংক্রান্ত এটি একটি বিশেষ সংখ্যা।

70. সম্পাদকীয় : মাধ্যমিক শিক্ষা-বিষয়ক আলোচনাচক্র. – মানবমন. – বর্ষ ২২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৩.
পৃ. ১৫৭-১৬১.
মাধ্যমিক শিক্ষা-বিষয়ক আলোচনাচক্র এই সম্পাদকীয়র বিশেষ বিষয়।

71. সম্পাদকীয় : নেমেসিস. – মানবমন. – বর্ষ ২৩, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৪.
পৃ. ৩-৪.
ব্যক্তিতে ব্যক্তিতে জৈবিক প্রয়োজন মেটাতে প্রতিদ্বন্দ্বিতা চরমে পৌঁছাবে এবং মানুষের প্রতি মানুষের আচরণে মানবিকতার সব নিদর্শনই ক্রমশ লুপ্ত হবে। এই ক্ষেত্রে শুভবুদ্ধিসম্পন্ন মানুষের ভূমিকা কি হবে? এই বিষয়ে এখানে আলোচনা করা হয়েছে।

72. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ২৩, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৪.
পৃ. ১৪১-১৪৩.
পত্রিকার ২৪ বছরের প্রকাশনার কাহিনীই পাঠকের সামনে তুলে ধরেছেন সম্পাদক।

73. সম্পাদকীয় ধর্মান্ধতা ও ধর্মনিরপেক্ষতা. – মানবমন. – বর্ষ ২৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৫.
পৃ. ৩-৪.
ভারতীয় সমাজের ধর্মান্ধতা ও ধর্মনিরপেক্ষতা নিয়ে এখানে আলোচনা হয়েছে।

74. সম্পাদকীয় : ধর্ম ও মনোরোগবিদ্যা. – মানবমন. – বর্ষ ২৪, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৫.
পৃ. ৬৭-৬৯.
ধর্মবিশ্বাস ও ধর্মাচরণের সঙ্গে মানসিক স্বাস্থ্যের সম্পর্ক নিয়ে এখানে বিজ্ঞানভিত্তিক আলোচনা করা হয়েছে।

75. সম্পাদকীয় : কলকাতা পাভলভ হাসপাতাল. – মানবমন. – বর্ষ ২৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৫.
পৃ. ১৫৯-১৬০.
‘কলকাতা পাভলভ হাসপাতালে’র উদ্বোধনী অনুষ্ঠান নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

76. সম্পাদকীয় : মানবমন-এর পঁচিশ বছর. – মানবমন. – বর্ষ ২৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৬.
পৃ. [উল্লেখ নেই].
মানবমন পত্রিকার পঁচিশ বছর অতিক্রান্ত হবার উপলক্ষ্যে এই সম্পাদকীয় রচিত।

77. সম্পাদকীয় : সন্ত্রাসের পটভূমি. – মানবমন. – বর্ষ ২৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৬.
পৃ. ৬৯-৭০.
সন্ত্রাসের বিশ্লেষণ করে এই সম্পাদকীয় রচিত।

78. সম্পাদকীয় : 'মানবমন'-এর পঁচিশ বছর. – মানবমন. – বর্ষ ২৫, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৬.
পৃ. ১৩৩-১৩৬.
মানবমন পত্রিকার পঁচিশ বছর উপলক্ষ্যে এই কর্মকান্ডের মূল্যায়ন।

79. সম্পাদকীয় : বিচ্ছিন্নতা ও বিপ্লব. – মানবমন. – বর্ষ ২৫, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৬.
পৃ. ২০৩-২০৬.
বিচ্ছিন্নতার অভিব্যক্তি বিপ্লবে—এই সম্পাদকীয় এই মত পোষণ করেছে।

80. সম্পাদকীয় : বিজ্ঞান মানসিকতা. – মানবমন. – বর্ষ ২৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৭.
পৃষ্টা ৫-৭.
সাধারণ মানুষের মধ্যে বিজ্ঞান সচেতনতা নিয়ে এই সম্পাদকীয় রচিত।

81. সম্পাদকীয় : নিউক্লিয়র যুগের বিচ্ছিন্নতা. – মানবমন. – বর্ষ ২৬, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৭.
পৃ. ৭২.
নিউক্লিয়র যুদ্ধের ফল বিচ্ছিন্নতা। সেই বিষয়েই এখানে আলোচনা করা হয়েছে।

82. সম্পাদকীয় : বিচ্ছিন্নতার মূর্ত. – মানবমন. – বর্ষ ২৬, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৭.
পৃ. ২০৩-২০৪.
মানবসমাজে বিচ্ছিন্নতা কতটা ভয়াবহ আকার ধারণ করতে পারে এখানে তা নিয়েই আলোচনা করা হয়েছে।

83. সম্পাদকীয় : প্রজাতি সংরক্ষণ. – মানবমন. – বর্ষ ২৭, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৮.
পৃ. ৭-৮.
মানবপ্রজাতিকে সংরক্ষণের বিষয়ে এই সম্পাদকীয় রচিত।

84. সম্পাদকীয় : ধর্ম প্রসঙ্গ. – মানবমন. – বর্ষ ২৭, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৮.

পৃ. ৬৯.
ধর্ম প্রসঙ্গে এই সম্পাদকীয় রচিত।

85. সম্পাদকীয় : যদা যদা হি ধর্মস্য গ্লানির্ভবতি. – মানবমন. – বর্ষ ২৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৮.
পৃ. ১৩১-১৩৪.
যুব ও ছাত্র আন্দোলনের পটপ্রেক্ষিতে ধর্মান্ধতার বিষয়টি নিয়ে আলোচনা করা হয়েছে।

86. সম্পাদকীয় : ইভান পেত্রভিচ পাভলভ. – মানবমন. – বর্ষ ২৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৮.
ইভান পেত্রভিচ পাভলভ সম্পর্কে এই সম্পাদকীয় রচিত।

87. সম্পাদকীয় : পূর্ণকুম্ভে পুণ্যস্নান. – মানবমন. – বর্ষ ২৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৯.
পৃ. ৭-৮.
পূর্ণকুম্ভস্নান বিষয়ে এই সম্পাদকীয় লিখিত।

88. সম্পাদকীয় : বিচ্ছিন্নতা, নিষ্ক্রিয়তা, প্রতিষ্ঠান-বিরোধিতা. – মানবমন. – বর্ষ ২৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৯.
পৃ. ৭১-৭২.
বিচ্ছিন্নতা, নিষ্ক্রিয়তা ও প্রতিষ্ঠান বিরোধিতা নিয়ে এই সম্পাদকীয় লিখিত।

89. সম্পাদকীয় : বিপ্লব প্রসঙ্গ. – মানবমন. – বর্ষ ২৮, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৯.
পৃ. ১৩১-১৩৫.
ফরাসী বিপ্লব নিয়ে এই সম্পাদকীয় রচিত।

90. সম্পাদকীয় : বিচ্ছিন্নতা ও সাম্প্রদায়িকতা. – মানবমন. বর্ষ ২৮, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৮৯.
পৃ. ১৯৭-২০৮.
এই সম্পাদকীয়র আলোচ্য বিষয় বিচ্ছিন্নতা ও সাম্প্রদায়িকতা।

91. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ২৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯০.
পৃ. ৭-৮.
আশির দশকের মাঝামাঝি যে দুনিয়াব্যাপী পরিবর্তন এখানে সেই নিয়েই আলোচনা হয়েছে।

92. সম্পাদকীয় : আগামী দিনের সমস্যা. – মানবমন. – বর্ষ ২৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯০.
পৃ. ৭১-৭২.
ভবিষ্যতের সমস্যা নিয়ে এই সম্পাদকীয় আলোকপাত করেছে।

93. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ২৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯০.
পৃ. ১২৮-১২৯.
আগামী দিনের রাষ্ট্র ও সমাজের ভাঙাগড়া নিয়ে এই সম্পাদকীয় লিখিত।

94. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ২৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯০.
পৃ. ১৯৩-১৯৪.
'মানবমন' পত্রিকা সম্পর্কে পরিকল্পনা এখানে আলোচিত হয়েছে।

95. সম্পাদকীয় : একুশ শতকের দ্বারপ্রান্তে. – মানবমন. – বর্ষ ৩০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯১.
পৃ. ৭-৮.
প্রযুক্তিবিদ্যার তৃতীয় বিপ্লব মানব প্রজাতির পক্ষে শুভঙ্কর না ভয়ঙ্কর ভবিষ্যতের সূচনা করেছে এখানে তা নিয়েই আলোচনা করা হয়েছে।

96. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯১.
পৃ. ৬৯-৭০.
১৯১৭ থেকে ১৯৮৪ পর্যন্ত বিশ্বে যেসব উল্লেখযোগ্য ঘটনা ঘটেছে এখানে তার সংক্ষিপ্ত আলোচনা করা হয়েছে।

97. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯১.
পৃ. [উল্লেখ নেই].
মানবমন পত্রিকার তিরিশ বছর উপলক্ষ্যে এই সম্পাদকীয় লেখা হয়েছে।

98. সম্পাদকীয় : সন্ত্রাসবাদ. – মানবমন. – বর্ষ ৩০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯১.
পৃ. ১৯৯-২০০.
এখানে সন্ত্রাসবাদ নিয়ে আলোচনা করা হয়েছে।

99. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯২.
পৃ. ৭.
মানবমন পত্রিকার তিরিশ বছর পূর্তিতে স্মৃতিচারণ।

100. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : ইনস্টিটিউট, ১৯৯২.
পৃ. ৭১.
মানবমন পত্রিকার তিরিশ বছর পূর্তিতে যে সভা অনুষ্ঠিত হয়েছিল সেই নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

101. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯২.
পৃ. ১৩৩-১৩৫.
ধর্ম ও বিজ্ঞান নিয়ে এই সম্পাদকীয় রচিত।

102. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯২.
পৃ. ১৯৫-১৯৬.
এই সম্পাদকীয়তে জনবিস্ফোরণ ও পরিবেশ দূষণ সমস্যা নিয়ে আলোচনা হয়েছে।

103. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৩.
পৃ. ৭-৮.
যারা ব্যবসায়ী-স্বার্থ ছাড়া প্রকাশনা ব্যবসায় আসতে চান বা সেই মতাবলম্বী হয়ে প্রকাশনা চালাচ্ছেন, এখানে তাদের সমস্যা নিয়েই আলোচনা করা হয়েছে।

104. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৩.
পৃ. ৬৭-৬৯.
তরুণ বিজ্ঞানমনস্ক মানুষদের ভাবনাচিন্তার পরিসর নিয়ে এই সম্পাদকীয় লিখিত।

105. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৩.
পৃ. ১৩১-১৩৪.
জনসংখ্যা-বিস্ফোরণ ও পরিবেশ দূষণের সমস্যা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

106. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৩.
পৃ. ১৯৫-১৯৬.
রাজনৈতিক পার্টির অস্তিত্ব সম্পর্কে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

107. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৩, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৪.

পৃ. [উল্লেখ নেই].
এই সম্পাদকীয়র বিষয়বস্তু হালিশহর বিজ্ঞান পরিষদের কর্মীর আত্মহত্যা এবং কানোরিয়া জুট মিলের ঘটনা।

108. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৩, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৪.
পৃ. [উল্লেখ নেই].
'মানবমন' পত্রিকা পড়ার উপযোগিতা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

109. সম্পাদকীয় : কীসের তরে এই আয়োজন. – মানবমন. – বর্ষ ৩৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৪.
পৃ. ১৩০-১৩১.
জ্ঞানচর্চার প্রয়োজনীয়তা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

110. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৩, সংখ্যা ৪ (অক্টোবর–ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৪.
পৃ. ১৯৮-২০০.
জাতিগত সংরক্ষণের বিষয়ে এখানে আলোচনা করা হয়েছে।

111. সম্পাদকীয় : বর্ষ শেষের বক্তব্য. – মানবমন. – বর্ষ ৩৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট ১৯৯৫.
পৃ. ৩-৪.
বিগত বছরের চাওয়া-পাওয়া ও কর্তব্য-কর্ম নিয়ে এই সম্পাদকীয় রচিত।

112. সম্পাদকীয় : পাভলভ ইনস্টিটিউট কী চায়. – মানবমন. – বর্ষ ৩৪, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৫.
পৃ. ৬৭-৬৯.
পাভলভীয় চিকিৎসা-পদ্ধতির প্রসারের চেষ্টা নিয়ে এই সম্পাদকীয় রচিত।

113. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৪, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৫.
পৃ. ১৩১.
পত্রিকার পঁয়ত্রিশ বছরের আয়ুষ্কাল ও পাঠকের চাহিদা নিয়ে এই সম্পাদকীয় রচিত।

114. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৫.
পৃ. ১৯৮-২০০.
পাভলভের মস্তিষ্ক-বিজ্ঞানচর্চা এই সম্পাদকীয়র বিষয় ভাবনা।

115. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৬.
পৃ. ২.
বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার অগ্রগতি এই সম্পাদকীয়র আলোচ্য বিষয়।

116. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৬.
পৃ. ৬৭-৬৮.
বিশ শতকে বিশ্বের উন্নয়ন ও অগ্রগতি নিয়ে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

117. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৫, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৬.
পৃ. ১৩৯-১৪০.
একবিংশ শতাব্দীতে মানব সভ্যতায় কি কি পরিবর্তন আসতে পারে তার আগাম অনুমান করা হয়েছে এখানে।

118. সম্পাদকীয় : ভাঙ্গাগড়ার খেলা. – মানবমন. – বর্ষ ৩৫, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৬.
পৃ. ১৯৩-১৯৪.
বিশ্বব্রহ্মাণ্ডের আবহমানকাল থেকে যে ভাঙ্গাগড়ার খেলা চলছে তারই ছোট-খাট নিদর্শন এই সম্পাদকীয়তে আছে।

119. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৭.
পৃ. ৭-৮.
মানবমন পত্রিকা প্রকাশের উদ্দেশ্য এখানে আলোচিত।

120. সম্পাদকীয় : বিজ্ঞানের যুগ, বিজ্ঞানের দর্শন. – মানবমন. – বর্ষ ৩৬, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৭.
পৃ. [উল্লেখ নেই].
'বিজ্ঞানের যুগ' কথাটার তাৎপর্য ও দর্শন নিয়ে এই সম্পাদকীয় রচিত।

121. সম্পাদকীয় : বৈজ্ঞানিক সচেতনতা. – মানবমন. – বর্ষ ৩৬, সংখ্যা ৩ (জুলাই সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৭.
পৃ. ২-৩.
মানুষের বিজ্ঞান সচেতনতা নিয়ে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

122. সম্পাদকীয় : ভাঙ্গাগড়ার খেলা. – মানবমন. – বর্ষ ৩৬, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৭.
পৃ. ১৯৩-১৯৪.
বিশ্বব্রহ্মাণ্ডে আবহমানকাল থেকে যে ভাঙ্গাগড়ার খেলা চলছে, এই সম্পাদকীয় বক্তব্যে তারই ছোট-খাট নিদর্শন পাঠকদের সামনে তুলে ধরছে।

123. সম্পাদকীয় : জাহান্নামের নতুন নাম জেহানাবাদ. – মানবমন. – বর্ষ ৩৭, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৮.
পৃ. ৩-৪.
'নিষিদ্ধ' রণবীর সেনার তান্ডবে বিহারের জেহানাবাদের দুর্ঘটনা এই সম্পাদকীয়র বিষয়।

124. সম্পাদকীয় : আত্মহত্যা-সিনড্রোম. – মানবমন. – বর্ষ ৩৭, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৮.
পৃ. ৩-৪.
'মাঝবয়সীদের আত্মহত্যা-সিনড্রোম' নামক মানসিক রোগ নিয়ে এখানে আলোচনা হয়েছে।

125. সম্পাদকীয় : লক্ষ্যভ্রষ্ট বিজ্ঞান. – মানবমন. – বর্ষ ৩৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৮.
পৃ. ৩-৭.
বিজ্ঞানের আবিষ্কার পরমাণু বোমার ব্যবহার নিয়ে এই সম্পাদকীয় লেখা হয়েছে।

126. সম্পাদকীয় : ডাঃ ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৩৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৮.
পৃ. ২.
ডাঃ ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়ের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

127. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৯.
পৃ. ২.
মানুষের জীবনে হিংসা, সংঘর্ষ, আক্রামক আচরণের মতো সমস্যা বৃদ্ধি পাচ্ছে এই নিয়েই সম্পাদকীয় রচিত।

128. সম্পাদকীয় : সম্পাদকের দায়িত্ব, পাঠকের দায়. – মানবমন. – বর্ষ ৩৮, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৯.
পৃ. ২
'মানবমন' পত্রিকার বিষয়ে এই সম্পাদকীয় রচিত।

129. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৮, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর).– কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৯৯.
পৃ. ২.
ইভান পেত্রভিচ পাভলভ সম্পর্কে এই সম্পাদকীয় লিখিত।

130. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৩৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০০.
পৃ. [উল্লেখ নেই].
নতুন সহস্রাব্দে আশা, হতাশা, চিন্তা-চেতনার বিশ্লেষণ করা হয়েছে এই সম্পাদকীয়তে।

131. সম্পাদকীয় : ক্লিন্টন, গণমাধ্যম ও জনগণ. – মানবমন. – বর্ষ ৩৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০০.
পৃ. [উল্লেখ নেই].
বিল ক্লিন্টনের ভারত-সফর, সেই উপলক্ষ্যে গণমাধ্যমের প্রচার এবং এসবের থেকে বিচ্ছিন্ন থাকা ভারতীয় জনতার ভূমিকা কী সেই সম্পর্কে এই সম্পাদকীয় রচিত।

132. সম্পাদকীয় : মার্কসবাদের চর্চাকেন্দ্র . – মানবমন. – বর্ষ ৩৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০০.
পৃ. [উল্লেখ নেই].
ভারতবর্ষে একটা 'মার্কসবাদী চর্চাকেন্দ্রে'র প্রয়োজনীয়তা নিয়ে এই সম্পাদকীয় রচিত।

133. সম্পাদকীয় : রাজনীতি নয়, রাজনীতির অবশেষ. – মানবমন. – বর্ষ ৩৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০০.
পৃ. [উল্লেখ নেই].
রাজনীতি আমাদের বিষয় নয়, কিন্তু দেশের রাজনৈতিক দর্শন যখন বিপন্ন, রাজনৈতিক সংকট যখন ঘোর সামাজিক সংকটে পরিণত, তখন জনমানসের গভীরে তার সামগ্রিক প্রচ্ছায়া প্রলম্বিত নয়। আর তখন 'মানবমন'-এর উপর দায়িত্ব এসেই পড়ে কিছু বলবার। সেইসব কথাই এখানে বলা হয়েছে।

134. সম্পাদকীয় : ইন্টারনেট বুদ্‌বুদ্‌. – মানবমন. – বর্ষ ৪০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০১.
পৃ. [উল্লেখ নেই].
এই সংখ্যায় থাকছে 'বিশ্বায়ন' সম্পর্কে একগুচ্ছ লেখা। বিশ্বায়নের কর্ণধার 'ইন্টারনেট' সম্পর্কে এখানে আলোচনা করা হয়েছে।

135. সম্পাদকীয় : আন্তর্জাতিক মানসিক স্বাস্থ্যরক্ষা দিবস. – মানবমন. – বর্ষ ৪০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০১.
পৃ. [উল্লেখ নেই].
'আন্তর্জাতিক মানসিক স্বাস্থ্য দিবস' নিয়ে এই সম্পাদকীয়টি রচিত।

136. সম্পাদকীয় : মেসমারের বিচার. – মানবমন. – বর্ষ ৪০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০১.
পৃ. [উল্লেখ নেই].
বিজ্ঞানী মেসমারের বিচার নিয়ে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

137. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৪০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর).– কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০১.
পৃ. [উল্লেখ নেই].
অধ্যাপক ড্যানিয়েল পি. টোডস্কে নিয়ে এই সম্পাদকীয় রচিত হয়েছে।

138. সম্পাদকীয় : বন্ধ হোক সন্ত্রাসবাদ প্রতিরোধের নামে এই উৎপীড়ন. – মানবমন. – বর্ষ ৪১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০২.
পৃ. [উল্লেখ নেই].
সন্ত্রাস এবং সন্ত্রাসবাদী ছাড়া ভারতবর্ষের আর যেন কোনো সমস্যা নেই–এই ভাবনার সমালোচনা করেই এই সম্পাদকীয় রচিত হয়েছে।

139. সম্পাদকীয় : বিচারশীল আশাবাদ. – মানবমন. – বর্ষ ৪১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০২.
পৃ. [উল্লেখ নেই].
জনগণের দ্বারা সমাজপরিবর্তনের আশা এই সম্পাদকীয়র মূল বিষয়।

140. সম্পাদকীয় : গুজরাতের দাঙ্গা ও ভোগবাদী সমাজ. – মানবমন. – বর্ষ ৪১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০২.
পৃ. [উল্লেখ নেই].
গুজরাতে ঘটে যাওয়া দাঙ্গার বিশ্লেষণ করা হয়েছে এই সম্পাদকীয়তে।

141. সম্পাদকীয় : বিপ্লবীদের প্রতি. – মানবমন. – বর্ষ ৪১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০২.
পৃ. [উল্লেখ নেই].
আমাদের দেশে বিপ্লবী কান্ডে জড়িয়ে পড়ে বিপ্লবীরা যে ত্যাগ-স্বীকার করেন, কষ্ট-স্বীকার করেন এখানে সে বিষয়েই আলোচনা করা হয়েছে।

142. সম্পাদকীয় : মার্কস বনাম লেনিন. – মানবমন. – বর্ষ ৪২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৩.
পৃ. ৩.
মার্কসবাদ বনাম লেনিনবাদ নিয়ে কিছু মার্কসীয় বুদ্ধিজীবীদের যে দ্বন্দ্ব প্রস্তুত করার প্রবণতা, এখানে সেই বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে।

143. সম্পাদকীয় : মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ. – মানবমন. – বর্ষ ৪২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৩.
পৃ. [উল্লেখ নেই].
আমেরিকার ইরাক যুদ্ধের পরিপ্রেক্ষিতে এই সম্পাদকীয় রচিত।

144. সম্পাদকীয় : মেকলে প্যারাডাইম, হোয়াইট ম্যানস বার্ডেন. – মানবমন. – বর্ষ ৪২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৩.
পৃ. ২-৫.
এই সম্পাদকীয়র বিষয়বস্তু দুটি আলাদা। প্রথমটিতে প্যারাডাইম (প্যারাডাইম বলতে এখানে জীবনচর্চা

বা জীবনধারার ছাঁচের কথাই বলা হয়েছে) নিয়ে আলোচনা হয়েছে। দ্বিতীয়টিতে ইংরাজ ও আমেরিকার সাম্রাজ্যবাদী কার্যকলাপ নিয়ে আলোচনা হয়েছে।

145. সম্পাদকীয় : বাঙালি ও বাংলা ভাষা, হায় বার্ণার্ড, মুখুজ্যের সঙ্গে (গাঙ্গুলীর) আলাপ, ৬০০ জনের মৃত্যুর স্মরণে.– মানবমন. – বর্ষ ৪২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৩.
পৃ. ২-৫.
এই সম্পাদকীয়র বিষয় মূলত চারটি–(১) বাংলা ভাষা ও বাঙালি সম্পর্কে বুদ্ধিজীবীদের দুশ্চিন্তা; (২) বিজ্ঞানের মানুষের অবৈজ্ঞানিক ঈশ্বরচেতনা; (৩) কবি সুভাষ মুখোপাধ্যায়ের সঙ্গে ডাঃ ধীরেন্দ্রনাথ গাঙ্গুলীর হৃদ্যতা এবং (৪) জুলাই মাসের প্রথম দিকে বাংলাদেশের বর্ষায় ভরা নৌকাডুবিতে ৬০০ মানুষের সলিলসমাধি।

146. সম্পাদকীয় : এবার প্রয়োজন পরিবর্তনের. – মানবমন. – বর্ষ ৪৩, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৪.
পৃ. ২-৪.
বর্তমান সামাজিক-অর্থনৈতিক ব্যবস্থার পরিবর্তনের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করা হয়েছে।

147. সম্পাদকীয়. – মানবমন. – বর্ষ ৪৩, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৪.
পৃ. ২-৬.
কবি অরুণাচল বসুর শ্রদ্ধাঞ্জলি এই সম্পাদকীয়।

148. সম্পাদকীয় : জরা অকালজরা ও স্নায়ুরোগচিকিৎসা. – মানবমন. – বর্ষ ৪৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৪.
পৃ. ২-৫.
জরা অকালজরা এবং স্নায়ুরোগচিকিৎসা সংক্রান্ত এই সম্পাদকীয়।

149. সম্পাদকীয় : শিবরাম, লাল সালাম, সাম্রাজ্যবাদের রূপ. – মানবমন. – বর্ষ ৪৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৪.
পৃ. ২-৪.
শিবরাম চক্রবর্তীর মার্কসবাদ এবং সাম্রাজ্যবাদ নিয়ে এই সম্পাদকীয় রচিত।

150. সম্পাদকীয় : মানুষটির নাম জে. বি. এস. হলডেন. – মানবমন. – বর্ষ ৪৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৫.
পৃ. ২-৪.
জে. বি. এস. হলডেনকে উৎসর্গ করে এই সম্পাদকীয়টি লেখা হয়েছে।

151. সম্পাদকীয় : টমাস হেনরি হা'লি (১৮২৫-১৮৯৫). – মানবমন. – বর্ষ ৪৪, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৫.
পৃ. ২-৩.

টমাস হেনরি হা'লির স্মৃতিতে এই সম্পাদকীয় রচিত।

152. সম্পাদকীয় : বঙ্গভঙ্গ আন্দোলনের শতবর্ষ ও লোকসান. – মানবমন. – বর্ষ ৪৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৫.
পৃ. ২-৪.
বঙ্গভঙ্গ আন্দোলনের শতবর্ষ স্মরণে এই সম্পাদকীয় লেখা হয়েছে।

153. সম্পাদকীয় : কর্মহীন কারাগার. – মানবমন. – বর্ষ ৪৪, সংখ্যা ৪ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৫.
পৃ. ২-৫.
কারাগারের বন্দী জীবন নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

154. সম্পাদকীয় : উল্টে গিয়ে মানুষ হ্. – মানবমন. – বর্ষ ৪৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৬.
পৃ. ২-৪.
জীববিজ্ঞানের জটিলতম বিষয় মেরুদণ্ডী ও অমেরুদণ্ডী প্রাণীদের উদ্ভব, বিকাশ ও তাৎপর্য নিয়ে এই সম্পাদকীয় রচিত।

155. সম্পাদকীয় : আইনস্টাইনের মাতৃভাষা. – মানবমন. – বর্ষ ৪৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৬.
পৃ. ২-৩.
মাতৃভাষার গুরুত্ব সম্পর্কে এই সম্পাদকীয় লিখিত।

156. সম্পাদকীয় : অবোধের আক্ষেপ বা অক্ষমতার জ্বালা. – মানবমন. – বর্ষ ৪৫, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৬.
পৃ. ২-৩.
আমাদের দেশে বিজ্ঞান-চেতনা, 'এনসাইক্লোপেডিস্ট মুভমেন্ট'-এর অভাব এই লেখার প্রতিপাদ্য।

157. সম্পাদকীয় : নিউটনের রামধনু বনাম গ্যেটের বর্ণতত্ত্ব. – মানবমন. – বর্ষ ৪৫, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৬.
পৃ. ২-৪.
নিউটনের আলোকতত্ত্ব (optics) বিষয়ে মহাকবি গ্যেটের ভাবনা ও বিতর্ক এই লেখার বিষয়।

158. সম্পাদকীয় : মিনার্ভার প্যাঁচা. – মানবমন. – বর্ষ ৪৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৭.
পৃ. ২-৪.
কমিউনিস্ট ম্যানিফেস্টো নামক পুস্তিকাটি নিয়ে এই সম্পাদকীয় রচিত।

159. সম্পাদকীয়. – মানবমন.– বর্ষ ৪৬, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৭.
পৃ. ২-৩.
ত্রিয়রের মূর ও খন্যানের ভবানীচরণের মধ্যে মিলের জায়গাগুলি তুলে ধরেছে এই লেখা। এছাড়াও নন্দীগ্রামের আন্দোলন এই সম্পাদকীয়তে জায়গা করে নিয়েছে।

160. সম্পাদকীয় : মহাত্মাজীর (কৃষি) বিপ্লব. – মানবমন. – বর্ষ ৪৬, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৭.
পৃ. ২.
ভারতবর্ষের কৃষি বিপ্লব নিয়ে মহাত্মাগান্ধীর দৃষ্টিভঙ্গী এখানে তুলে ধরা হয়েছে।

161. সম্পাদকীয় : বড়ো সমস্যার বড়ো সমাধান. – মানবমন. – বর্ষ ৪৬, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৭.
পৃ. ২.
শ্রদ্ধেয় গোপাল হালদারের সঙ্গে কবিগুরুর কথোপকথন এই সম্পাদকীয়তে উঠে এসেছে।

162. সম্পাদকীয় : অনুধাবন সংক্রান্ত সমস্যা. – মানবমন. – বর্ষ ৪৭, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৮.
পৃ. ২-৩.
এই সম্পাদকীয়তে ছাত্রজীবনে যুক্তিবিজ্ঞানের প্রভাব নিয়ে আলোচনা করা হয়েছে।

163. সম্পাদকীয় : য়ুটোপীও সমাজগঠনের ভাবনা. – মানবমন. – বর্ষ ৪৭, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৮.
পৃ. ২-৩.
এখানে য়ুটোপীও সমাজ গঠনের আলোচনা করা হয়েছে।

164. সম্পাদকীয় : য়ুটোপীয়া-ফিরে দেখা. – মানবমন. – বর্ষ ৪৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৮.
পৃ. ২-৩.
সমাজতন্ত্র কতটা য়ুটোপীয়া সে বিষয়ে এখানে আলোচনা করা হয়েছে।

165. সম্পাদকীয় : মার্কসবাদী বিজ্ঞানী কোসাম্বী. – মানবমন. – বর্ষ ৪৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৮.
পৃ. ২-৩.
মার্কসবাদী বিজ্ঞানী দামোদর ধর্মমান্দ কোসাম্বী সম্পর্কে এই সম্পাদকীয়তে আলোচনা করা হয়েছে।

166. সম্পাদকীয় : মানুষটির নাম ডারউইন. – মানবমন. – বর্ষ ৪৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৯.
পৃ. ২-৬.

চার্লস ডারউইনকে নিয়ে এই সম্পাদকীয় লিখিত।

167. সম্পাদকীয় : বিজ্ঞানীর ধর্ম. – মানবমন. – বর্ষ ৪৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৯.
পৃ. ২-৩.
চার্লস ডারউইনের বিজ্ঞানের ভাবনা নিয়ে এই সম্পাদকীয় রচিত।

168. সম্পাদকীয় : সমুদ্রদানবের গর্জন. – মানবমন. – বর্ষ ৪৮, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৯.
পৃ. ২-৩.
ডারউইন 'অরিজিন অব স্পিসিজ' গ্রন্থে একপ্রকার ভালুকের কথা বলেছিলেন যার আচার আচরণ অনেকটা তিমির মতো। এই বিষয়ে তিনি যেভাবে বিদ্রুপের শিকার হয়েছিলেন সে সম্পর্কে এখানে আলোচনা করা হয়েছে।

169. সম্পাদকীয় : পাখা পেল মানবমন. – বর্ষ ৪৮, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০০৯.
পৃ. ২-৪.
মানবমনের বিকাশের তুলনীয় জীবজগতে, প্রকৃতির ইতিহাসে আর এমন কোনো বিকাশের ঘটনা আছে কিনা তা এই সম্পাদকীয়তে খুঁজে দেখার চেষ্টা করা হয়েছে।

170. সম্পাদকীয় : হেগেলের কাছে মার্কসের ঋণ. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ২-৪.
মার্কসের ওপর দার্শনিক হেগেলের প্রভাব এই সম্পাদকীয়র আলোচ্য বিষয়।

171. সম্পাদকীয় : পাভলভ ভবনের উদ্বোধন. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ২.
পাভলভ ইনস্টিটিউটের স্থায়ী আবাসস্থল 'পাভলভ ভবন'-এর উদ্বোধনের সংবাদ এখানে দেওয়া হয়েছে।

172. সম্পাদকীয় : অবশেষে স্বীকৃতি এল. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ২.
ডাঃ অজিতা চক্রবর্তীর লেখা গ্রন্থ *My life as a Psychiatrist*-এ মনোরোগ বিশেষজ্ঞ ডাঃ ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়কে যে স্বীকৃতি দেওয়া হয়েছে, এখানে সেই বিষয়ে আলোচনা করা হয়েছে।

173. সম্পাদকীয় : উন্নয়নের পরমোদ্দেশ্য. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.

পৃ. ২.
উন্নয়নের পরমোদ্দেশ্য কি হওয়া উচিত এই সম্পাদকীয়তে সেই বিষয়ে আলোচনা করা হয়েছে।

174. সম্পাদকীয় : 'মানবমন'-এর পঞ্চাশ বছর. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ২.
'মানবমন' পত্রিকার পঞ্চাশ বছরের মূল্যায়ন এটি।

175. সম্পাদকীয় : বইমেলায় হাসিবুল. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল–জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ২-৩.
কলকাতা বইমেলার অভিজ্ঞতা নিয়ে এই সম্পাদকীয় রচিত।

176. সম্পাদকীয় : দুই পাখি. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ২-৩.
গায়ক পাখি, পাখির গান, পাখিদের ভাষার সঙ্গে তাদের স্বাধীনতার সম্পর্ক নিয়ে সম্পাদকীয় রচিত।

177. সম্পাদকীয় : শতবর্ষে ধীরেন্দ্রনাথ. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ২-৩
প্রতিষ্ঠানের প্রাণপুরুষ ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়ের শতবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধাঞ্জলি।

178. সম্পাদকীয় : ইহকালে পরকাল. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২.
মার্কসীয় আন্দোলন ও তার বিফলতার কারণগুলি নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

179. সম্পাদকীয় : জন্মশতবর্ষে হেমাঙ্গ বিশ্বাস. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২.
হেমাঙ্গ বিশ্বাসের জন্মশতবর্ষে তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলি।

180. সম্পাদকীয় : স্বীকারোক্তি. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২.
আমাদের সামাজিক বিভেদ নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

181. সম্পাদকীয় : ইতিহাস ও হেগেল.– মানবমন.– বর্ষ ৫১, সংখ্যা ৪.– কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২-৩.
ইতিহাস রচনা এবং দার্শনিক হেগেলের দৃষ্টিতে ইতিহাস-এর আলোচনা এখানে স্থান পেয়েছে।

182. সম্পাদকীয় : মার্কস ও মিরর নিউরনস. – মানবমন. – বর্ষ ৫২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৩.
পৃ. ২-৩.
কেমন করে ভাববাদীরা সক্রিয় অংশগ্রহণ ব্যতীত ব্যক্তিমনকে সক্রিয় করে তুলতে পারে, আবেগাহিত করে তুলতে পারে, সমব্যথী মনোভাবে ভরপুর করে তুলতে পারে—এই বিষয়ে সাম্প্রতিককালের স্নায়ুবিজ্ঞানের গবেষণা ও আবিষ্কার, মার্কসের মতামতকেই সমর্থন জানাচ্ছে। এই আবিষ্কার হল গুরু ও লঘু মস্তিষ্কে 'মিরর নিউরনস'-এর দেখা পাওয়া।

183. সম্পাদকীয় : পুঁজি বনাম পুঁজিবাদ. – মানবমন. – বর্ষ ৫২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৩.
পৃ. ২-৩.
মার্কস *Capital*-এ লিখেছিলেন কেমন করে মানবসভ্যতায়, মানবশ্রমে গঠিত বৈজ্ঞানিক মানবতাবাদ দিয়ে পুঁজির আধিপত্যকে খর্ব করা যায়। অন্যথায় পুঁজিবাদ সম্পর্কে মার্কসের কোন মাথাব্যথা ছিল না।

184. সম্পাদকীয় : শাহবাগ আন্দোলন. – মানবমন. – বর্ষ ৫২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৩.
পৃ. ২.
ঢাকার শাহবাগ আন্দোলন নিয়ে সম্পাদকীয় লেখা হয়েছে।

185. সম্পাদকীয় : ব্যক্তি বনাম সমষ্টি. – মানবমন. – বর্ষ ৫২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৩.
পৃ. ২.
মানুষের ব্যক্তিচেতনা ও সমষ্টিচেতনা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

186. সম্পাদকীয় : বন্দুকের নল ও রাজনৈতিক ক্ষমতা. – মানবমন. – বর্ষ ৫৩, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ).– কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৪.
পৃ. ২.
বর্তমান দেশের রাজনৈতিক দুরাবস্থার আলোচনা করা হয়েছে।

187. সম্পাদকীয় : বিপ্লবী বুদ্ধিজীবী. – মানবমন. – বর্ষ ৫৩, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৪.
পৃ. ২.
বিপ্লবী বুদ্ধিজীবী বলতে এখানে সেই মধ্যবিত্ত জনগোষ্ঠীকে বোঝানো হয়েছে যারা আন্তরিকভাবে বিশ্বাস

করে রাষ্ট্রের দ্বারা ব্যক্তিগত সম্পত্তির অধিকারের বিলোপ হওয়া উচিত। এখানে এই বিষয়েই আলোচনা করা হয়েছে।

188. সম্পাদকীয় : যে মৃত্যু দাগ রেখে যায়. – মানবমন. – বর্ষ ৫৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৪.
পৃ. ২.
সাপের কামড়ে মৃত্যু নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

189. সম্পাদকীয়.– মানবমন.– বর্ষ ৫৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর).– কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৪.
প. ২.
স্বামী বিবেকানন্দকে নিয়ে এই সম্পাদকীয় রচিত।

190. সম্পাদকীয় : সৃজনশীল ভাবনা ও মার্কসবাদ. – মানবমন. – বর্ষ ৫৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৫.
পৃ. ২-৩.
সমসাময়িক সৃজনশীল ভাবনা ও তার পরিপ্রেক্ষিতে মার্কসবাদ-এর অবস্থান নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

191. সম্পাদকীয় : তোমার সৃষ্টির পথ রেখেছো আকীর্ণ করি. – মানবমন. – বর্ষ ৫৪, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৫.
পৃ. ২.
বিজ্ঞানী পাভলভের স্মরণে এ সম্পাদকীয় রচিত।

192. সম্পাদকীয় : কৃষকের আত্মহত্যা. – মানবমন. – বর্ষ ৫৪, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৫.
পৃ. ২.
ভারতবর্ষের কৃষক আত্মহত্যার সমস্যা নিয়ে এই সম্পাদকীয় আলোচিত।

193. সম্পাদকীয় : আসফা খাতুনের গাথা. – মানবমন. – বর্ষ ৫৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৫.
পৃ. ২.
আলিপুর মহিলা সংশোধনাগারের এক মহিলা বন্দীর সংক্ষিপ্ত গাথা।

194. সম্পাদকীয় : পশ্চাতে রেখেছো যারে. – মানবমন. – বর্ষ ৫৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৬.
পৃ. ২-৪.
মানুষ হিসাবে যারা উন্নত শিক্ষা, স্বাস্থ্যের, সমানাধিকারের খোঁজ পায়নি, আজ তাদের প্রতিশোধে বিশ্ব কম্পমান।

195. সম্পাদকীয় : লিটল ম্যাগাজিন মেলা. – মানবমন. – বর্ষ ৫৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৬.
পৃ. ২-৩.
রবীন্দ্রসদন, নন্দন-আকাদেমি চত্বরে যে লিটল ম্যাগাজিন মেলা হত তার সুবিধা-অসুবিধা নিয়ে লেখা হয়েছে।

196. সম্পাদকীয় : এ রাজ্যে বামপন্থীদের বিপর্যয়. – মানবমন. – বর্ষ ৫৫, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৬.
পৃ. ২-৩.
পশ্চিমবঙ্গে নির্বাচনে বামপন্থী রাজনৈতিক দলগুলির সার্বিক বিপর্যয়ের চিত্র তুলে ধরা হয়েছে।

197. সম্পাদকীয় : জনগণমন. – মানবমন. – বর্ষ ৫৫, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৬.
পৃ. ২-৩.
সমাজবাদী আন্দোলন এবং উগ্রজাতীয়তাবাদ নিয়ে আলোচনা করা হয়েছে।

198. সম্পাদকীয় : কৃষকসমাজ ও বামফ্রন্ট. – মানবমন. – বর্ষ ৫৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৭.
পৃ. ২-৩.
পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আর তাদের সমর্থনের ভিত্তি কৃষকসমাজকে নিয়ে আলোচনা করা হয়েছে।

199. সম্পাদকীয় : অসম্পূর্ণ দেশপ্রেম. – মানবমন. – বর্ষ ৫৬, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৭.
পৃ. ২.
কেরালার কংগ্রেস নেতা শশী থারুরের লেখা 'An Era of Darkness' বইটি নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

200. সম্পাদকীয় : একটি দলিত মেয়ের কথা. – মানবমন. – বর্ষ ৫৬, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৭.
পৃ. ২.
মহিলা সংশোধনাগারে বন্দী একটি দলিত মেয়ের সংক্ষিপ্ত জীবনকাহিনী।

201. সম্পাদকীয় : সম্প্রতি আমার দেশ. – মানবমন. – বর্ষ ৫৬, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৭.
পৃ. ২-৩.
367. কৃত্রিম কাশি যন্ত্র/তরুণ চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ১৪৮.

শ্বাসনালীতে যদি কফ জমা হয় তখন সেই কফ বার করে দেবার একটি উপায় হচ্ছে কাশি। সেই ক্ষেত্রে রোগীকে সাহায্য করার জন্য সোভিয়েত ইউনিয়নে এক যন্ত্র উদ্ভাবিত হয়েছে যার নাম ''আইকারাস-২''।

368. প্রকৃতির প্রোটিনের কারখানা/তরুণ চট্টোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ২ (এপ্রিল-জুন). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ১৪৮-১৪৯.
আমরা জানি যে রিবোসোম কণিকাগুলি হচ্ছে জীবকোষের মধ্যে প্রোটিন উৎপাদনের কারখানা। এই ব্যাপার নিয়ে সোভিয়েত ইউনিয়নে আচার্য আলেকজান্দার স্পিরিনের নেতৃত্বে এক বিজ্ঞানী দল গবেষণা করে যাচ্ছেন।

369. অনু, জীবাণু ও মানুষ/বি. মুখার্জী. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ১৬১-১৬৬.
পরীক্ষামূলক গবেষণার অন্যতম দায়িত্ব হল জীবতন্ত্রের আন্তঃজগৎ ও মস্তিষ্কের মধ্যেকার আন্তঃসম্পর্ক অনুশীলন করা এবং বহির্জগৎ ও আন্তঃজগতের পারস্পরিক সম্পর্কের বিধিনিয়ম আবিষ্কার করা। এই নিয়ে লেখক আলোচনা করেছেন।

370. শারীরবৃত্ত ও মনোরোগবিদ্যার পারস্পরিক সম্বন্ধ বিশ্লেষণ/অজিত দেব. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ১৬৭-১৬৮.
শারীরবৃত্ত অধ্যয়ন করে বিভিন্ন দেহযন্ত্রের ক্রিয়া পদ্ধতি এবং বহুকোষযুক্ত প্রাণীর দৈহিক ক্রিয়াকলাপ কিভাবে নিয়ন্ত্রিত হয় তা জানা যায়। অন্যদিকে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের কাজ হল বাইরের উদ্দীপক ও দৈহিক ক্রিয়ার মধ্যে সামঞ্জস্য রক্ষা করা। পক্ষান্তরে স্বতন্ত্র স্নায়ুতন্ত্র দেহের অভ্যন্তরীণ নানা ক্রিয়ার মধ্যে সমতা স্থাপন করে। এই দুটি দেহযন্ত্রের মাধ্যমেই আমাদের মনোভাব পরিস্ফুট হয়।

371. ম্যা'মি গর্কী, লেনিন ও কার্ল মার্কস/তরুণ চট্টোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ১৬৯-১৭৫.
গর্কী, লেনিন ও মার্কসের প্রতি এটি লেখকের শ্রদ্ধাঞ্জলি।

372. সম্মোহন প্রসঙ্গে : পাভলভ ও ফ্রয়েড/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ১৭৬-১৮৬.
সম্মোহন প্রসঙ্গে এখানে পাভলভীয় ও ফ্রয়েডীয় মতামত তুলে এনেছেন লেখক।

373. আধুনিক বাংলা কবিতার সমীক্ষা/বিভুরঞ্জন গুহ. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.

পৃ. ১৮৭-১৯৬.
আধুনিক বাংলা কবিতার মূল্যায়ন করা হয়েছে এই প্রবন্ধে।

374. মনোবিদের ডায়েরি : জয়া কাহিনী/মনোবিদ. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিউট, ১৯৬৮.
পৃ. ১৯৭-২০০.
এটি একটি মনোরোগের বিশ্লেষণ কাহিনী।

375. অন্তিন মাকারেঙ্কো/এন. ফেরে ও ভি. বিলিনসন্. — মানবমন. বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২০১-২০৩.
মাকারেঙ্কোর শিক্ষা তত্ত্ব নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

376. ছেলে না মেয়ে/ইগর গোল্ডমান. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২০৩-২০৬.
ভাবীসন্তান ছেলে না মেয়ে এই বিষয়ে আন্দাজ করার বৈজ্ঞানিক ব্যাখ্যা এখানে করা হয়েছে।

377. পত্র প্রসঙ্গে/বাণী দত্ত. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২০৭-২১০.
পাঠকের চিঠির উত্তর দিয়েছেন লেখিকা।

378. কোষের জন্মকথা/শ্রীবৃদ্ধ. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২১১-২১৩.
সভ্যতার জন্মবৃত্তান্ত সম্বন্ধে এ প্রবন্ধে আলোচনা করা হয়েছে।

379. দেবদূতের ডানা/বিশু দাস. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২১৪-২১৬.
এটি একটি ছোট গল্প।

380. ভ্রূণ ও শিশুর মস্তিষ্কের বিকাশ/রুদ্রেন্দ্রকুমার পাল. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২৩৩-২৩৬.
ভ্রূণ থেকে মানবশিশুরূপে জন্মগ্রহণের সময় মানুষের মস্তিষ্কের যে পরিণত অবস্থা থাকে তার বিজ্ঞানভিত্তিক বিশ্লেষণ আছে এই নিবন্ধে।

381. মৃচ্ছকটিকম্/নৃপেন্দ্র গোস্বামী. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২৩৭-২৪৩.
'মৃচ্ছকটিকম্' সংস্কৃত নাটকটির পটভূমি ও প্রকৃতি ব্যাখ্যা করা হয়েছে এই নিবন্ধে।

382. লেনিন ও মানুষের সমস্যা/মার্ক মিতিন. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২৪৪-২৪৮; ২৭৩-২৮০.
লেনিন সবসময় জোর দিয়ে বলতেন, শ্রেণী-সংগ্রাম, প্রলেতারীয় একনায়কতন্ত্র, সমাজতান্ত্রিক বিপ্লব ও কমিউনিস্ট গঠনকার্যের মার্কসীয় তত্ত্বে সত্যিকারের বৈজ্ঞানিক ও যথার্থ বিপ্লবী মানবিকবাদই বিধৃত। এই মানবিকবাদের পরম লক্ষ্য হল মানুষ কর্তৃক মানুষের শোষণ ও উৎপীড়নের অবসান ঘটানো এবং সমাজের প্রত্যেকটি মানুষের মুক্ত এবং সর্বাঙ্গীন বিকাশের পথ খুলে দেওয়া।

383. স্বপ্ন প্রসঙ্গে : পাভলভ ও ফ্রয়েড/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২৪৯-২৬২.
স্বপ্ন প্রসঙ্গে এখানে লেখক পাভলভীয় ও ফ্রয়েডীয় ব্যাখ্যা তুলে ধরেছেন।

384. মার্কসবাদ ও বিজ্ঞানচেতনা/জ্যোর্তিময় চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২৬৩-২৬৬.
মার্কসবাদের অন্যতম সুপণ্ডিত প্লেখানভ বলেছেন তত্ত্ব বা থিয়োরী হিসাবে মার্কসবাদ একটি সম্পূর্ণ তত্ত্ব। মার্কসবাদ প্রধানত তত্ত্বমূলক। অবশ্য বলাবাহুল্য শুধুমাত্র তত্ত্বচিন্তাতেই এর শেষ নয়। মার্কসের তত্ত্বের সবচেয়ে বড়কথা হল, যে কোন বাস্তব অবস্থায় তার প্রয়োগ সম্ভব।

385. আধুনিক বাংলা কবিতার সমীক্ষা/বিভুরঞ্জন গুহ. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২৬৭-২৭২.
আধুনিক বাংলা কবিতা অনেক বেশ বাস্তববাদী। এখানে বাংলা কবিতার মূল্যায়ন করা হয়েছে।

386. মানুষের জীবনে চুম্বকের প্রভাব/বিশু দাস. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২৮১-২৮২.
মানুষের জীবনের চুম্বকের প্রভাব নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

387. স্বপ্নের সাহায্যে রোগনির্ণয়/ভিক্তর পপোভকিন. – মানবমন. – বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.

পৃ. ২৮২-২৮৪
মানুষের স্বপ্নের সাহায্যে তার রোগনির্ণয়ের বৈজ্ঞানিক পদ্ধতি নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

388. নিঃসন্তান জনক-জননীর পক্ষে আশার আলো/ভি. কাদ্‌ঝায়া. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২৮৪-২৮৬.
মহিলা এবং পুরুষের বন্ধ্যাত্ব নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

389. নিদ্রা ও নিদ্রাহীনতা/এম. মির্স্কি. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২৮৬-২৮৮.
মানুষের নিদ্রা ও নিদ্রাহীনতা নিয়ে বৈজ্ঞানিক গবেষণা সম্পর্কে বলা হয়েছে এখানে।

390. শিক্ষাসঙ্কট কেন এবং প্রতিকার কোথায়?/তরুণ চট্টোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ২৮৯-৩০১.
এই প্রবন্ধের মূল আলোচ্য বিষয় প্রধানত পুঁজিবাদের অন্তিম অধ্যায়ে আমেরিকা, ফ্রান্স, জার্মানী, ব্রিটেন প্রভৃতি দেশে ও ভারতে শিক্ষাসঙ্কট ও ছাত্রবিক্ষোভের কারণ এবং তার প্রতিকারের উপায়।

391. ছাত্রবিক্ষোভ ও বিশৃঙ্খলতা/দ্বিজেন্দ্রলাল গঙ্গোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ৩০২-৩০৬.
বৃহত্তর কলকাতার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-সমাজের শৃঙ্খলাহীনতার মনস্তাত্ত্বিক কারণ বিশ্লেষণের একটি সমীক্ষাপত্র এখানে পেশ করা হয়েছে।

392. শিল্পসাহিত্য সংক্রান্ত কয়েকটি জরুরী প্রশ্নোত্তর/বিষ্ণু দে ও নারায়ণ গঙ্গোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ৩০৮-৩১০.
'মানবমন'-এর তরফ থেকে শিল্পীসাহিত্যিকদের শিল্পগত দায়িত্ব সম্পর্কে শ্রী বিষ্ণু দে ও শ্রী নারায়ণ গঙ্গোপাধ্যায়কে কয়েকটি প্রশ্ন করা হয়েছিল। তাঁরা সেই প্রশ্নেরই উত্তর দিয়েছেন।

393. 'যুগান্ত' সম্পর্কে সম্পাদক মণ্ডলীর বিচার. — মানবমন. — বর্ষ ৭ সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ৩১১-৩১২.
'যুগান্ত' নাটক সম্পর্কে এখানে পর্যালোচনা করা হয়েছে।

394. যুগান্ত/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৭, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা :

পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৮.
পৃ. ৩১৩-৩৫৮.
এটি একটি পূর্ণাঙ্গ নাটক।

395. শিল্পসাহিত্য সংক্রান্ত কয়েকটি জরুরী প্রশ্নোত্তর/প্রেমেন্দ্র মিত্র ও নারায়ণ চৌধুরী. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারী-মার্চ). –কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯
পৃ. ৭-৮, ৬৭-৬৮.
শিল্পী-সাহিত্যিকদের শিল্পগত দায়িত্ব সম্পর্কে পত্রিকার তরফ থেকে শ্রী প্রেমেন্দ্র মিত্র ও নারায়ণ চৌধুরীর কাছে কিছু প্রশ্ন রাখা হয়। সেই প্রশ্ন এবং তার উত্তরগুলি আলোচ্য অংশে স্থান পেয়েছে।

396. সম্মোহন প্রসঙ্গ ঈয়ুংতত্ত্ব/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারী-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৯-১৬
ডা. সি. জে. ঈয়ুং-এর মনস্তাত্ত্বিক বিভিন্ন বিষয়ে আলোচনা এই প্রবন্ধের আলোচ্য বিষয়।

397. শিক্ষাসঙ্কট কেন এবং প্রতিকার কোথায়/তরুণ চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১৭-৩২
সোভিয়েত দেশে শিক্ষা ব্যবস্থার কৌশল ও বিভিন্ন সমস্যা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে। বিশেষভাবে স্থান পেয়েছে আন্তন সেমিয়নোভিচ্ মাকারেংকা-র মতবাদ।

398. বিজ্ঞান ও জন্মান্তরবাদ/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৩৩-৪৮
বিজ্ঞান সাধনা ও আধ্যাত্মিক ধর্মচেতনায় যুক্তিবিহীন বিশ্বাসের ফলাফল নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

399. হরগোবিন্দ খোরানা/জ্যোতির্ময় চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৪৯-৫০.
হরগোবিন্দ খোরানা কি ধরনের আবিষ্কারের জন্য নোবেল পুরস্কার পেয়েছিলেন এই প্রবন্ধে সেই বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে।

400. আপনি এবং আপনার প্রক্ষোভ/ওলেগ ক্রাইলভ. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৫১-৫৪.
এই প্রবন্ধে মানুষের প্রক্ষোভ (যথা উত্তেজনা, উদ্দীপনা, দুঃখ, প্রশংসা) ও তার পরিবর্তনের কারণসমূহ

নিয়ে আলোচনা করা হয়েছে।

401. পুস্তক সমালোচনা বৈদিক সমাজ ও সংস্কৃতি (নৃপেন্দ্র গোস্বামী). – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারী-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৫৪-৫৬.
অধ্যাপক নৃপেন্দ্র গোস্বামীর 'বৈদিক সমাজ ও সংস্কৃতি' গ্রন্থটির সমালোচনা করা হয়েছে উক্ত অংশটিতে।

402. পুস্তক সমালোচনা : *Subnormal Mind* (অজিত দেব). – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৫৬-৫৭.
ডা. অজিত দেব প্রণীত *Subnormal Mind* বইটির সমালোচনা করা হয়েছে।

403. পুস্তক সমালোচনা : মনের স্বাস্থ্য ও মনের বিকার (বিভুরঞ্জন গুহ). – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৫৭.
এই পুস্তক সমালোচনটিতে অধ্যাপক বিভুরঞ্জন গুহ কর্তৃক প্রণীত 'মনের স্বাস্থ্য ও মনের বিকার' গ্রন্থটির প্রকাশের সংবাদ দেওয়া হয়েছে।

404. পুস্তক সমালোচনা শিক্ষায় মনোবিজ্ঞানের কয়েক পাতা-১ম ও ২য় খণ্ড (বিভুরঞ্জন গুহ ও শান্তি দত্ত). – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৫৭.
উক্ত পুস্তক সমালোচনাটি 'শিক্ষায় মনোবিজ্ঞানের কয়েক পাতা' নামক দু'খণ্ডের পুস্তকটির সমালোচনা।

405. শিক্ষা মনস্তত্ত্বের নতুন নতুন দিক/এ. লিয়ন্তিয়েফ. – কলকাতা. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৫৮.
শিক্ষা-মনস্তত্ত্বের বিভিন্ন দিক নিয়ে এই প্রবন্ধে আলোচনা করা হয়েছে।

406. মনোবিদের ডায়েরী : জয়া কাহিনীর শেষ পর্ব/মনোবিদ. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৫৯-৬২.
মনোবিদের লেখা এই বিভাগে এবারে লেখাটি জুলাই ১৯৬৮-র 'মনোবিদের ডায়েরী'র শেষ অংশ। এখানে রোগীর প্রলাপের ও অস্বাভাবিক ব্যবহারের শারীরবৃত্তিক ব্যাখ্যা করছেন লেখক।

407. সৃষ্টিরহস্য/শ্রীবৃদ্ধ. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৬৫-৬৬.

জীবসৃষ্টির রহস্য সম্পর্কে বিজ্ঞানীদের ধ্যান-ধারণা এই রচনার উপজীব্য।

408. মৃচ্ছকটিকম্/নৃপেন্দ্র গোস্বামী. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৭৭-৮৯.
'মৃচ্ছকটিকম্' নাটকটি ও সেই নাটকের পুঙ্খানুপুঙ্খ আলোচনা করা হয়েছে এখানে।

409. শিল্পসাহিত্য সংক্রান্ত কয়েকটি জরুরী প্রশ্নোত্তর/সত্যপ্রিয় ঘোষ. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৯০-৯৩.
'মানবমন' পত্রিকার তরফ থেকে শিল্পী সাহিত্যিকদের শিল্পগত দায়িত্ব সম্পর্কে বিভিন্ন বুদ্ধিজীবীদের প্রশ্ন করা হয়। এই সংখ্যায় শ্রী সত্যপ্রিয় ঘোষের উত্তরগুলি ছাপা হয়েছিল।

410. নাগরিকীকরণ ও অন্যথাচরণ/কালিদাস বসু. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৯৪-১০০.
এই প্রবন্ধের আলোচনার বিষয় হল অন্যথাচরণ deviant behavior এবং সামাজিক ভূমিকা পালনে তার প্রভাব। নাগরিকীকরণ urbanization যেহেতু বিশ্বের অন্যতম প্রধান একটি লক্ষণ তাই এবিষয়েও এখানে আলোচনা হয়েছে।

411. সম্মোহন প্রসঙ্গ ইয়ুং ও উড়ন্তচাকী/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯
পৃ. ১০১-১০৭.
একটি চিঠির উত্তরে লেখক ইয়ুংঙ্গীয় সমষ্টি নির্জ্ঞানতত্ত্বের বিচার-বিশ্লেষণ করেছেন স্বপ্ন ও সম্মোহন প্রসঙ্গকে ধরে। ফ্রয়েড ও ইয়ুং বিভিন্ন লৌকিক ও অলৌকিক প্রতীক চিহ্নকে সমীক্ষা করেছেন—এর বিচারশীল আলোচনা আছে এই নিবন্ধে।

412. জীবন জোয়ারে/বিশু দাস. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১০৮-১০৯.
উক্ত প্রবন্ধটির আলোচ্য বিষয় 'চৌম্বক জীববিদ্যা' (Magnetic Biology) জীবদেহের ওপর চৌম্বকক্ষেত্রের প্রভাব নিয়ে এখানে আলোচনা হয়েছে।

413. মনোবিদের ডায়েরি 'গ' বাবুর কথা/মনোবিদ. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১১০-১১৬.
মনোবিদের ডায়েরির এই সংখ্যায় 'গ' বাবুকে উদ্দেশ্য করে মানুষের যৌনবিকারের আলোচনা করেছেন

মনোবিদ।

415. ক্রমোজম বিভ্রাট ও মানব ব্যাধি/সমর চক্রবর্তী. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১১৭-১১৯.
মানুষের ক্রমোজম ঘটিত যে সমস্ত ব্যাধিসমূহ আছে তা এই 'বিজ্ঞান সাময়িকী'র আলোচ্য বিষয়।

415. মস্তিষ্ক, অবস্থান-নিরূপণ ও প্রতিধ্বনি. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১১৯-১২০.
ওয়াশিংটনে অনুষ্ঠিত শারীরবৃত্তিক সম্মেলনে এরভানদ্ এরাপিতেয়াপ্তস্ মস্তিষ্ক, অবস্থান নিরূপণ ও প্রতিধ্বনি সম্পর্কিত সর্বশেষ পরীক্ষা নিরীক্ষা ও আবিষ্কারের বিষয়ে যে আলোচনা করেন সেই আলোচনাই এই বিজ্ঞান সাময়িকীতে স্থান পেয়েছে।

416. মানসিক অবস্থা নিয়ন্ত্রণের ঔষধ/পরিতোষ গুপ্ত. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১২০-১২৩.
অধ্যাপক ভাসিলিয়াভিচ্ পেরাকালিন ও তাঁর সহযোগী গবেষকগণ একটি মূল্যবান ঔষধ আবিষ্কার করেছেন, সেটির নাম ফেনিগামা (Phenigama)। এই ওষুধটির গুরুত্ব নিয়ে এই বিজ্ঞান সাময়িকীতে আলোচনা হয়েছে।

417. পেশা নির্ণয়ের পরীক্ষা কেন্দ্র/এ. মেন্দেলিয়েফ. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১২৩-১২৬.
কোনো রুশ প্রতিষ্ঠানে কর্মীদের কাজের পরিবেশ এবং অন্যান্য পেশায় নিযুক্ত সহকর্মীদের সাথে আন্তঃসম্পর্ক এই লেখার উপজীব্য। সামগ্রিকভাবে তা আগ্রহোদ্দীপক এবং এর অনুবাদও ঝরঝরে।

418. সাহিত্য ও কলার উপর ইলেক্ট্রনিক্স যুগের প্রভাব/তরুণ চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১২৭-১৩২.
এই প্রবন্ধটির মূল আলোচ্য বিষয় সাহিত্যের ক্ষেত্রে বিজ্ঞানের ভূমিকা কি? বিজ্ঞান ও কারুবিদ্যা যে সাহিত্যের রাজ্যে প্রবেশ করেছে তা কি অনধিকার চর্চা নাকি এটাই কাম্য বিষয়?

419. দেশে দেশে ছাত্ররোষ, গুরুদ্রোহিতা ও অননুগামিতা/কনাদ শর্মা. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১৩৩-১৫০.
সমগ্র বিশ্বব্যাপী বিভিন্ন দেশের যে ছাত্র বিক্ষোভ, ছাত্র আন্দোলন, প্রচলিত ব্যবস্থাকে ভুলুণ্ঠিত করে নতুন

সমাজ গড়ে উঠবে ছাত্রদের এই ভাবনার বিস্তার আলোচিত হয়েছে এই প্রবন্ধে।

420. রবীন্দ্রমানস বিশ্লেষণের ভূমিকা (২)/মনোবিদ. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১৫১-১৫৪.
লেখক রবীন্দ্রনাথের 'সোনার তরী' বিষয়ে এক জায়গায় বলেছিলেন, ''অতিপরিচিত সোনার তরী কবিতা চাষীর শ্রম বিচ্ছিন্নতা ও শ্রমোৎপন্ন ফসল থেকে বিচ্ছিন্নতার করুণ ছবি,''—এ সম্পর্কে বর্তমান প্রবন্ধে বিস্তারিত আলোচনা করেছেন লেখক।

421. মনোবিদের ডায়েরী প্রেম ও কাম/মনোবিদ. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১৫৭-১৬৪.
বিগত সংখ্যার মনোবিদের ডায়েরির পরবর্তী পর্ব এটি। এতে লেখক একজন শিল্পীর (যিনি সাহায্যপ্রার্থী) প্রেম ও কাম নিয়ে মনস্তাত্ত্বিক বিশ্লেষণ করেছেন।

422. মৃচ্ছকটিকম্ (পুনরাবৃত্তি)/নৃপেন্দ্র গোস্বামী. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১৬৫-১৭৭.
মৃচ্ছকটিকম্-এর কাহিনী এখানে বিধৃত হয়েছে।

423. জন্ম নিয়ন্ত্রণ : সেকাল ও একাল/পরিতোষ গুপ্ত. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১৭৮-১৮৫.
জন্ম নিয়ন্ত্রণের প্রশ্নটি বর্তমানকালে যেমন গুরুত্বপূর্ণ তেমনি প্রাচীনকালেও এই বিষয়ে যে ভাবনাচিন্তা হয়েছিল সেই বিষয়টিই ব্যক্ত আছে এই প্রবন্ধে।

424. ভারতে সমাজবিজ্ঞানের চর্চা গতি ও প্রকৃতি/কালিদাস বসু. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১৮৮-১৯২.
ভারতে সমাজবিজ্ঞানের চর্চার ইতিহাস নিয়ে আলোচনা হয়েছে এই প্রবন্ধে।

425. বাংলাভাষায় বিজ্ঞান-শিক্ষা/জয়ন্ত বসু. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ১৯৩-১৯৮.
বাংলাভাষার মাধ্যমে আধুনিক বিজ্ঞান শিক্ষার ঐতিহ্য এ প্রবন্ধের মূল আলোচ্য বিষয়।

426. কলমাস্পাদ নাটক. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.

পৃ. ১৯৯-২০৪, ২১৪-২১৯.
কলমাস্পাদ নাটকের অভিনয়কালীন সংযোজন-'প্রস্তাবনা' ও 'প্রলয়-নিরোধ পর্ব' এই সংখ্যায় মুদ্রিত হয়েছিল।

427. সম্মোহন প্রসঙ্গে ফ্রয়েডোত্তর স্বপ্ন-সমীক্ষা/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ২০৫-২১৩.
পূর্বে আলোচিত এই বিষয়ে অর্থাৎ ফ্রয়েডোত্তর স্বপ্ন সমীক্ষার এটি দ্বিতীয় অংশ। লেখক এখানে স্বপ্নের শারীরবিজ্ঞান সম্মত গুরুমস্তিষ্কের ব্যাখ্যা নিয়েছেন। জানিয়েছেন আধুনিক শারীরবিজ্ঞানের এই ব্যাখ্যার সঙ্গে ফ্রয়েডীয় স্বপ্ন-সমীক্ষার কোনো সম্পর্কে নেই।

428. দেহে মনের সংস্থান/রুদ্রেন্দ্রকুমার পাল. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ২৩৭-২৪১.
মানুষের দেহে মন কোন স্থান অধিকার আছে তা এই প্রবন্ধের আলোচ্য। বিজ্ঞান যে মনকে হৃদয়ের পরিবর্তে মস্তিষ্কে স্থান দিয়েছে এবং মাত্র কয়েক ঘন সেন্টিমিটার পরিমিত, মস্তিষ্কের কোন না কোন অংশে কত রূপে, কত সাজে, কত রূপে মনের ক্রিয়া অবিরত হচ্ছে তার বৈজ্ঞানিক আলোচনা এখানে করা হয়েছে।

429. কুট্টনীমতম্/নৃপেন্দ্র গোস্বামী. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ২৪২-২৪৯.
কুট্টনী-মতম্ কাব্যগ্রন্থটি প্রাচীন ভারতীয় গণিকা সমাজের একটি বিবরণ। এই কাব্যগ্রন্থটিই এখানে আলোচিত হয়েছে।

430. সমাজবিজ্ঞানের দৃষ্টিতে বাংলা ভাষায় বিজ্ঞান শিক্ষা সমস্যা ও সমাধান/কালিদাস বসু. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ২৫০-২৫৪.
বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার ক্ষেত্রে বিজ্ঞানের ভাষা কি হবে, কোন ছাঁচে লেখা হবে বিজ্ঞানের তত্ত্ব, তারই সমাজ বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকে আলোচনা করা হয়েছে।

431. সমাজের পরিপ্রেক্ষিতে ব্যক্তির মূল্যায়ন/বিভুরঞ্জন গুহ. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ২৫৫-২৫৮.
এই প্রবন্ধের আলোচ্য বিষয় হল বৈজ্ঞানিক পরিমাপে ব্যক্তির মূল্যায়ন বা sociometric evaluation। শিশুর সুস্থ বিকাশের সহায়ক হতে হলে শিক্ষককে জানতে হবে শিশুর সামাজিক পরিমণ্ডলকে এবং তার

সুপরিচালনা বা সংশোধন করতে হলে শিশুকে সমাজজীবনের পরিপ্রেক্ষিতে স্থাপন করে, তার গুণ-দোষ, সম্ভাবনা ও প্রকৃতির পরিমাণ করতে হবে। এ বিষয়ে বিশদ আলোচনা উক্ত প্রবন্ধে স্থান পেয়েছে।

432. মানবমনের ক্রমবিকাশ/মনোবিদ. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.

পৃ. ২৫৯-২৭৫.

মানবমনের ক্রমবিকাশের আলোচনায় পাভলভ ও ফ্রয়েড দুই ভিন্ন পথে হেঁটেছেন। এই প্রবন্ধে মানবমনের সেই ক্রমবিকাশের ধারণাকে তুলে ধরা হয়েছে।

433. ধর্ম প্রসঙ্গে লেনিন/গেরম্যান এক্কিন. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.

পৃ. ২৭৬-২৭৮.

ধর্ম সম্পর্কে কমরেড লেনিনের মতামত ও তৎসংলগ্ন সব ক্রিয়াকর্ম এখানে আলোচিত হয়েছে।

434. শ্রীঅরবিন্দের কবিতা/জ্যোতির্ময় চট্টোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.

পৃ. ২৭৯-২৮৫.

এই প্রবন্ধে কবিতা সম্পর্কে শ্রীঅরবিন্দের বক্তব্য আলোচিত হয়েছে। তার সঙ্গে তাঁর দার্শনিক, সামাজিক ও রাজনৈতিক মতবাদ খুব সংক্ষেপে আলোচিত হয়েছে।

435. সুপ্রজননতত্ত্বের লেনিনবাদের 'সার্চলাইট'/তরুণ চট্টোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.

পৃ. ২৮৬-২৯৬.

লেনিনীয় দ্বন্দ্ব সংঘাত পদ্ধতিকে ভিত্তি করে লেখক এখানে জীববিজ্ঞানদের গুরুত্বপূর্ণ বিষয় সুপ্রজনন তত্ত্ব, পরিব্যক্তি তত্ত্ব, জিনতত্ত্ব, নির্ধারণবাদ ইত্যাদির আলোচনা করেছেন। তিনি জানাতে চেয়েছেন আধুনিককালের এই ধরনের জীববিজ্ঞানের জ্ঞানচর্চায় দ্বন্দ্বতত্ত্ব এক গুরুত্বপূর্ণ পদ্ধতিতন্ত্র।

436. বৈজ্ঞানিক প্রযুক্তিগত বিপ্লব ও জনসমষ্টির স্বাস্থ্য/জি. ৎসারেগরোদৎসেফ. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.

পৃ. ২৯৭-২৯৮.

'বিজ্ঞান সাময়িকী' বিভাগে প্রকাশিত এই রচনাটির বিষয়বস্তু হল বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত বিপ্লবের আরও ব্যাপক ও গভীর বিকাশের সামাজিক স্বাস্থ্যগত পরিণতি কি ঘটছে ও ঘটতে যাচ্ছে।

437. বংশগতিবিদ্যা ও স্বাস্থ্য/কিরিল গ্রীনবার্গ. — মানবমন. — বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.

পৃ. ২৯৮-৩০০.

বংশগতি ও শিশুর স্বাস্থ্যে ক্রমোজোমের ভূমিকা নিয়ে এই 'বিজ্ঞান সাময়িকী'তে আলোচনা করা হয়েছে।

438. মার্‌ীয় আদর্শের পরিপ্রেক্ষিতে গান্ধীবাদ/নারায়ণ চৌধুরী. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৩০১-৩০৬.
মার্কসবাদী দৃষ্টিকোণ থেকে গান্ধীবাদী আদর্শের আলোচনা করা হয়েছে এই প্রবন্ধে।

439. বুদ্ধির মান/নিকোলাই মিনায়েভ. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৩০৮, ৩৪০-৩৪১.
বুদ্ধিবৃত্তির পরিমাপ আধুনিককালের মনস্তাত্ত্বিক চর্চা ও গবেষণার এক অতি গুরুত্বপূর্ণ বিষয়। এই বিষয়ে সমকালীন সোভিয়েত রাশিয়ায় সে গুরুত্বপূর্ণ চর্চা ও গবেষণা হয়েছে এটি তার এক সংক্ষিপ্ত রিপোর্ট।

440. নাটক ও ভূমিকা/কুইক্সট. – মানবমন. – বর্ষ ৮, সংখ্যা ৪ (বিশেষ অক্টোবর সংখ্যা). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৬৯.
পৃ. ৩০৯-৩৩৯.
এটি কুইক্সট বিরচিত পূর্ণাঙ্গ নাটক।

441. সাইকোড্রোমা ও জে. এল. মরেনো/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ৯-১২.
এই প্রবন্ধটি 'মানবমন' পত্রিকার 'চয়ন' নামক বিভাগে প্রকাশিত হয়েছিল। লেখক এই প্রবন্ধে অতি সংক্ষেপে সাইকোড্রোমোর সংজ্ঞা জ্ঞাপন করেছেন।

442. মানবজাতির খাদ্যসংস্থানের সমস্যা/এন. জাবলোৎস্কি. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৩-১৬.
এই প্রবন্ধটি 'বিজ্ঞান সাময়িকী' উপবিভাগের অন্তর্গত। পৃথিবীর জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে মানুষের যে খাদ্যসমস্যা বৃদ্ধি পাচ্ছে সেই বিষয়টিতে আলোকপাত করেছেন লেখক।

443. জনসংখ্যা বিস্ফোরণ ও ভারত/অতুলচন্দ্র চন্দ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৭-৩১.
ভারতবর্ষের জনসংখ্যা বৃদ্ধি ও সেই প্রসঙ্গে সরকারি, বেসরকারি ও বৈদেশিক মহলের বক্তব্য নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে এই প্রবন্ধটিতে।

444. রোগচিকিৎসায় বাক্ বা বাক্যের উপযোগিতা/সর্বাণীসহায় গুহ সরকার. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ৩২-৩৫.

রোগ চিকিৎসায় কথা এবং উৎসাহবর্ধক বাক্যের উপযোগিতা নিয়ে আলোচনা করা হয়েছে এই প্রবন্ধে।

445. শিক্ষায় শিশুর সর্বাঙ্গীণ বিকাশ কিঞ্চিৎবিচার/সুধীরচন্দ্র রায়. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ১ (জানুয়ারী-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ৩৬-৪৭.
আধুনিক শিক্ষাব্যবস্থায় শিশুর সর্বাঙ্গীণ বিকাশের ক্ষেত্র আলোচনাই হল এই প্রবন্ধের আলোচ্য বিষয়।

446. মনোবিদের ডায়েরি : মানুষ না উলঙ্গ উল্লুক/মনোবিদ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ৪৮-৫৬.
'মনোবিদের ডায়েরি' এই বিভাগে মানুষের নানা মানসিক সমস্যার মনস্তাত্ত্বিক বস্তুগত আলোচনা স্থান পেয়েছে।

447. শারীরবৃত্ত শিক্ষাবিস্তার প্রসঙ্গে/অজিত দেব. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ৫৭-৫৮.
'শারীরবৃত্ত' নামক বিষয়টির উদ্ভব ও সেই বিষয়টির পাঠ্যবিষয় হিসাবে উন্নয়ন–এই প্রবন্ধের আলোচ্য বিষয়।

448. সম্মোহন প্রসঙ্গে স্মৃতি-তত্ত্ব/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ৫৯-৬৪.
পাভলভীয় ভাবধারায় গুরুমস্তিষ্কে স্মৃতিশক্তির গবেষণায় যে তথ্যগুলি পাওয়া গেছে একে অত্যন্ত সহজ সরল করে লেখক হাজির করেছেন সাধারণ অবিশেষজ্ঞ পাঠকদের জন্য। এতে স্মৃতিশক্তি সম্পর্কে আমাদের যে ধারণা আছে এর মূল্যায়ন করতে পারবে পাঠক-পাঠিকারা।

449. লেনিন সরণি/নটবর নন্দী. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ৬৫-৮৮.
কমরেড লেনিনের শ্রদ্ধার্ঘ্যে রচিত এটি একটি পূর্ণাঙ্গ নাটক।

450. লেনিন ও বিজ্ঞানচিন্তা/কণাদ শর্মা. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ৮৯-৯৬.
লেনিন ও তাঁর বিজ্ঞান চিন্তা নিয়ে এই প্রবন্ধটি রচিত। লেনিন কিভাবে শিশু সোভিয়েত রাষ্ট্রে বিজ্ঞান আলোচনার প্রশস্ত রাস্তা তৈরি করেছিলেন তা এখানে আলোচিত হয়েছে।

451. অলিগোফ্রেনিয়া (অপরিণত মস্তিষ্ক) বিষয়ক গবেষণার ধারা/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ৯৭-১০১.
উক্ত প্রবন্ধটি অলিগোফ্রেনিয়া বিষয়ক গবেষণার একটি সংক্ষিপ্ত আলোচনা।

452. লেনিন ও গান্ধীজী/বুদ্ধদেব ভট্টচার্য. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১০২-১১২, ১৩৮-১৪০.
কমরেড লেনিন ও মহাত্মা গান্ধীকে নিয়ে এবং তাদের অবদান নিয়ে এই প্রবন্ধে আলোচনা করা হয়েছে।

453. লেনিনতুল্য আর কাউকে দেখিনি/আনাতোলি লুনাচার্স্কি. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১১৩-১১৪.
এখানে কমরেড লেনিনকে নিয়ে ব্যক্তিগত স্মৃতিচারণা করেছেন লেখক।

454. লেনিন ও জনশিক্ষা/এরভান্দ জাকারিয়ান্তস্. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১১৪-১১৬.
সোভিয়েত রাশিয়ার ভেঙে পড়া শিক্ষাব্যবস্থার সংস্কারসাধনে লেনিন যে ভূমিকা নিয়েছিলেন তা এই প্রবন্ধে আলোচিত হয়েছে।

455. জাতীয় ও আন্তর্জাতিক সংস্কৃতি প্রসঙ্গে লেনিন/জর্জি লোমিদদে. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১১৬-১১৯.
জাতীয় ও আন্তর্জাতিক সংস্কৃতি প্রসঙ্গে লেনিনীয় ভাবধারার টুকরো টুকরো বিষয়ের অতি সংক্ষিপ্ত মতামতের সমাবেশ। আলোচনা আছে 'আকৃতিতে জাতীয় উপাদানে গণতান্ত্রিক', 'জগন্মিত্রবাদের বিরোধিতা', 'ধর্মপ্রসঙ্গ', 'উপাসনার স্বাধীনতা,' 'প্রতিফলন তত্ত্ব', 'সমাজতান্ত্রিক সাহিত্য', 'নতুন মানুষগড়ার কাজ', 'সাহিত্যের চরিত্র' ইত্যাদি নিয়ে। লেখক শেষ করেছেন 'আধুনিক বাংলা কাব্যে লেনিনের প্রভাব নিয়ে।

456. ধর্ম প্রসঙ্গে লেনিন/ভি. আর্দাতোভ্স্ক. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১১৯-১২১.
ধর্ম সম্পর্কে এবং বিবেকের স্বাধীনতার সমস্যা সম্পর্কে লেনিনের মতামত নিয়ে এই প্রবন্ধে আলোচনা হয়েছে।

457. আমার জীবনে লেনিন/মির্জা তুর্সুন জাদা. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.

পৃ. ১২১-১২২.
লেখকের জীবনে লেনিনের এবং তাঁর কর্মের প্রভাব নিয়ে উক্ত প্রবন্ধটিতে আলোচনা হয়েছে।

458. ক্রম-বিকশিত বহু জাতিভিত্তিক সমাজতান্ত্রিক বাস্তবতার সাহিত্য/রুশ ফেডারেশন লেখক-কংগ্রেসে আলোচনা. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১২৩-১২৫.
সাহিত্যে জাতীয় চরিত্র ও আন্তর্জাতিকতাবাদ সম্পর্কিত আলোচনা। সঙ্গে রয়েছে তার প্রতিফলন তত্ত্ব ও নতুন মানুষ গড়ার কাজ। শেষ হয়েছে আধুনিক বাংলা কাব্যে লেনিনের প্রভাব দিয়ে।

459. শিল্প-সাহিত্য ও লেনিন/জি. কাশচিন. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১২৫-১২৬.
এই প্রবন্ধে সমাজতান্ত্রিক সমাজে শিল্প ও সাহিত্য কি ভূমিকা পালন করবে তা নিয়ে লেনিনের বক্তব্য আলোচিত হয়েছে।

460. আধুনিক বাংলা কাব্যে লেনিন/জ্যোতির্ময় চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১২৭-১৩১.
আধুনিক বাংলা সাহিত্যে লেনিনকে নিয়ে যে সমস্ত কবিতা লেখা হয়েছে সে বিষয়ে এই প্রবন্ধে আলোচনা হয়েছে।

461. সন্ন্যাস বা মৃগী রোগের প্রসঙ্গে/সর্বাণিসহায় গুহসরকার. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৩২-১৩৭.
এই প্রবন্ধে সন্ন্যাস বা মৃগী রোগ সম্বন্ধে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

462. লেনিন ও পাভলভ/সম্পাদক. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৪১-১৪৪.
লেনিন শতবার্ষিকী উপলক্ষ্যে সম্পাদক জানাচ্ছেন কেমন করে বিজ্ঞানী পাভলভ বিপ্লবী লেনিনের স্বপ্নকে স্বার্থক করেছিলেন।

463. লেনিন সরণি/নটবর নন্দী. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৫৩-১৬৫.
কমরেড লেনিনের শ্রদ্ধার্ঘ্যে রচিত একটি পূর্ণাঙ্গ নাটকের এটি দ্বিতীয় তথা শেষ কিস্তি।

464. লেনিন ও বিজ্ঞান/জ্যোতির্ময় চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৬৬-১৭১.
লেনিনবাদের দৃষ্টিভঙ্গীতে 'প্রয়োজন' বা necessity-র আলোচনা করেছেন লেখক।

465. 'সাইকো-অরথোপেডিক' কিনডারগার্টেন. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৭১.
পত্রিকার 'টুকিটাকি' অংশে 'সাইকো-অরথোপেডিক' কিন্ডারগার্টেন পদ্ধতি যার প্রতিষ্ঠাতা ভি. গিনিয়াবোভস্কি, সেই গবেষণার বিষয়টি নিয়ে অতি সংক্ষেপে আলোচনা করা হয়েছে।

466. উভলিঙ্গের লিঙ্গ পরিবর্তন. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৭১.
পত্রিকার 'টুকিটাকি' অংশে উক্ত রচনাটি স্থান পেয়েছে। আই ভি. গোলুভেবা [নিউরোপ্যাথলজি এ্যান্ড সিকিয়াট্রি জার্নাল, মস্কোণ্ণ-তে যে ৩১টি লিঙ্গ পরিবর্তনের ইতিহাস বিধৃত করেছিলেন তারই সংবাদ আছে উক্ত সংক্ষিপ্ত রচনাটিতে।

467. মূল্যায়ন পদ্ধতির ক্রমবিকাশ/বিভুরঞ্জন গুহ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৭২-১৭৯.
শিক্ষাক্ষেত্রে আধুনিক মূল্যায়ন পদ্ধতির বিভিন্ন ধারা এই রচনার বিষয়বস্তু। মূল্যায়ন কেন প্রয়োজন ও একটি শিশুকে কিভাবে মূল্যায়িত করা যায় তার ধারণা পাওয়া যায় এই রচনায়।

468. খোরানার কৃত্রিম জীন. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৮০-১৮১.
পত্রিকার 'সাময়িকী' বিভাগে ডঃ হরগোবিন্দ খোরানার নের্তৃত্বে উইসকিনসনের গবেষকদের কৃত্রিম জীন আবিষ্কারের বিষয়টি সংক্ষেপে আলোচনা করা হয়েছে।

469. সোভিয়েত মহাকাশ গবেষণা সম্পর্কে ম্স্তিস্লাভ কেলডিশ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৮১-১৮৩.
পত্রিকার 'সাময়িকী' বিভাগে এই সংবাদটি স্থান পেয়েছে। সোভিয়েত ইউনিয়নের বিজ্ঞান আকাডেমির সভাপতি ম্স্তিস্লাভ কেলডিশ মস্কোয় অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে রাশিয়ার স্থায়ী মহাকাশ স্টেশনের প্রতিষ্ঠা বার্তা দেন।

470. কীভাবে আয়ু বাড়ানো যায়. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৮৩-১৮৫.
দীর্ঘ জীবনের জীববিদ্যাগত ভিত্তি আলোচনাই স্থান পেয়েছে পত্রিকার এই 'সাময়িকী' বিভাগে।

471. আজকের নায়ক-চরিত্র. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৮৫-১৮৬.
জীবনের রঙ্গমঞ্চে আইনস্টাইন থেকে কুরচাতভের নায়কের মতো আবির্ভাব ও মানব ইতিহাসে তার প্রভাব উক্ত 'সাময়িকী'টির মূল আলোচ্য বিষয়।

472. মস্কোতে নারীদের আন্তর্জাতিক আলোচনা সভা. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৮৬-১৮৭.
এশিয়া, আফ্রিকা, ইওরোপ ও লাতিন আমেরিকার বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় নারী সংগঠনের প্রতিনিধিরা মস্কোতে এক আলোচনা সভায় যোগদান করেন। আলোচ্য 'সাময়িকী' অংশটিতে সে বিষয়েই আলোচনা করা হয়েছে।

473. প্রতিভা কি উন্মত্ততা/সন্তোষকুমার দে. – মানবমন.– বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৮৮-১৯১.
প্রতিভাকে ব্যাখ্যা করতে গিয়ে অনেক বিশেষজ্ঞ ব্যক্তিই প্রতিভাকে উন্মত্ততার সঙ্গে তুলনা করেছেন। এই তুলনা কতটা যুক্তিযুক্ত তা নিয়ে প্রবন্ধটিতে আলোচনা করা হয়েছে।

474. ফ্রয়েডোত্তর যুগে মনসমীক্ষার ধারা/শ্রীজিজ্ঞাসু. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৯২-১৯৬.
এই প্রবন্ধটি পত্রিকার 'চয়ন' বিভাগে প্রকাশিত হয়েছিল। মনসমীক্ষার ক্ষেত্রে ফ্রয়েডের অবদান ও ফ্রয়েডোত্তর যুগের মনসমীক্ষা নিয়ে প্রবন্ধটি আলোচনা হয়েছে।

475. মনোবিদের ডায়েরী : শেলী পাল ও স্বাধীনতা/মনোবিদ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ১৯৭-২০২
'মনোবিদের ডায়েরী' বিভাগটিতে প্রতিবারের মতো এই সংখ্যাতেও শেলী পাল ওরফে শৈলেশ পাল নামক এক মনোরোগীর মনোরোগের ইতিহাস ব্যক্ত করা হয়েছে।

476. সম্মোহন প্রসঙ্গে স্মৃতিতত্ত্ব/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর).

– কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.

পৃ. ২০৩-২০৫.

স্মৃতিতত্ত্ব সম্পর্কে ফ্রয়েডীয় নির্জ্ঞান মনের তত্ত্ব কি পরিমাণ বিজ্ঞানসম্মত এর সংক্ষিপ্ত বিবরণ আছে এই লেখায়। বিশেষত রুশ শারীরবিজ্ঞানের গবেষণার ওপর ভিত্তি করে।

477. মার্কুস, ফ্রয়েড ও বিপ্লব/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.

পৃ. ২২৫-২৩২, ২৬১-২৬৬.

আধুনিক সমাজ মনস্তত্ত্ববিদ্ হাবার্ট মাকুস কেমন করে মার্কস ও ফ্রয়েডের তত্ত্বকে সমাকলিত করে সমাজ বিপ্লবের এক নতুন তত্ত্ব গড়ে তুলছে চেয়েছেন, লেখক তারই বিচার বিশ্লেষণ করেছেন এই লেখায়।

478. নয়াবাম মানসিকতার একদিক/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.

পৃ. ২৩৩-২৪৪.

'নয়াবাম' মানসিকতা, নয়াবাম প্রবণতার সমাজতাত্ত্বিক মনস্তাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে আলোচনা এই প্রবন্ধটির বিষয়বস্তু।

479. লেনিনবাদ এবং সমকালীন বৈজ্ঞানিক প্রযুক্তিগত বিপ্লব/এস. পি. ত্রাপেজ্নিকোভ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.

পৃ. ২৪৫-২৫৬.

সমাজতান্ত্রিক শাসনব্যবস্থায় বৈজ্ঞানিক প্রযুক্তিগত বিপ্লব ব্যতীত যে অর্থনৈতিক বৃদ্ধি প্রয়োজনীয় হারে হতে পারেনা সেই বিষয়ে আলোচনা করা হয়েছে এই প্রবন্ধটিতে।

480. সোভিয়েত চিকিৎসাশাস্ত্রের লেনিনবাদী পথ/ভ্লাদিমির তিমাকোভ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.

পৃ. ২৫৭-২৬১.

লেনিনের চিন্তা ও ধারণা চিকিৎসাশাস্ত্রসহ মানুষের বিভিন্ন কর্মক্ষেত্রে সঠিক বলে পরিগণিত হয়। সেইরূপ সোভিয়েত দেশের চিকিৎসাশাস্ত্রের উন্নয়নে লেনিনের চিন্তার অবদান আলোচনা করা হয়েছে এই প্রবন্ধে।

481. মনোবিদের ডায়েরী : সম্মোহিত সভ্যতা/মনোবিদ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.

পৃ. ২৬৭-২৭৬.

এই সংখ্যার 'মনোবিদের ডায়েরি'টি খুবই আগ্রহোদ্দীপক, 'শ্রী'বাবু নামক একজন পাঠক মানুষের ভবিষ্যত সম্পর্কে চিঠিতে নৈরাশ্যের কথাই লিখেছেন। লেখক এখানে প্রথমে সেই চিঠিটি হুবহু তুলে দিয়ে পরবর্তীকালে 'রোগী' হয়ে আসা 'শ্রী'বাবুর সঙ্গে তাঁর সাক্ষাৎ ব্যক্ত করেছেন।

482. লেনিনের প্রতিফলনতত্ত্বের আলোকে সংবেদীয় ইমেজ ও মডেল/এ.এন. লিয়েনটিয়েভ. – মানবমন. –

বর্ষ ৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ২৭৭-২৮৩.
লেনিন পুরষ্কারপ্রাপ্ত এ. এন. লিয়েনটিয়েভের একটি রচনা সোভিয়েত দেশের অ্যাকাডেমী তার সায়েন্সেস্-এর অন্যতম মুখপত্র ডোপসী সিকোলোগীতে প্রকাশিত হয়েছে। রচনাটির সারাংশ উক্ত প্রবন্ধটি। লেনিনের দৃষ্টিভঙ্গীতে প্রতিফলনের অন্তর্নিহিত অর্থ এখানে আলোচনা করেছেন লেখক।

483. চিকিৎসা-নাট্যের জন্মকথা. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ২৮৪-২৯০.
পত্রিকার 'চয়ন' বিভাগে প্রকাশিত এই আলোচনাটি জে. এল. মরেনোর 'থেরাপিউটিক থিয়েটারে'র সম্পর্কিত আলোচনা। তাঁরাই বক্তব্যের মর্মানুবাদ করা হয়েছে এখানে।

484. বিবাহ ও পরিবার/ভালেনতিন ইয়েফিমোভ. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ২৯১-২৯৪.
বিবাহ এবং পরিবার–মানবিক সম্পর্কের এই দুটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র নিয়ে আলোচনা হয়েছে এই প্রবন্ধে।

485. কসম/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭০.
পৃ. ২৯৫-৩২৪.
কসম একটি পূর্ণাঙ্গ নাটক যার পটপেক্ষিত পূর্বপাকিস্তান থেকে পশ্চিমবঙ্গে আসা উদ্বাস্তু সমস্যা।

486. বানর থেকে মানুষে উত্তরণের ক্ষেত্রে শ্রমের ভূমিকা/ফ্রেডরিখ এঙ্গেলস্ – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ.-৯-২০.
বানর থেকে মানুষে উত্তরণের কালে মানুষ কিভাবে পৃথক পৃথক শ্রমের ক্ষেত্রে তাদের অঙ্গসঞ্চালন করত এবং তা করতে গিয়ে বানর থেকে মানুষের আজকের রূপটিতে ধীরে ধীরে রূপান্তর ঘটে তা এই প্রবন্ধের আলোচ্য বিষয়।

487. তড়িৎ নিদ্রা ও রোগ নিরাময়/পরিতোষ গুপ্ত. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২১-২৩.
তড়িৎ নিদ্রা অর্থাৎ বিদ্যুৎ-তরঙ্গের সাহায্যে নিদ্রানুভাব, অসাড়তা এবং সামান্য প্রমত্ত অবস্থা সৃষ্টি করে তা রোগ 'নিরাময়ে' কিভাবে কাজে লাগানো যায় তাই এই প্রবন্ধটির বিষয়বস্তু। উক্ত প্রবন্ধটি এক সোভিয়েত বিজ্ঞানীর লেখার ভাবানুবাদ।

488. পক্ষপাতিত্বের সামাজিক ও মনস্তাত্ত্বিক কারণ/নবেন্দু চক্রবর্তী. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ১ (জানুয়ারি-

মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ২৪-৩৩.

নবেন্দু চক্রবর্তীর মৃত্যুর দ্বিতীয় বর্ষে তাঁর স্মৃতির প্রতি সম্মান দেখিয়ে এই প্রবন্ধটি মানবমন থেকে পুনমুদ্রিত হয়েছে। মানুষের পক্ষপাতমূলক আচরণের কারণগুলি খুঁজে বার করা এই প্রবন্ধের মুখ্য উদ্দেশ্য।

489. মার্কসবাদ ও নৈতিকতা/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ৩৪-৪০.

মার্কসীয় দৃষ্টিভঙ্গী থেকে নীতিবিদ্যা ethics-র আলোচনা এই প্রবন্ধের আলোচ্য বিষয়। প্রবন্ধটি 'পরিচয়' পত্রিকা থেকে পুনমুদ্রিত হয়েছিল।

490. পরাজিত বিদ্রোহী/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ৪১-৫১.

কণাদ শর্মা রচিত এটি একটি নাটক। মুখ্যচরিত্র মহাভারতের 'অশ্বত্থামা'।

491. শান্তির জন্য বিষ-অস্ত্র নিশ্চিহ্ন করুন/সম্পাদক. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ৫২-৫৩.

পত্রিকাটির সাময়িকী অংশে লিখিত এই রচনাংশটিতে সম্পাদক মহাশয় রাসায়নিক ও জীবাণু-বিদ্যাগত সমরাস্ত্রগুলিকে বিশ্বের শান্তির জন্য নিশ্চিহ্ন করার প্রয়োজনীয়তার কথা স্মরণ করেছেন।

492. মস্তিষ্কের জৈববিদ্যুৎতরঙ্গ ও কর্মক্ষমতা/সম্পাদক. – মানবমন. – বর্ষ ১০ সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ৫৩-৫৪.

ব্যক্তির কর্মক্ষমতার সঙ্গে মস্তিষ্কের জৈববিদ্যুৎতরঙ্গের কোন সম্পর্ক আছে কি না—এই প্রশ্নের মীমাংসায় সমগ্র বিশ্বব্যাপী যে পরীক্ষানিরীক্ষা চলছে তারই সন্ধান করেছেন লেখক।

493. আলট্রা সাউন্ডের সাথে রোগনির্ণয়/সম্পাদক. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ৫৪.

আলট্রা সাউন্ডের প্রতিধ্বনির সাহায্যে রোগনির্ণয়ের উপকারিতা বর্ণনা করেছেন লেখক।

494. বিচ্ছিন্নতা বিপ্লব উন্মত্ততা/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ৫৫-৬৪.

বিচ্ছিন্নতা কি? বিচ্ছিন্নতা সামাজিক ব্যাধি না ব্যাধিগ্রস্ত সমাজের বিরুদ্ধে ভাবপ্রবণ আদর্শবাদী তরুণের

স্বাভাবিক প্রতিবাদ-প্রতিক্রিয়া? এই বিষয়টিকে মার্কসীয় দৃষ্টিকোণ থেকে আলোচনা করেছেন লেখক।

495. ফ্রেডরিখ এঙ্গেল্স/ভি.আই. লেনিন. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ৭৩-৮০.
উক্ত প্রবন্ধটির বিষয়বস্তু ফ্রেডরিখ এঙ্গেলসের কর্মকাণ্ড। যার উপর ভিত্তি করে বিজ্ঞানভিত্তিক সমাজতন্ত্র গড়ে ওঠে।

496. নারী ও সমাজতন্ত্র/ভি.বিল্শাই. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ২ (এপ্রিল -জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ৮১-৮৫.
সোভিয়েত সমাজতন্ত্রে নারীদের স্থান এই প্রবন্ধের আলোচ্য বিষয়। সোভিয়েত রাষ্ট্র প্রতিষ্ঠার প্রথম দিন থেকেই কমিউনিস্ট পার্টি এবং শ্রমিক-কৃষক সরকার দাসত্বের হাত থেকে মেয়েদের মুক্তিদানের লক্ষ্যে যে সামাজিক-অর্থনৈতিক, মতাদর্শগত, সাংগঠনিক ও অন্যান্য যে কর্মসূচীগুলি গ্রহণ করে তারই বিশদ আলোচনা হয়েছে এই প্রবন্ধে।

497. সাংস্কৃতিক বিপ্লবের রাজনৈতিক তাৎপর্য/রঘুবীর চক্রবর্তী. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ৮৬-৮৯.
সাম্যবাদী আন্দোলনের ইতিহাসে 'সাংস্কৃতিক বিপ্লব'-এর রাজনৈতিক অবদান ও তাৎপর্য এই প্রবন্ধের আলোচ্য বিষয়।

498. ইয়ার্ক্স্ ও কোয়েলারের চিন্তাধারা সম্পর্কে/আই.পি.পাভলভ. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ৯০-৯৭.
মনোবিজ্ঞানী ইয়ার্ক্স্ ও কোয়েলার শিম্পাঞ্জিদের নিয়ে এদের বুদ্ধিবৃত্তি আচরণের যে পরীক্ষানিরীক্ষা করেছিলেন পাভলভ তা কুকুরদের দিয়ে প্রমাণ করলেন যে এটি অসংখ্য প্রমাণ ও প্রমাদ সংশোধনের দ্বারা সংগঠিত হয়। এই প্রসঙ্গে প্রখ্যাত শারীরবিজ্ঞানী শেরিংটন যে ভাববাদী মন্তব্য করেছিলেন এর জবাবে পাভলভ বললেন শেরিংটন শারীরবিজ্ঞানী হলেও দর্শনগতভাবে সর্বপ্রাণবাদী।

499. জনতার মন/বিভুরঞ্জন গুহ. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ৯৮-১১২.
পশ্চিমবাঙলার তৎকালীন উত্তপ্ত রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতিতে ছাত্র ও যুব সমাজের ভূমিকা এই প্রবন্ধের আলোচ্য বিষয়বস্তু। পশ্চিমবাঙলার তৎকালীন জনবিক্ষোভের বিশ্লেষণ আছে এই প্রবন্ধে।

500. মনোবিদের ডায়েরি : ড্যাডী লং লেগ্স্/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ২ (এপ্রিল-জুন) কলকাতা :

পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১১৩-১২০.

মানবমন পত্রিকার এই বিশেষ অংশটিকে ঠিক প্রবন্ধ বলা যায় না। এই অংশটিতে থাকে মনোরোগী বা মনোরোগীনির সমস্যার কথা। যার বস্তুনিষ্ঠ আলোচনা করেছেন লেখক।

501. সংস্কৃতিক বিপ্লবের একদিক/পর্যবেক্ষক. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১২১-১৩১.

কমিউনিস্ট পার্টি সংগঠনে দর্শনগত দিক থেকে ক্রমশ সমাজ পরিচালনার নিরিখে অসংখ্য সমস্যার উদ্ভব ও বিকাশ ঘটবে। এই ব্যাপারে লেনিন, লুক্সেমবার্গ, গ্রামচি, লুকাচ, মাও, মার্কিউস প্রমুখ নেতাগণ যে আলাপ আলোচনা করেছেন এরই প্রতিফলন আছে পর্যবেক্ষকের এই পর্যালোচনায়।

502. রবীন্দ্রমানস বিশ্লেষণের ভূমিকা (২) : অমরতা ও কস্মিক বিচ্ছিন্নতা/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১৩৩-১৪২.

উপনিষদ দর্শনস্নাত রবীন্দ্রনাথ অমরতা ও কস্মিক বিচ্ছিন্নতা সম্পর্কে কি ধারণা পোষণ করতেন এর বিস্তারিত দার্শনিক বিবরণ দিয়েছেন লেখক।

503. মার্কসবাদী নন্দনতত্ত্বের দিগ্‌দর্শন/জি. নেদোশিডিন. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১৫৩-১৫৮.

শিল্পের নান্দনিকতার দার্শনিক দিকটি নিয়ে মার্কসবাদী তত্ত্বের আলোচনাই এই প্রবন্ধের বিষয় বস্তু।

504. মনোবিদের ডায়েরি : আতঙ্কের আবেশ ইয়ুং, মর্টন প্রিন্স, ম্যাকডুগাল/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১৫৯-১৬৭.

অবসেশন বা আবেশ নিয়ে ইয়ুং, মর্টন প্রিন্স ও ম্যাকডুগালের অভিজ্ঞতাপ্রসূত তত্ত্বের অবতারণা করা হয়েছে বর্তমান প্রবন্ধে।

505. কিশোর প্রতিভা/সন্তোষকুমার দে. – মানবমন বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১৬৮-১৭৪.

মানুষের প্রতিভা ও তার বিকাশ প্রক্রিয়া নিয়ে আলোচনা হয়েছে এই প্রবন্ধে।

506. সংস্কৃতিক বিপ্লব/পর্যবেক্ষক. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১৭৫-১৮৬.

চীনের সংস্কৃতিক বিপ্লবের নামে প্রকৃত যে ক্রিয়াকলাপ ঘটে চলেছে এ ব্যাপারে বুর্জোয়া প্রেস যে কুৎসা করে চলেছিল সমাজমনস্তাত্ত্বিক দিক থেকে এর বিশ্লেষণ করেছেন লেখক এই লেখায়।

507. মনোরোগের অস্তিত্ববাদী ব্যাখ্যা/কে. তারাসঙ, এম. কেলনার. — মানবমন বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১৮৭-১৮৯.

দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তরকালে অস্তিত্ববাদ মনোরোগচিকিৎসা বিজ্ঞানকে যেভাবে প্রভাবিত করে তারই আলোচনা করা হয়েছে এই প্রবন্ধে।

508. সোভিয়েত শিক্ষকদের শিক্ষাগ্রহণ কখনও বন্ধ হয় না/সরিৎ রায়, সং. — মানবমন. — বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১৯০-১৯১.

সোভিয়েত দেশে শিক্ষকদের শিক্ষাগ্রহণ প্রক্রিয়া 'সংবাদ সাময়িকী'র এই রচনাংশের আলোচ্য বিষয়।

509. স্মৃতিতত্ত্ব/সরিৎ রায়, সং. — মানবমন. — বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১৯১-১৯৪.

মস্তিষ্কের স্মৃতি সংরক্ষণ ও পরিচালন বিষয়ে দুইজন কাজান বিজ্ঞানীর বিভিন্ন প্রকল্প এই রচনাংশের বিষয়বস্তু।

510. প্রাথমিক অবস্থায় মারাত্মক রোগনির্ণয়/সরিৎ রায়, সং. — মানবমন. — বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১

পৃ. ১৯৪.

এই রচনাংশে এটি জানা যায় যে, সোভিয়েত বিজ্ঞানী ডেভিড গোল্ডফার্ব বহুমূত্র, লিভারের সিরোসিস জাতীয় কিছু জটিল রোগের প্রাথমিক অবস্থায় নির্ণয় করার পদ্ধতি আবিষ্কার করেছেন।

511. সমাজতন্ত্রের আমলে অসম বিবাহ/সরিৎ রায়, সং. — মানবমন. — বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১৯৫-১৯৬.

সমাজতন্ত্রের আমলে পরিবার ও অ-সম বিবাহের ধারণাটি যে প্রক্রিয়ায় সংঘটিত হয় তা 'সংবাদ সাময়িকী' বিভাগের এই রচনার অংশ।

512. পাভলভ পরিচিতি (২)/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ১০, সংখ্যা ৩. (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ১৯৭-২০৪.

বিশিষ্ট শারীরবিজ্ঞানী ইভান পেত্রভিচ পাভলভকে নিয়ে লেখকের আলোচনার এটি দ্বিতীয় কিস্তি।

513. পুস্তক সমালোচনা : শিশু ভোলানাথের রাজত্বে/অধ্যাপক বিভুরঞ্জন গুহ। এডুকেশনাল বুক করপোরেশন,

৪/এ কীর্তিবাস লেন, কলিকাতা ২৬। মূল্য-তেরো টাকা/ নারায়ণ চৌধুরী. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২০৫-২০৭.
অধ্যাপক গুহর শিক্ষাতত্ত্ব সম্পর্কিত একটি বইয়ের পুস্তক সমালোচনা এটি।

514. পুস্তক সমালোচনা : লেনিন শতাব্দী/দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত। মনীষা গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, ৪/৩বি বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট, কলিকাতা-১২। মূল্য-২ টাকা/ জ্যোতির্ময় চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২০৭-২০৮.
লেনিনের শতবার্ষিকী উপলক্ষ্যে প্রকাশিত এটি একটি কবিতা সংকলনের সমালোচনা।

515. Common Psychosexual Disorder in the Tropics and their Treatment A.K. Dab. Academic Publishers, Calcutta, 1970 Price Rs. 1250. সন্তোষ বোস. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২০৮.
যৌন বিপত্তি কিভাবে মনোরোগের উদ্ভব ঘটায় সেই বিষয়ে আলোচিত একটি বইয়ের এটি পুস্তক সমালোচনা।

516. আক্রমকের মন ও সমাজ (পাভলভীয় আলোচনা)/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২২৬-২৪০, ২৮৬-২৮৮
প্রাণীর আক্রমণ প্রবণতা, হিংস্রতা প্রভৃতি প্রবৃত্তি নিয়ে পাভলভীয় দৃষ্টিভঙ্গীতে আলোচনা করা হয়েছে এই প্রবন্ধে।

517. বার্ধক্যজনিত মানসিকতা ও তার প্রতিষেধ/রুদ্রেন্দ্রকুমার পাল. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট। ১৯৭১.
পৃ. ২৪১-২৪৭.
মানুষের বার্ধক্যকালীন মানসিক অবস্থা এবং সেইসব পরিস্থিতির প্রতিষেধক উপায় নিয়ে এই প্রবন্ধে আলোচনা হয়েছে।

518. কথায় কথায়/জ্যোতির্ময় চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২৪৮-২৫৪ (২০২)
মানুষের বাঙ্ময়তা অর্থাৎ কথা নিয়ে এই প্রবন্ধের বিষয়বস্তু রচিত।

519. শিশুর উচ্চতর স্নায়ু প্রক্রিয়ায় ক্রমবিকাশের বৈশিষ্ট্য/লিওন আবগারোভিচ অরবেলি. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.

পৃ. ২৫৫-২৬৪.
শারীরবিজ্ঞানের অন্যতম গুরুত্বপূর্ণ চর্চার বিষয় বিশেষত দেহের ও মনের ক্রিয়া প্রতিক্রিয়ায় পাভলভীয় শর্তাধীন পরাবর্ত তত্ত্ব অনুযায়ী শিশুর বিকাশের ঘটনা এই লেখার উপজীব্য।

520. জনতার সাহিত্য/আশুতোষ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২৬৫-২৭০.
লোক সাহিত্য অর্থাৎ 'জনতার সাহিত্য' বিষয়ে আলোচনা করা হয়েছে উক্ত প্রবন্ধে।

521. মানবমস্তিষ্ক ও মন/বি. মুখার্জী; পরিতোষ গুপ্ত, অনু. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২৭১-২৭৭.
মানুষের মস্তিষ্ক কি প্রক্রিয়ায় তার বিমূর্ত মনের উৎস হয়ে ওঠে সে সম্পর্কে বিশদ আলোচনা করা হয়েছে এই প্রবন্ধে।

522. কমলাকান্তের মন/গোপাল হালদার. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২৭৮-২৮১.
বস্তুগত জীবন আমাদের কি পরিমাণ প্রভাবিত করে সামাজিক শিক্ষায়, চর্চায় লেখক তাই প্রতিষ্ঠিত করতে চেয়েছেন।

523. মস্তিষ্কের অভ্যন্তরে/ইয়ানোফস্কায়া; সবিতা মুখোপাধ্যায়, অনু. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২৮২-২৮৫.
মানব মস্তিষ্কের ক্রিয়াকলাপ সংক্রান্ত আলোচনা লিপিবদ্ধ হয়েছে এই প্রবন্ধটিতে।

524. সমাজবিজ্ঞান ও সোভিয়েট রাশিয়া/বেলা দত্তগুপ্ত. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ২৯০-২৯৯.
সোভিয়েত রাশিয়ার তৎকালীন সমাজবিজ্ঞানের অধ্যয়ন ও গবেষণার হদিশ পাওয়া যায় উক্ত প্রবন্ধে।

525. সম্মোহন শক্তির বাস্তবতা অপরাধের ক্ষেত্রে/পরিতোষ গুপ্ত. – মানবমন. – বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ৩০০-৩০৪.
সম্মোহন শক্তির বাস্তবতা এবং সম্মোহিত ব্যক্তিকে অভিভাবিত করে যে-কোনো কাজ করিয়ে নেওয়া বাস্তবচিত কিনা তা এই প্রবন্ধে বিশাদে আলোচিত হয়েছে।

526. নাটকীয় সমীক্ষা সমীক্ষা নিয়ে নাটক, নাটক নিয়ে সমীক্ষা নয়/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. –

বর্ষ ১০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭১.
পৃ. ৩০৫-৩৪০.
এটি একটি পূর্ণাঙ্গ নাটক।

527. মার্কসের বিচ্ছিন্নতার তত্ত্ব/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ৯-২২.
আলোচ্য প্রবন্ধটির বিষয়বস্তু মার্কসের Theory of Alienation 1844 বা বিচ্ছিন্নতার তত্ত্ব। প্রবন্ধটিতে মার্কসের বিচ্ছিন্নতার তত্ত্ব সংক্রান্ত আলোচনা কালে লেখক বলেছেন, ''যাঁরা কেবলমাত্র বিচ্ছিন্নতার মাধ্যমে মার্কস-এর বিশ্বপ্রকৃতি সম্বন্ধে ধারণা ব্যক্ত করার চেষ্টা করেছেন তাঁরা মার্কস-এর প্রতি অবিচার করেছেন, মার্কসবাদকে বিকৃত করেছেন। আবার অন্যদিকে যাঁরা সমাজতান্ত্রিক রাষ্ট্র পরিচালনা করেছেন বা সমাজতান্ত্রিক বিপ্লবে নেতৃত্ব দিচ্ছেন, তাঁরা যদি বিচ্ছিন্নতার তত্ত্বকে অবহেলা করে এখনও দূরে সরিয়ে রাখতে চান, তবে মার্কস ও মার্কসবাদের প্রতি সমান অবিচার করা হবে।''

528. টেলিপ্যাথি ও আধুনিক বিজ্ঞান/পরিতোষ গুপ্ত. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৩-২৪, ৫০.
আলোচ্য প্রবন্ধটির বিষয়বস্তু টেলিপ্যাথি এবং সেই বিষয়ে আধুনিক বিজ্ঞানে যা কাজ হয়েছে সেগুলি। প্রবন্ধটিতে লেখক দাদাশেভ তোফিক হাসান আগাওগলি নামক এক ব্যক্তির বিষয়ে আলোচনা করেছেন। যার ওপর বিভিন্ন সময় অভিভাবনের ক্রিয়াকলাপ লক্ষ্য করা গিয়েছে।

529. সম্মোহন প্রসঙ্গে/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৫-২৯.
আলোচ্য প্রবন্ধটির বিষয়বস্তু মনোবিদ্যার সঙ্গে সম্পর্কিত 'সম্মোহন'। সম্মোহন কি, কিভাবে প্রক্রিয়াটি ঘটে এবং সম্মোহন ঘটাকালীন মানবদেহের কি পরিবর্তন ঘটে অর্থাৎ শরীরের ঠিক কোন অংশ ক্রিয়া করলে সম্মোহন ঘটে তা নিয়েই লেখক এখানে আলোচনা করেছেন। সম্মোহন সংক্রান্ত বিশ্বব্যাপী যে নানা পরীক্ষানিরীক্ষা চলেছে এখানে তারও সংক্ষিপ্ত বর্ণনা আছে।

530. পাভলভের শিক্ষার উত্তরাধিকার/ভি. চেরনিগোভস্কি; পরিতোষ গুপ্ত, অনু.– মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ৩০-৩২.
উক্ত প্রবন্ধটিতে সোভিয়েত রাশিয়ার আই.পি. পাভলভ ইনস্টিটিউটের কর্মধারা নিয়ে আলোচনা করেছেন লেখক। এই প্রবন্ধের মাধ্যমে তিনি ইনস্টিটিউটের কার্যাবলীর তিনটি প্রধান ধারা (১) কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের কাজের অনুশীলন, (২) কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র ও আন্তর যন্ত্রাদির (হৃদপিণ্ড, রক্ত সংবহনতন্ত্র, কিডনি, পাচনতন্ত্র ইত্যাদি) পারস্পরিক সম্পর্ক এবং (৩) মানুষের জীবনে সর্বাধিক গুরুত্বপূর্ণ শারীরবৃত্তিক তত্ত্বসমূহের

কার্যাবলী নিয়ন্ত্রণকারী বিধিনিয়ম নিরূপণ করা—নিয়ে আলোচনা করেছেন।

531. শিশুদের মনোরোগের কারণ বিশ্লেষণ ও প্রতিরোধ ব্যবস্থা/অজিত দেব. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ৩৩.
উক্ত প্রবন্ধটিতে লেখক শিশুদের মনোরোগে আক্রান্ত হবার সম্ভাব্য কারণ ও তার যথাযথ প্রতিরোধ ব্যবস্থা কি হওয়া উচিত তা নিয়ে আলোচনা করেছেন।

532. মনোবিদের ডায়েরী : রমলার রক্তাতংক জিঘাংসার জন্মকথা/মনোবিদ. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ৩৪-৪১.
মনোবিদের ডায়েরী'কে ঠিক প্রবন্ধ বলা চলে না। পত্রিকার এই অংশটি একজন মনোরোগীনির মনোরোগের কথা। যার খানিকটা বস্তুনিষ্ঠ আলোচনা করেছেন লেখক।

533. কমিউনিজম নির্মাণকর্ম ও সংস্কৃতির বিকাশ/এ. আর্নল্ডোভ. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ৪২-৪৯.
উক্ত প্রবন্ধটিতে সোভিয়েত ইউনিয়নের সমাজতন্ত্রের প্রতিষ্ঠা এবং তার ফলে সমাজতান্ত্রিক সংস্কৃতিক পরিস্ফুটনের ঘটনা আলোচিত হয়েছে। সোভিয়েত সমাজতান্ত্রিক সাংস্কৃতিক পরিস্ফুটনের ঘটনা আলোচিত হয়েছে। সোভিয়েত ইউনিয়নের সমাজতান্ত্রিক সংস্কৃতি এর আলোচ্য বিষয়।

534. মানবশিশু ও পশু-শাবকের ওপর মাতৃস্নেহের প্রভাব/সন্তোষকুমার দে. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ৫১-৫৮.
মায়ের ভালোবাসা সন্তানের ভবিষ্যৎ স্বভাব ও চরিত্রগঠনে কি পরিমাণে সহায়ক সে সম্বন্ধে এই প্রবন্ধে আলোচনা করা হয়েছে। এক্ষেত্রে মানবশিশু ও পশুশাবক উভয়কে নিয়েই আলোচনা করা হয়েছে।

535. মার্কসবাদ বিকৃতি/ক্যমসোমোলস্কায়া. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ৬০-৬২.
(প্রাভদা, ৬ অক্টোবর)
পত্রিকাটির সাময়িকী অংশে লিখিত এই রচনাংশটিতে মার্কসবাদ নিয়ে আলোচনা করা হয়েছে। এতে দেখানো হয়েছে বুর্জোয়া বৈজ্ঞানিক গবেষণাকেন্দ্রগুলি থেকে কেমন করে মার্কসবাদ-লেনিনবাদী দর্শন ও অর্থনীতি, বৈজ্ঞানিক কমিউনিজমের তত্ত্ব, সমাজতন্ত্র ও কমিউনিজম নির্মাণের প্রয়োগবিধি এবং সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলির পররাষ্ট্র নীতিকে বিকৃত করে প্রচার চালানো হচ্ছে।

536. হত্যাকান্ডের ব্যয়/ইউরিঝুকত. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ

ইনস্টিউট, ১৯৭২.

পৃ. ৬২-৬৪.

(প্রাভদা)

পত্রিকাটির সাময়িকী অংশের এই রচনা অংশটিতে আমেরিকার ভিয়েতনাম যুদ্ধের জন্য কত অর্থ খরচ হয়েছে, এই যুদ্ধের ফলে কত মানুষ ঘরছাড়া হয়েছে ও আমেরিকা এবং ভিয়েতনামের কত জওয়ান মারা গেছে তা নিয়ে আলোচনা হয়েছে 'খুন জখমের হিসাব', 'বুলেটের বাজেট' ও 'স্বয়ংক্রিয় হত্যা' এই উপশিরোনামে।

537. বেঙ্গমা বেঙ্গমি/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট,১৯৭২.

পৃ. ৬৯-৮০, ১২৯-১৩২.

ইহা একটি নাটক। বাংলাদেশের মুক্তিযুদ্ধের পটভূমিকায় এই সামাজিক নাটকটি লিখেছেন লেখক।

538. অটোমেশন প্রসঙ্গে/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.

পৃ. ৮১-৮৬, ৮৭.

উক্ত প্রবন্ধটির আলোচ্য বিষয় হল-স্বয়ংক্রিয় যন্ত্র, বৌদ্ধিকশ্রম লাঘবের উপায় হিসাবে পরিগণিত হলেও, তা কিছু মানুষের মনে বিরোধীভাবের জন্ম দিচ্ছে। এই বিরোধিতার রূপ ও কারণ এখানে আলোচ্য বিষয়।

539. রবীন্দ্রনাথের সৃষ্টিকর্মে ব্যক্তির সমস্যা/ভিক্তরস্ ইভ্বুলিস. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.

পৃ. ৮৭-৮৮.

(তাস-এর সৌজন্যে)

লাত্ভিয়ার রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ভাষার অধ্যাপক ভিক্তরস্ ইভ্বুলিস সোভিয়েত ইউনিয়নের বিজ্ঞান অকাদেমির অধীনস্থ মস্কোর প্রাচ্যবিদ্যা-বিষয়ক ইনস্টিটিউটে বিজ্ঞানের স্নাতক ডিগ্রির প্রার্থীপদের জন্যে এই গবেষণা প্রবন্ধটি প্রকাশ করেছেন। এর আলোচ্য বিষয় হল ''রবীন্দ্রনাথের সৃষ্টিকর্মে ব্যক্তির সমস্যা।''

540. স্নায়ুর কার্যপদ্ধতি ও প্রতিফলন তত্ত্ব/এন.ডি. গোলিকভ; লীলা সরকার, অনু. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.

পৃ. ৮৯-৯৬.

লেনিনীয় প্রতিফলন তত্ত্বের উপর ভিত্তি করে স্নায়ু শারীরবিজ্ঞানে পরাবর্ত তত্ত্ব গঠনে স্থান, কাল, পাত্র, পরিবেশের বিভিন্ন উপাদানের প্রতিফলনে বস্তুগতভাবে কি ঘটে থাকে এই বিষয়ে সোভিয়েত শারীর বিজ্ঞানীদের গবেষণার জ্ঞানগর্ভ আলোচনা।

541. শেরিংটনের ভাববাদী চিন্তাধারা সম্পর্কে/আই.পি. পাভলভ. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ২ (এপ্রিল-

জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.

পৃ. ৯৭-১০৪.

পাশ্চাত্যের প্রখ্যাত শারীরবিজ্ঞানী নোবেল পুরস্কারজয়ী শেরিংটন ছিলেন দ্বয়বাদী ও সর্বপ্রাণবাদী। তিনি একদা পাভলভের শর্তাধীন পরাবর্ত তত্ত্বের বিষয়ে মন্তব্য করেছিলেন ''আপনার তত্ত্ব পাশ্চাত্যে গুরুত্ব পাবে না। কারণ এতে বস্তুবাদের গন্ধ আছে''। এইসব মন্তব্য সম্পর্কে পাভলভ স্বয়ং উত্তর দিয়েছেন এই প্রবন্ধে।

542. পরীক্ষা সংস্কার/সুধীরচন্দ্র রায়. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.

পৃ. ১০৫-১১৩.

ভারতবর্ষের শিক্ষাব্যবস্থা পরীক্ষা ব্যবস্থার সংস্কারের বিষয় উক্ত প্রবন্ধটির আলোচ্য বিষয়।

543. উদ্বায়ু রোগ প্রসঙ্গে পাভলভ/বিভুরঞ্জন গুহ. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.

পৃ.১১৪-১২৪.

মস্তিষ্কের উদ্দীপনা ও নিস্তেজনা ক্রিয়ার ভারসাম্যহীনতার জন্য অধিকাংশ উদ্বায়ু রোগ যাদের তখনকার দিনে বলা হত নিওরোস্থানীয়া ও হিস্টিরিয়া, তা ঘটে থাকে, ''কথা বা অভিভাবন কেমন করে এই উদ্বায়ু রোগ তৈরি করে এবং সারায়'' এ সম্পর্কে পাভলভীয় মত নিয়ে লেখক আলোচনা করেছেন।

544. সদ্য-স্বাধীন দেশগুলিতে স্বাধীন (সামাজিক) বিকাশের প্রথম কালপর্বের ফলাফল/জি. মিরস্কি. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.

পৃ. ১২৫-১২৮.

সদ্য স্বাধীনতাপ্রাপ্ত দেশগুলির রাজনৈতিক স্বাধীনতা লাভ করার পর তাদের সামগ্রিক স্বাধীনতার বিকাশের ক্ষেত্র হল এই প্রবন্ধের আলোচ্য বিষয়বস্তু। এটি পত্রিকার সাময়িকী বিভাগে স্থান পেয়েছে।

545. তরুণ বিপ্লবীর পত্র/অশান্ত রুদ্র. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.

পৃ. ১৪১-১৪৯.

'মানবমন' পত্রিকার সম্পাদক এই চিঠিস্বরূপ প্রবন্ধটি সম্বন্ধে বলেছেন 'মনোবিদের' দপ্তরে এই রকম চিঠি মাঝে মাঝে এসে থাকে। সামান্য কিছু পরিবর্তন পরিবর্জন করে চিঠিটি ছাপানো হল। অন্য মন্তব্য নিষ্প্রয়োজন। তাই আমরাও এই লেখাটি সম্পর্কে বলতে পারি সম্পাদক মহাশয়ের বলা কথাগুলিই আসল 'অন্য মন্তব্য নিষ্প্রয়োজন'।

546. শিক্ষা ও বিচ্ছিন্নতা প্রসঙ্গে/শিক্ষার্থী. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.

পৃ. ১৫০-১৫৬, ২২০.

উক্ত প্রবন্ধটিতে লেখক মার্কসীয় বিচ্ছিন্নতা তত্ত্বের সাহায্যে শিক্ষা সংকটের গোড়ায় পৌঁছতে চেয়েছেন। এই পদ্ধতিতেই শিক্ষা সংকটের বিষয়টি আলোচনা করেছেন।

547. দেশে দেশে ছাত্ররোষ, গুরুদ্রোহিতা ও অনুগামিতা/কণাদ শর্মা. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ও (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ১৫৭-১৭৪.
আলোচ্য প্রবন্ধটিতে লেখক তৎকালীন পৃথিবীর ছাত্রযুবদের রাজনৈতিক ও সামাজিক অবস্থান থেকে সমাজের বয়ঃজেষ্ঠ্যদের গুরুত্ব ও তাদের ধ্যান ধারণার আলোচনা করেছেন।

548. ছাত্র অসন্তোষ ও বিক্ষোভ কারণ অনুসন্ধান/কালিদাস বসু. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ১৭৫-১৮০.
ছাত্র অসন্তোষ ও বিক্ষোভ প্রতিদিনকার পরিচিত একটি বিষয়। এই ঘটনাগুলির কারণ অনুসন্ধানে লেখক এই প্রবন্ধটি লিখেছেন।

549. চাই অন্য মানসিকতা/শ্যামল চক্রবর্তী. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ১৮১-১৮৭.
'যুব মানসিকতা'র উপর ভিত্তি করে প্রবন্ধটি লিখেছেন লেখক। ছাত্র-যুব সমাজের মানসিকতার ইতিবাচক ও নেতিবাচক দুটি দিকই লেখক দক্ষতার সঙ্গে তুলে ধরেছেন এখানে।

550. ছাত্র বিক্ষোভের মনস্তত্ব/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ১৮৮-১৯৫.
তৎকালীন সময়ে বিশেষ করে ষাটের দশকে ছাত্ররা সমাজ-সচেতন হয়েছিল, বিক্ষোভ প্রবণতাও বৃদ্ধি পেয়েছিল। সেই বিক্ষোভের মনস্তাত্ত্বিক আলোচনাই এই প্রবন্ধের আলোচ্য বিষয়।

551. বৈদিক সমাজ ও সংস্কৃতি/অতুল চন্দ্র. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ১৯৬-২০৪.
'বৈদিক সমাজ ও সংস্কৃতি' (শ্রীনৃপেন্দ্র গোস্বামী রচিত, নিউএজ্ পাবলিশার্স, কর্তৃক প্রকাশিত) বইটি ১৩৭৫ সালে প্রথম প্রকাশিত হয়। 'মানবমন' ও অন্যান্য পত্রিকায় গ্রন্থটি যথাসময়ে সমালোচিতও হয়। অতুল চন্দ্রের এই লেখাটি বইটির সমালোচনা নয়। কয়েকটি মৌলিক বিষয়ে তিনি গ্রন্থকারের সঙ্গে ভিন্নমত পোষণ করেন। লেখাটিতে কেবলমাত্র সেই ভিন্ন মতগুলিরই অবতারণা করা হয়েছে।

552. বাংলাদেশের ছাত্রসমাজ : পুরানো পটভূমি ও নতুন পরিপ্রেক্ষিত/বাঁধন সেনগুপ্ত. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.

পৃ. ২০৫-২০৯.
বাংলাদেশের ছাত্ররাজনীতির তৎকালীন অবস্থা এই প্রবন্ধটিতে পর্যালোচিত হয়েছে।

553. ছাত্রসমাজের মধ্যে উচ্ছৃঙ্খলতা/সন্তোষকুমার দে. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২১০-২১৬.
তরুণ ছাত্রসমাজের মধ্যে যে উচ্ছৃঙ্খলতা এই প্রবন্ধের আলোচ্য বিষয় সেটাই এবং এর প্রতিকারের উপায়।

554. অপরাধ প্রবণতা ও সমীক্ষা/অজিত দেব. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২১৭-২১৯.
অপরাধ প্রবণতার অর্ন্তনিহিত কারণসমূহ এ প্রবন্ধের আলোচ্য বিষয়।

555. স্বপ্নবিজ্ঞান/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৩৭-২৪৭.
স্বপ্নবিজ্ঞান অর্থাৎ স্বপ্ন নিয়ে বিজ্ঞানসম্মত পরীক্ষানিরীক্ষা এই প্রবন্ধের বিষয়বস্তু।

556. প্রেম ও কাম/মনোবিদ. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৪৭-২৪৯.
জনৈক পত্রলেখকের পত্রের উত্তরে নারীদের মানসিকতায় প্রেম ও কাম সম্পর্কিত আলোচনা করেছেন লেখক।

557. পশ্চিমী সমাজতত্ত্ব-সমাজচেতনা-বিচ্ছিন্নতা/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৫০-২৫৭.
প্রত্যক্ষবাদ একটা পর্যায়ে পশ্চিমী সমাজতত্ত্ব ও সমাজচেতনায় প্রাধান্য বিস্তার করেছিল। সেখানকার ধনতান্ত্রিক বিকাশে এক পর্যায়ে কোঁতের এই দৃষ্টবাদ বিজ্ঞান ও প্রযুক্তিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। লেখক দেখিয়েছেন পরবর্তীকালে ফ্রয়েডের মনোবিকলন তত্ত্ব কেমন করে এই ধরনের প্রত্যক্ষবাদকে পুনরুজ্জীবিত করেছে।

558. নারী প্রগতি ও যৌনস্বাধীনতা/সম্পাদক. — মানবমন. — বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৫৮-২৬৮.
নারী প্রগতি ও যৌনস্বাধীনতা সম্পর্কে প্রাচীনকালের মৈত্রেয়ী ও যাজ্ঞবল্ক্য-এর বাদানুবাদকে আধুনিককালে উপস্থাপিত করে সম্পাদক এক নিরন্তর ধারাবাহিক নারী পুরুষের আন্তঃসম্পর্কের দ্বন্দ্ব সংঘাত পরিবেশন করেছেন।

559. পত্র প্রসঙ্গে/সুনীলকুমার চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৬৯-২৭৪.
'পত্র প্রসঙ্গে' এই শিরোনামে সুনীলকুমার চট্টোপাধ্যায় একটি মনস্তাত্ত্বিক ও দার্শনিক পত্র লিখেছেন। যার উপর মন্তব্য করেছেন কণাদ শর্মা।

560. ভাব-ভাষা-ভাষান্তর/সুনীলকুমার চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৭৫-২৮০.
ভাষা এবং ভাষান্তর (অনুবাদ) নিয়ে উক্ত প্রবন্ধটিতে আলোচনা হয়েছে।

561. পুরাকালীন যৌনসাম্য/অতুলচন্দ্র চন্দ. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৮১-২৮৮.
উক্ত প্রবন্ধটিতে প্রাচীন যুগের যৌনজীবন নিয়ে আলোচনা করা হয়েছে।

562. সাধারণ যৌনমানস ও তার প্রতিক্রিয়া/রুদ্রেন্দ্রকুমার পাল. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ১৮৯-২৯৪.
সাধারণ মানুষের যৌনচেতনা, আগ্রহ এবং তার ফলে তারা সেরকম প্রতিক্রিয়া ব্যক্ত করে থাকে তাই এই রচনার বিষয়বস্তু।

563. সঙ্গীতের সাহায্যে চিকিৎসা/পরিতোষ গুপ্ত. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৯৫-২৯৬.
মানুষের জীবনে সঙ্গীত আবহমানকাল ধরে নির্দিষ্ট স্থান পেয়ে আসছে। দৈহিক ও মানসিক শারীরবৃত্তিক ক্রিয়াকলাপে সঙ্গীত কতটা প্রভাব বিস্তার করেছে, সেই নিয়েই আলোচনা হয়েছে 'বিজ্ঞান সাময়িকী' নামক বিভাগে।

564. মস্তিষ্ক বদল কি সম্ভব/পরিতোষ গুপ্ত. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর. – ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ২৯৬-৩০০.
'বিজ্ঞান সাময়িকী' বিভাগের এই রচনাটিতে বিশিষ্ট মস্তিষ্ক বিজ্ঞানী বার্দেনকো ইনস্টিটিউট অব নিউরোসার্জারির ডিরেক্টর এবং সোভিয়েত অ্যাকাডেমী অব মেডিকেল সায়েন্সের সভ্য এ.আই. আরুটিয়ুনভের মস্তিষ্ক বদল সম্পর্কে যে পরীক্ষানিরীক্ষা করেছেন তার একটি সাক্ষাৎকার ছাপা হয়েছে।

565. মানসিক রোগের উৎস সন্ধানে-কয়েকটি মত/বিভুরঞ্জন গুহ. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-

ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ৩০১-৩১৯.
এই প্রবন্ধের আলোচ্য বিষয় বস্তু হল মানুষের বিভিন্ন ধরনের মানসিক রোগ ও তার উৎস।

566. বেঙ্গমা বেঙ্গমি/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭২.
পৃ. ৩২০-৩৫০.
বেঙ্গমা বেঙ্গমি বাংলাদেশের মুক্তিযুদ্ধের পটভূমিকায় রচিত একটি সামাজিক নাটক। এই সংখ্যায় দ্বিতীয় অংশটি প্রকাশিত হয়েছে। প্রথম অংশটি বর্ষ ১১, সংখ্যা ২-এ প্রকাশিত হয়েছিল।

567. পশ্চিমবঙ্গের সামাজিক অস্থিরতা/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ১ (জানুয়ারী-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ৭-১৫.
মনস্তাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে সামাজিক অস্থিরতাকে বিশ্লেষণ করা হয়েছে এই প্রবন্ধে।

568. সোভিয়েত জাতিসমূহের পরিবার ও ভারত/এস.জি. সরদেশাই. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১৬-২১.
রুশ সমাজতান্ত্রিক বিপ্লব জাতিসমস্যার সমাধান করেছিল, এটা আমাদের অনেকেরই জানা নেই। রাশিয়ার জাতিসমস্যার সমাধান ও ভারতের জাতিসমস্যা নিয়ে এই প্রবন্ধে আলোচনা করা হয়েছে।

569. মনোবিদের ডায়েরী প্রক্ষোভের প্রকৃতি/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২২-২৮.
এটি দুটি রোগ ইতিহাসের পরিচয় ও বৈজ্ঞানিক বিশ্লেষণ।

570. আতঙ্কের আবেশ ইয়ুং, মর্টন প্রিন্স, ম্যাকডুগাল/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২৮-৩২.
ইয়ং, মর্টন প্রিন্স, ম্যাকডুগাল নিজ নিজ অভিজ্ঞতার ভিত্তিতে আতঙ্কগ্রস্ত রোগীর যে বিবরণ পেশ করেছেন সে সম্পর্কে এই নিবন্ধে আলোচনা করা হয়েছে।

571. অবসেশনের পাভলভীয় ব্যাখ্যা/পরিতোষ গুপ্ত. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ৩৩-৩৯.
পাভলভীয় ব্যাখ্যায় নিউরোসিস ও তার কারণ বিশ্লেষণ নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

572. দুশ্চিন্তা ও তার প্রতিক্রিয়া/সন্তোষকুমার দে. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা :

পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.

পৃ. ৪০-৪৫.

দুশ্চিন্তা, উদ্বেগ মানুষের শরীরে ও মনে কি প্রভাব ফেলে সে বিষয়ে আলোচনা করা হয়েছে এই নিবন্ধে।

573. স্বেচ্ছামৃত্যু/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.

পৃ. ৪৬-৬৪.

এটি একটি একাঙ্ক নাটিকা।

574. পশ্চিমবঙ্গের সাম্প্রতিক পরিবার জীবন প্রসঙ্গে/রামকৃষ্ণ মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.

পৃ. ৭৫-৭৬.

পাভলভ ইনস্টিটিউট আয়োজিত ''আর্থসামাজিক পরিবর্তন ও পরিবার'' শীর্ষক আলোচনাচক্রের তৃতীয় সভায় ড. রামকৃষ্ণ মুখোপাধ্যায়ের ভাষণের সারাংশ এটি। এতে পশ্চিমবঙ্গের মানুষের সমাজজীবন, পরিবারজীবন নিয়ে আলোচনা করা হয়েছে।

575. চিকিৎসায় সংবেশন/হৃষীকেশ জানা. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.

পৃ. ৭৭-৭৯.

চিকিৎসায় সংবেশন বা হিপনোসিস একটি কার্যকরী চিকিৎসা পদ্ধতি। এই বিষয়েই এই প্রবন্ধ আলোচিত হয়েছে।

576. নিদ্রা ও জাগরণের মধ্যবর্তী স্তরসমূহ : সম্মোহন পর্ব/এ.জি. ইভানভ্ স্মলেনস্কি; পরিতোষ গুপ্ত, অনু. – মানবমন. – বর্ষ ১২, (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.

পৃ. ৮১-৮৫.

নিদ্রা ও জাগরণের অন্তবর্তী পরিবৃত্তিকালীন ও মধ্যবর্তী পর্বসমূহ সম্পর্কিত বিষয় সম্পর্কে মনোবিদ্যায় সম্মোহন নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

577. সম্মোহন প্রসঙ্গে/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.

পৃ. ৮৬-৯৪, ১৪৫.

সম্মোহন প্রক্রিয়ার ব্যবহারের ইতিহাস এখানে আলোচনা করা হয়েছে।

578. সমাজ-আর্থনীতিক পরিবর্তন ও বাঙালী মধ্যবিত্ত পরিবার/তরুণ সান্যাল. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.

পৃ. ৯৫-১০৪.

পশ্চিমবঙ্গের সমাজ-অর্থনৈতিক পরিবেশে বদলের সঙ্গে সঙ্গে বাঙালী মধ্যবিত্ত পরিবারগুলির মধ্যে কি

ধরনের পরিবর্তন ঘটছে সে বিষয়ে এখানে বিস্তারিত আলোচনা করা হয়েছে। পাভলভ ইনস্টিটিউট আয়োজিত 'আর্থসামাজিক পরিবর্তন ও পরিবার শীর্ষক আলোচনায় প্রথম সভায় এই প্রবন্ধটি গঠিত হয়।

579. একক নাগর মধ্যশ্রেণীর পরিবার : সমাজবৈজ্ঞানিক বিশ্লেষণ/কালিদাস বসু. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১০৫-১১০.
এই নিবন্ধের আলোচ্য বিষয় হল নগরাঞ্চলের মধ্যশ্রেণীর একক পরিবার। পাভলভ ইনস্টিটিউট আয়োজিত 'আর্থসামাজিক পরিবর্তন ও পরিবার' শীর্ষক আলোচনায় চতুর্থ সভায় এই প্রবন্ধটি গঠিত হয়।

580. আর্থ-সামাজিক পরিবর্তন ও পরিবার/নারায়ণ চৌধুরী. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১১১-১২০.
এই নিবন্ধে অর্থনীতি ও সামাজিক দৃষ্টিকোণ থেকে সমসাময়িক কালে পশ্চিমবাংলার মধ্যবিত্ত ও কৃষক সমাজের পারিবারিক কাঠামোয় যেসব পরিবর্তন সাধিত হয়েছে তার আলোচনা করা হয়েছে। পাভলভ ইনস্টিটিউট আয়োজিত 'আর্থসামাজিক পরিবর্তন ও পরিবার' শীর্ষক আলোচনায় দ্বিতীয় সভায় প্রবন্ধটি গঠিত হয়।

581. সম্মোহনক্রিয়ার বিচিত্র ইতিহাস/বিভুরঞ্জন গুহ. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১২১-১৩৬.
সম্মোহনবিদ্যা সুপ্রাচীনকাল থেকে ব্যবহৃত হয়ে আসছে। সেই সম্মোহনবিদ্যার ইতিহাস আলোচনা এই নিবন্ধের মূল বিষয়।

582. লুই মর্গানের সমাজবিবর্তন তত্ত্ব কি একরৈখিক/অতুল চন্দ্র চন্দ. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১৩৭-১৪০.
লুই মর্গান আধুনিক সমাজ বিবর্তনের অন্যতম পথিকৃত হিসাবে প্রতিষ্ঠিত। মার্কস এঙ্গেলস তার লেখার দ্বারা প্রভাবিত হয়েছিলেন তার সমাজ বিবর্তনের তত্ত্বের একরৈখিকতার খণ্ডনের আলোচনা আছে এই লেখায়।

583. আপনার সন্তানকে ভালবাসতে শেখান/লিদিয়া বোগদানোভিচ. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১৪১-১৪৪.
বয়ঃসন্ধিকালীন ছেলেমেয়েদের যে শারীরবৃত্তিয় ও মনঃস্তাত্ত্বিক পরিবর্তন আসে সে বিষয়ে অভিভাবকের উচিত সন্তানদের সঙ্গে খোলামেলা আলোচনা করা। এখানে এই বিষয়েই অভিভাবকদের সচেতন করেছেন লেখক।

584. গণমাধ্যম গণসম্মোহন গণহিস্টিরিয়া/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১৫৩-১৫৪, ১৮৯-১৯৪.
গণসম্মোহন ও গণহিস্টিরিয়ার ক্ষেত্রে গণমাধ্যমের ভূমিকা এই প্রবন্ধের আলোচ্য বিষয়।

585. হিস্টিরিয়া/আই.পি. পাভলভ; পরিতোষ গুপ্ত, অনু. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১৫৫-১৭১.
বিশিষ্ট শারীরবিজ্ঞানী পাভলভ হিস্টিরিয়া সম্পর্কে বিশদে আলোচনা করেছেন।

586. হিস্টিরিয়া প্রসঙ্গে স্বপ্নচারিতা/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১৭২-১৮১.
স্বপ্নচারিতা, মনস্তাত্ত্বিকদের কাছে এই রোগাবস্থার গুরুত্ব অসীম। এই বিষয়টি নিয়ে এই প্রবন্ধে আলোচনা করা হয়েছেন।

587. গণহিস্টিরিয়ার একটি আলেখ্য/পর্যবেক্ষক. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১৮২-১৮৮.
গণ-হিস্টিরিয়া সম্পর্কে একটি আলেখ্য রচনা করে তার ব্যাখ্যা বিশ্লেষণ করা হয়েছে এখানে।

588. একস্ ও ওয়াই শরীরাণুর বৈশিষ্ট্য/সন্তোষকুমার দে. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ১৯৫-২০১.
মানবদেহে X, Y ক্রোমোজোমের বৈশিষ্ট্য সম্পর্কে এখানে আলোচনা করা হয়েছে।

589. জীবজগতে অতিশব্দ/মৃণালকান্তি সাহা. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২০১-২০৪.
অতিশব্দ (ultrasoniecs) বা শব্দহীন শব্দ জীবজগতে কী প্রভাব বিস্তার করে সে বিষয়ে এই বিজ্ঞান সাময়িকীতে আলোচনা করা হয়েছে।

590. লক্ষ্য পরাবর্ত ও আনোখিন/আ. আদ্‌ঝুবেই. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২০৫-২০৮.
১৯১৭ সালে পাভলভ লিখেছিলেন, মানুষ ও অন্যান্য প্রাণীর আচরণ বিশ্লেষণ করে তিনি এই ধারণায় এসেছেন যে এক ধরনের পরাবর্ত আছে, যাকে বলা চলে 'লক্ষ্য পরাবর্ত'। এই পরাবর্ত নিয়ে তাঁর শিষ্য

আনোখিন অনেক কাজ করেছেন। সেই বিষয়েই এই নিবন্ধ রচিত।

591. দেশ-বিদেশের পত্রিকা থেকে. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২০৮-২১০.
এটি পত্রিকার একটি নতুন উপবিভাগ। এই উপবিভাগে মূলত সোভিয়েত ইউনিয়নে প্রকাশিত পত্রিকার কিছু বিজ্ঞানভিত্তিক খবরের উল্লেখ আছে। যেমন—প্রসবে ইলেক্ট্রসন, স্মৃতিশক্তি ট্রেনিং, লজ্জা, মনোবিদ্যার বিভিন্ন সিস্টেম, সোভিয়েত মনোবিদ্যা, হিস্টিরিয়া ইত্যাদি।

592. দুর্ভাগা দেশ/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২৩৩-২৫৩, ৩৩৯-৩৪৭.
এটি একটি পূর্ণাঙ্গ নাটক।

593. মস্তান সমাচার/উত্তর দত্ত. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২৫৪-২৬৩.
ডাঃ বিজয় মুখার্জী (মার্গারেট হোপ টি এস্টেট, দার্জিলিং) তাঁর পত্রে খুবই গুরুত্বপূর্ণ কয়েকটি প্রশ্ন তুলে ধরেছেন। মস্তানদের সামাজিক মর্যাদা বৃদ্ধিতে ডাঃ মুখার্জী খুবই বিচলিত। এই প্রসঙ্গে তাঁর প্রশ্নের উত্তর দিচ্ছেন তাঁরই মতো একজন চিন্তাশীল পাঠক উত্তর দত্ত।

594. হৃদযন্ত্র বনাম হৃদয়/রুদ্রেন্দ্রকুমার পাল. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২৬৪-২৬৭.
ইংরাজী হৃদযন্ত্র Heart বস্তুবাচক, গুণবাচক দুই অর্থেই আমরা ব্যবহার করে থাকি। বস্তুবাচক হৃদযন্ত্র আর গুণবাচক হৃদয়ের ভূমিকা যে মানবদেহে আলাদা সে বিষয়ে এখানে আলোচনা করা হয়েছে।

595. বীক্ষণ/মন্মথ রায়. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২৬৮-২৭২.
এটি একটি একাঙ্কিকা নাটক।

596. মানুষের জন্যে/নন্দগোপাল সেনগুপ্ত. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২৭৩-২৭৫.
যুদ্ধকালীন ফাঁপাই মুদ্রা, চোরাবাজার, দুর্ভিক্ষ, দাঙ্গা, দেশভাগজনিত বাস্তুচ্যুতি ও শরণার্থী সমাগম এই পটভূমিতে যাদের জন্ম, সেই নতুন প্রজন্মের মানুষরা তথাকথিত সম্প্রীতি, শুচিতা, প্রেম ও প্রত্যয় অপেক্ষা

ঘৃণা, নৈরাশ্য ও অনিশ্চয়তার মনস্তত্ত্বই যে বেশী করে আহরণ করবে এই বিষয়ে এখানে আলোচনা করা হয়েছে।

597. 'ব্লো-হট' সাম্রাজ্যবাদী স্নায়ুযুদ্ধের একটি অস্ত্র/কল্পতরু সেনগুপ্ত. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২৭৬-২৮০.
পশ্চিমবাংলার সাংস্কৃতিক ঐতিহ্য বহুদিনের। এই ঐতিহ্যে আঘাত হেনেছে 'ব্লো-হট' নামক সংস্কৃতি। যা লেখকের মতে বুর্জোয়া সাম্রাজ্যবাদী অপসংস্কৃতি।

598. মৈত্রেয়ী বনাম যাজ্ঞবল্ক্য : রায়দান/বিচারক. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২৮১-২৮৬.
নারী ও পুরুষের মর্যাদার ওপর অধিষ্ঠিত আর্থ-সামাজিক স্বাধীনতা ও সমানাধিকার লেখক পুরতানকালের মনীষী যাজ্ঞবল্ক্য ও মৈত্রেয়ীর অভিযোগ-প্রত্যাভিযোগের মাধ্যমে বিচারসভায় উপস্থিত করেছেন। দুটি পক্ষকেই আশস্ত করেছেন যে আমাদের আধুনিক হতে হবে।

599. গণমাধ্যম প্রসঙ্গে : এ্যারিস্টটল-ম্যাকলুহান/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২৮৭-২৯৭.
এই নিবন্ধে গণমাধ্যমের আলোচনার সূত্রপাত করা হয়েছে এবং সেই সঙ্গে ম্যাকলুহানের 'মাধ্যম বিপ্লব' (Revolution in media) সংক্রান্ত প্রশ্নের উত্তর দিয়েছেন লেখক।

600. জনশিক্ষা ও গণমুক্তি/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়; পরিতোষ গুপ্ত, অনু. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ২৯৮-৩০৮.
শিক্ষা যে মানুষের মুক্তির পথ প্রশস্ত করে সেই বিষয়েই এখানে আলোচনা করেছেন লেখক।

601. ঐতিহ্য অনুসৃতি/সত্যব্রত ঘোষ দস্তিদার. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ৩০৯-৩১৭.
এই নিবন্ধে লেখক জেনারেশন গ্যাপ নিয়ে আলোচনা করেছেন।

602. মনোবিদের ডায়েরী : অমরত্ব সম্পর্কে সরলবাবুর চিন্তা/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট ১৯৭৩.
পৃ. ৩১৮-৩২২.
এটি একটি রোগ ইতিহাস।

603. মানুষ বুদ্ধিতে শ্রেষ্ঠ কেন/সন্তোষকুমার দে. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর–ডিসেম্বর).

কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ৩২৩-৩৩০.
মানুষের মস্তিষ্কের বিবর্তন নিয়ে এই নিবন্ধে বৈজ্ঞানিক আলোচনা করা হয়েছে।

604. মর্গানের বিবর্তনতত্ত্বের বিষয়ে রুশীয় নৃতত্ত্ববিদ্‌গণের অভিমত/অতুলচন্দ্র চন্দ. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ৩৩১-৩৩৩.
মর্গানের বিবর্তনতত্ত্ব সম্পর্কে রুশদেশের নৃতত্ত্ববিদ্‌গণের ভাবনাচিন্তা এই নিবন্ধে স্থান পেয়েছে।

605. শিল্পধর্মী ও চিন্তাধর্মী মস্তিষ্ক সম্পর্কে/আই.পি. পাভলভ; পরিতোষ গুপ্ত, অনু. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ৩৩৪-৩৩৬.
শারীরবিজ্ঞানী পাভলভের গবেষণায় মস্তিষ্কের নিস্তেজনা ও উদ্দীপনা ক্ষমতার ওপর ভিত্তি করে দুটি প্রধান মস্তিষ্কের ধরন বা টাইপ আবিষ্কার করেন। এই দুটি ধরন হল শিল্পধর্মী ও চিন্তাধর্মী মস্তিষ্ক।

606. ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়ের নাটক সম্পর্কে কয়েকটি অভিমত. – মানবমন. – বর্ষ ১২, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৩.
পৃ. ৩৩৮.
ডা. ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়ের রচিত নাটক সম্পর্কে প্রেমেন্দ্র মিত্র, হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়, মন্মথ রায় ও নারায়ণ গঙ্গোপাধ্যায়-এর অভিমত এখানে স্থান পেয়েছেন।

607. পত্র প্রসঙ্গে : ঐতিহ্য অনুসৃতি. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.

608. সাম্প্রদায়িকতা : মনস্তাত্ত্বিক ও সমাজতাত্ত্বিক বিশ্লেষণ/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ৭৩.

609. পাভলভ পরিচিতি/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ৮৭.

610. বাংলা নাট্য সাহিত্য/নারায়ণ চৌধুরী. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১০১.

611. সংবাদ সাময়িকী. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১০৮

612. সমাজতান্ত্রিক দেশে নারী. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৯৭৪.

613. অধিমনোবিদ্যা ও পরামনোবিদ্যা/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১১৩.

614. সত্যেন্দ্র প্রয়াণ ও বোস-সমষ্টিকা. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১২৬.

615. মনোবিদের ডায়েরী অভিচার বিভ্রম. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৩১.

616. ক্ষমতা ও দুর্নীতি/পান্নালাল দাশগুপ্ত. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-প্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৩৭.

617. ক্ষমতাভিমান তথা দুর্নীতি/অরুণা হালদার. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৪২.

618. সন্তান পালন ও পিতামাতার শাসন কর্তৃত্ব/এ্যানটন ম্যাকারেংকা; বিভুরঞ্জন গুহ, অনু. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৪৬.

619. ক্ষমতা ও দুর্নীতি : সামাজিক অবস্থিতির গতিধারা/কালিদাস চক্রবর্তী. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৫৩.

620. ক্ষমতা ও দুর্নীতি/নারায়ণ চৌধুরী. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৬১.

621. রাষ্ট্রশক্তি ও ভ্রষ্টাচার/অজিত রায়. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৬৮.

622. কোরাপশন ও ক্ষমতা/তরুণ সান্যাল. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৭২

623. যন্ত্রদানব ও যন্ত্রমানব/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৭৭.

624. ক্ষমতা ও দুর্নীতি/রঘুবীর চক্রবর্তী. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৮৫.

625. নাটক : দুর্ভাদেশ শেষ অংশ/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ১৮৭.

626. ঐতিহ্য অনুসৃতি প্রসঙ্গে/তপন মিত্র. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.

627. গুরুমস্তিষ্ক ও বিশ্লেষণী অঙ্গ/আই.পি. পাভলভ. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ২০৯.

628. মুক্তি প্রসঙ্গে/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ২২১.

629. খার্তুম প্রবাসী ভারতীয় সমাজ/ক্ষমা মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ২২৯.

630. সাম্প্রতিক নাটকের একরটি সমস্যা/আশুতোষ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ২৩৫.

631. ক্ষমতা, দ্বন্দ্ব ও দুর্নীতি/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.

632. মনোবিদের ডায়েরী/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা :

পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ২৪৯.

633. মনোবিদ্যার নতুন তথ্য/হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ২৫৪.

634. সেকুলার স্টেট বলতে কী বোঝায়/অন্নদাশঙ্কর রায়. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ২৫৭.

635. ক্ষমতা ও দুর্নীতি/বুদ্ধদেব ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ১৩, (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ২৬৪

636. মনঃসমীক্ষণবাদের ত্রুটি কোথায়/বিভুরঞ্জন গুহ. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ২৮৪.

637. শিবকথা/অরুণা হালদার. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ২৯৫.

638. সমাজতন্ত্র ও বিচ্ছিন্নতা/পর্যবেক্ষক. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ৩০৪.

639. মগজধোলাই ও মনোহনন/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৩, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৪.
পৃ. ৩১৬.

640. ভারতে নূতন আইন/ক্ষমা মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১৭-২৩.
১৯৭১ সালের ১০ই আগস্ট ভারতের নূতন গর্ভপাত আইনের সংবাদ ও তার ব্যবহার, গুরুত্ব নিয়ে এই নিবন্ধ রচিত।

641. মনোবিদের ডায়েরী/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.

পৃ. ২৪-৩০.
এখানে লেখক দুই ব্যক্তির রোগ ইতিহাস নিয়ে আলোচনাকালে মর্ষকাম (Masochism) নিয়ে আলোচনা করেছেন।

642. পরামনোবিদ্যা ও আধুনিক বিজ্ঞান/সন্তোষকুমার দে. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ৩১-৪১.
আধুনিক বিজ্ঞানীদের বুদ্ধিতে ব্যাখ্যা চলে না এই রকম ঘটনার ব্যাখ্যার জন্য বিজ্ঞানের নতুন শাখা পরামনোবিদ্যা। বিজ্ঞানের এই শাখাটি নিয়েই এখানে আলোচনা করা হয়েছে।

643. শিক্ষাব্যবস্থায় ফ্রয়েডবাদ ও প্রয়োগবাদ/প্রমোদরঞ্জন সেনগুপ্ত. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ৪২-৪৬.
আমেরিকা যুক্তরাষ্ট্রের শিক্ষাব্যবস্থায় আমেরিকার সমাজব্যবস্থা কতটা প্রতিবিম্বিত হয়েছে এখানে তাই আলোচনা করা হয়েছে।

644. আধুনিক মানুষ ও আধুনিক মনোবিদ্যা/বিভুরঞ্জন গুহ. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ৪৭-৫১.
মানুষের জীবনে আধুনিক মনোবিজ্ঞানীদের অবদান নিয়ে এই নিবন্ধ রচিত হয়েছে।

645. সাইকোট্রনিক্স্ প্রসঙ্গে/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ৫২-৬৪.
সাইকোট্রনিক্স্ তথা পরামনোবিদ্যা নিয়ে এই নিবন্ধে বিশদে আলোচনা করেছেন লেখক।

646. পুরুষ-প্রধান সমাজ ও নারীমুক্তি আন্দোলন. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ৭৫-৯৬, ১২৭-১৩৮.
নারীমুক্তি আন্দোলন ও সমাজে পুরুষের প্রাধান্যের অভিব্যক্তি সম্পর্কে উক্ত নিবন্ধে 'মানবমন' পত্রিকায় প্রকাশিত পুরানো কতকগুলি নিবন্ধের সংকলন এবং এ প্রসঙ্গে লেখকের বক্তব্য প্রকাশিত হয়েছে।

647. মনোবিদের ডায়েরী/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ৯৭-১০৩.
মনোরোগের চিকিৎসায় মনোচিকিৎসকের ভূমিকা এবং চিকিৎসা সম্পর্কে আলোচনা করে এখানে দুটি রোগ ইতিহাসের উল্লেখ করা হয়েছে।

648. শিক্ষাশাস্ত্রী রবীন্দ্রনাথ/অরুণা দেবী হালদার. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১০৪-১১০.
রবীন্দ্রনাথকে শিক্ষক বা শিক্ষাবিদ হিসাবে যদি আমরা দেখি তাহলে কেমনভাবে পেতাম সেই বিষয়েই এই নিবন্ধে আলোচনা করা হয়েছে।

649. মনোবৈজ্ঞানিক অভিধানের কয়েকটি পাতা/ধ্রুবজ্যোতি মজুমদার. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১১১-১২৮.
মনোবৈজ্ঞানিক কয়েকটি শব্দের অভিধান তৈরির একটি নমুনা এখানে প্রকাশ করা হয়েছে।

650. পুরুষ প্রাধান্য সম্পর্কে এঙ্গেলস, বিবাহ সম্পর্কে বার্ট্রান্ড রাসেল, সমাজতান্ত্রিক রাষ্ট্রে মেয়েদের অবস্থা. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১৪০.
এই অংশে উক্ত তিনটি শিরোনামে তিনটি বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে।

651. দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর বাংলা নাটকে মনোবিকার/অভ্র ঘোষ. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১৪২-১৪৯.
পাভলভ ইনস্টিটিউটের রজতজয়ন্তী উপলক্ষে যে আলোচনা সভা আহূত হয় তার একটি ছিল 'বাংলাসাহিত্যে মনোবিকার পর্যালোচনা'। এই আলোচনামালায় উপস্থাপিত হয় উক্ত প্রবন্ধটি। এই প্রবন্ধে বাংলা নাটকে মনোবিকার কিভাবে প্রতিফলিত হয়েছে সে বিষয়ে আলোচনা করা হয়েছে।

652. মনোবিকার প্রসঙ্গ/অসীম রায়. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১৫০-১৫২.
এই প্রবন্ধের আলোচ্য বিষয় হল বাংলা সাহিত্যে মনোবিকারের অনুধাবন।

653. দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর বাংলা কবিতায় মনোবিকার/অমিতাভ দাশগুপ্ত. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১৫৩-১৫৬.
বাংলা কবিতা লিখনে মনোবিকারের প্রতিফলন নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

654. চিঠিপত্র. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১৫৭-১৫৯.
এটি পত্রিকার এমন একটি অংশ যেখানে পাঠকের লেখাপত্র প্রকাশিত হয়।

655. প্রজনন বিপ্লব ও সংশ্লিষ্ট সমস্যা/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১৭১-১৭৬.
বর্তমান প্রবন্ধে বিজ্ঞানের সর্বাত্মক বৈজ্ঞানিক বিপ্লবের অতি গুরুত্বপূর্ণ একটি দিক—প্রজনন বিপ্লব নিয়ে আলোচনা করা হয়েছে।

656. স্বাধীনতা এবং মর্যাদার পরপারে/ধ্রুবজ্যোতি মজুমদার. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১৭৭-১৯২, ২৮৭-২৮৮.
বি. এফ. স্কিনারের লেখা Beyond Freedom and Dignity বইটিকে ঘিরে এই নিবন্ধে আলোচনা করা হয়েছে।

657. নাটকে মনোবিকার/অজিত ঘোষ, আলোচনা সভাপতি. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১৯৩-১৯৮.
বাংলা নাটকে মনোবিকার নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

658. কথাসাহিত্যে মনোবিকার/ক্ষুদিরাম দাস, সভাপতি. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ১৯৯-২০৫.
বাংলা কথাসাহিত্যে মনোবিকার নিয়ে এই প্রবন্ধ আলোচিত হয়েছে।

659. কবিতায় মনোবিকার/প্রেমেন্দ্র মিত্র, অরুণ মিত্র, সভাপতি. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২০৫-২০৮.
বাংলা কবিতায় মনোবিকার নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

660. মূল সভাপতি শ্রীগোপাল হালদারের ভাষণ/দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, অনুলিখন. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২০৮-২১০.
সাহিত্যে মনোবিকার শীর্ষক আলোচনায় সভাপতির ভাষণে কেমন করে বিংশ শতাব্দীর সমাজজীবনে পৃথিবীব্যাপী শিল্প-সাহিত্যে মনোবিকার তৈরি হয়েছিল এর মার্কসীয়-পাভলভীয় রূপরেখা দিয়েছেন।

661. বাংলা কথাসাহিত্যে মনোবিকার : দ্বিতীয় মহাযুদ্ধের পূর্ববর্তী কাল পর্যন্ত/রবীন্দ্রনাথ গুপ্ত. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২১১-২১৪, ২৮৬.
দ্বিতীয় বিশ্বযুদ্ধের পূর্ববর্তী বাংলা কথাসাহিত্যে মনোবিকারের প্রতিফলন সংক্রান্ত আলোচনা এই প্রবন্ধে

লিপিবদ্ধ আছে।

662. পারাবার/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২১৫-২৩১.
এটি একটি পূর্ণাঙ্গ নাটক।

663. নার্স ও রোগী/রুদ্রেন্দ্রকুমার পাল. মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২৩২, ২৮১-২৮৫.
নার্স ও রোগীর সম্পর্ক এই নিবন্ধের মূল আলোচ্য বিষয়।

664. শরৎচন্দ্রের 'চরিত্রহীন' : মনঃসমীক্ষণের আলোকে/অমলশঙ্কর রায়. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২৩৩-২৩৬.
শরৎচন্দ্রের 'চরিত্রহীন' উপন্যাসে ব্যক্ত প্রধান চরিত্রগুলির মাধ্যমে লেখক যে মনস্তত্ত্বের পটভূমিকা তৈরি করেছেন এর ফ্রয়েডীয় মনবিশ্লেষণমূলক রূপরেখা দেওয়া আছে।

665. নিম্নশ্রেণী প্রাণীর ভাষা/সন্তোষকুমার দে. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২৩৭-২৪২.
নিম্নশ্রেণীর প্রাণীদের ভাষা (ধ্বনি) নিয়ে এখানে বিশদে বৈজ্ঞানিক আলোচনা করা হয়েছে।

666. বৈদ্যুৎ-চৌম্বকক্ষেত্র ও মস্তিষ্ক/ওয়াই.এ. খোলোদভ; পরিতোষ গুপ্ত, অনু. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২৪৩-২৫০.
রুশ সাইবারনেটিক্স বিশেষজ্ঞ খোলোদভ স্নায়ুবিক ক্রিয়া-প্রতিক্রিয়ায় যে বৈদ্যুতিক চৌম্বকক্ষেত্র তৈরি এর পরীক্ষানিরীক্ষার বর্ণনা দিয়েছেন।

667. চুম্বক ও স্বাস্থ্য/ওয়াই. এ. খোলোদভ. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২৫১-২৫৪.
মানুষের স্বাস্থ্য ও চিকিৎসায় চুম্বকের প্রভাব নিয়ে এই নিবন্ধে আলোচনা করা হয়েছে।

668. পরামনোবিদ্যা/সুবোধরঞ্জন দাশগুপ্ত. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২৫৫-২৫৮.

পরামনোবিদ্যা বা Parapsychology নিয়ে এই নিবন্ধে আলোচনা করা হয়েছে।

669. ভাষার মূল্যায়ন/পুণ্যশ্লোক রায়. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২৫৯-২৬৭.
বিশুদ্ধ বৈজ্ঞানিক পদ্ধতিতে ভাষার মূল্যায়ন করা যায় কিনা—তা এই নিবন্ধের আলোচ্য বিষয়।

670. ভিন্ন মত/ক্ষমা মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২৬৮-২৭৩.
'মানবমন' রজতজয়ন্তী সংখ্যায় নারীমুক্তি আন্দোলন নিয়ে যে মত প্রকাশ করা হয়েছে তার প্রত্যুত্তরে ভিন্ন মত এই নিবন্ধে আলোচনা করা হয়েছে।

671. মেধাবীদের সম্পর্কে অভীষা/বিভুরঞ্জন গুহ. – মানবমন. – বর্ষ ১৪, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৫.
পৃ. ২৭৪-২৮০.
মেধা বলতে কি বোঝায়, বুদ্ধ্যঙ্কর সঙ্গে এর সম্পর্ক কি, প্রচলিত আর্থসামাজিক ব্যবস্থায় নিয়োজিত জীবনধারণের সংগ্রামে মেধাবীর উৎকর্ষতা কি—এই বিষয়ে এখানে আলোচনা করা হয়েছে।

672. শিশু কী করে ভাষা শেখে/ধ্রুবজ্যোতি মজুমদার. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৯-১৮.
মনোবিজ্ঞানের দৃষ্টিভঙ্গীতে শিশুর ভাষা শিক্ষার বিষয়টি ধারাবাহিক, নিয়মিত পর্যবেক্ষণ এবং সুনিয়ন্ত্রিত পরীক্ষণের সামগ্রী। শিশু মনোবিদ্যার গন্ডীর মধ্যে শিশুর ভাষা শিক্ষার বিষয়টি বিশেষ গুরুত্ব লাভ করেছে। মনোবিজ্ঞানীদের পাশাপাশি ভাষাবিজ্ঞানীরাও এ বিষয়ে কাজ করছেন।

673. যন্ত্রযুগ ও মনোবিদ্যা/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১৯-২৪.
গতশতকের মধ্যভাগ থেকে জীব-বিজ্ঞান, পদার্থবিজ্ঞান ইত্যাদিতে নতুন নতুন আবিষ্ক্রিয়ার ফলে মনোবিদ্যার উপর যন্ত্রযুগের প্রভাব পড়ে এবং পরীক্ষামূলক মনোবিদ্যা গড়ে উঠতে থাকে। এই নিবন্ধে সেই বিষয় নিয়েই আলোচনা করা হয়েছে।

674. মানসিক স্বাস্থ্য সমস্যায় মানস-ভেষজ বিজ্ঞানের অবদান/বি. মুখার্জী; পরিতোষ গুপ্ত, অনু. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২৫-৩১.
এটি ত্রিসপ্ততিতম আচার্য জগদীশচন্দ্র স্মৃতি বক্তৃতা ১৯৭৫। বক্তা বিষয় হিসাবে এটাকে নির্বাচন করার কারণ

হিসাবে বলেছেন, জৈব চিকিৎসাবিজ্ঞান সম্পর্কিত গবেষণার এই বিভাগটি মানসিক স্বাস্থ্য সমস্যাবলীর উপর হিতকর প্রভাব বিস্তার করেছে।

675. অরুণাচল বসুর কবিতা/রাম বসু. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৩২-৩৩.
কবি অরুণাচল বসুর কবিতা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

676. শিশু অপরাধীদের সমস্যা/ইয়েভ্‌গেনি স্মিরনভ. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৩৪-৩৫.
শিশু অপরাধীদের বিভিন্ন সমস্যা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

677. চিঠিপত্র : পরামনোবিদ্যা/হিমাংশু পাল. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৩৬-৪০.
পরামনোবিদ্যা সংক্রান্ত কিছু প্রশ্নের উত্তর দিয়েছেন লেখক।

678. ফ্যাসিবাদের দার্শনিক ও মনস্তাত্ত্বিক পটভূমিকা/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৪১-৪৭.
ফ্যাসিবাদের দার্শনিক ও মনস্তাত্ত্বিক দিকগুলি এখানে আলোচিত হয়েছে।

679. মনোরোগ নির্ণয়ের অধিকার/এলিওনেরা গরবুনেভা. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৪৮-৫১.
সোভিয়েত রাশিয়ায় কি পদ্ধতিতে পরীক্ষা করে একজন রোগীর মানসিক রোগ নির্ণয় করা হয় এখানে সে বিষয়ে আলোচনা আছে।

680. আবেশের পাভলভীয় ব্যাখ্যা/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৫২-৫৬.
আতংকের আবেশ বা অন্য যে কোনো আবেশের পাভলভীয় মতানুসারে ব্যাখ্যা করা হয়েছে এখানে।

681. বিজ্ঞানসম্মত ভবিষ্যদ্বানী/সন্তোষকুমার দে. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৫৭-৬৩.
বিজ্ঞান ও প্রযুক্তিগত আবিষ্কারগুলোর পূর্বাভাষ নিয়ে এখানে বৈজ্ঞানিক আলোচনা করা হয়েছে।

682. প্রক্ষোভ প্রসঙ্গে/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৭৩-৮০.
Emotion বা প্রক্ষোভ প্রসঙ্গে এখানে লেখক বিজ্ঞানভিত্তিক মনস্তাত্ত্বিক আলোচনা করেছেন।

683. মনোবিদের ডায়েরি/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৮১-৯৩.
প্রবৃতি (Instinct), প্রক্ষোভ (Emotion) এবং চিন্তা (Thinking) নিয়ে বিজ্ঞানভিত্তিক আলোচনা করার পর একজন ব্যক্তির মনস্তাত্ত্বিক সমস্যা নিয়ে আলোচনা করেছেন।

684. শতোর্ধ বয়সীদের কথা/ভ্লাদিমির কিউচারিয়ান্তস্. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৯৪-৯৮.
শতোর্ধ বয়সী মানুষদের জীবনযাত্রার ধরণ ও জিনগত বৈশিষ্ট্য নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

685. নারী-মুক্তি আর মুক্তি-মনস্তত্ত্বের একটি দিক/প্রসেনজিৎ চৌধুরী. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ৯৯-১০৫.
নারী সমাজের অর্থনৈতিক ও সামাজিক শোষণ এবং মুক্তি-মনস্তত্ত্ব নিয়ে আলোচনা করেছেন লেখক।

686. নারীর অধিকার/তন্ময় বন্দ্যোপাধ্যায়, অনু. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১০৬-১০৮.
নারীদের আইনগত অধিকার অর্জন নিয়ে এই প্রবন্ধে আলোচনা করা হয়েছে।

687. হৃদরোগাক্রান্তের ভীতি. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১০৯-১১০.
'বিজ্ঞান সাময়িকী'র এই প্রবন্ধে হৃদরোগ আক্রান্ত ব্যক্তির মানসিক ভীতি নিয়ে আলোচনা করা হয়েছে।

688. বর্ণান্ধত্ব (colour blindness). – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১১০-১১১.
বর্ণান্ধতা রোগ নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

689. একটি সংবাদ. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১১১.

চিকিৎসাবিজ্ঞানে এক নতুন ধরনের নিদ্রাচিকিৎসা যন্ত্রের আবিষ্কারের খবর এখানে আছে।

690. শিল্প-কারখানায় মনস্তাত্ত্বিক অভীক্ষা ও বৈজ্ঞানিক পদ্ধতির ব্যবহার/বিভুরঞ্জন গুহ. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১১২-১১৭.
শিল্প-কারখানায় শ্রমিকদের মনস্তাত্ত্বিক অভীক্ষায় বৈজ্ঞানিক পদ্ধতির ব্যবহার নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

691. কেমন করে শিশুকে জানা যায়/গালিনা এফিমোভা, জিনাইদা নোভলিয়ানাস্কায়া. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১১৮-১২০.
শিশুদের কল্পনাশক্তির সঙ্গে তাদের বয়স বিচার করে তাদের মনস্তাত্ত্বিক গঠন কাঠামো সম্পর্কে এখানে আলোচনা করা হয়েছে।

692. শরৎচন্দ্র ও রোমান্টিক প্রেম/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১২১-১২৬.
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের রোমান্টিক প্রেম নিয়ে এখানে বিস্তারিত আলোচনা করেছেন লেখক।

694. মনের অসুখ/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১৪৫-১৬২.
এই নিবন্ধে লেখক মনোরোগ সম্পর্কে ধারণা দিয়েছেন।

694. মস্তিষ্কচর্চায় কি মস্তিষ্কের পরিমাণ ও উৎকর্ষ বৃদ্ধি পায়/সন্তোষকুমার দে. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১৬৩-১৬৮.
দীর্ঘকাল ধরে মস্তিষ্ক চালনা করলে মস্তিষ্ক কি গুণ ও পরিমাণগতভাবে উৎকর্ষ লাভ করে–এই বিষয়ে বৈজ্ঞানিক বিশ্লেষণ এই নিবন্ধে আলোচনা করা হয়েছে।

695. আজকের দিনে শিক্ষা ও তার ভবিষ্যত/অরুণা হালদার. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১৬৯-১৭৩.
আধুনিক যুগের শিক্ষাব্যবস্থা যা কতকগুলি শাস্ত্র বা Discipline আয়ত্ত করা তার মাধ্যমে ছাত্রছাত্রীদের ভবিষ্যতে কতটা প্রায়োগিক উন্নতি হবে সে সম্পর্কে এখানে আলোচনা করা হয়েছে।

696. কিভাবে সুখী হওয়া যায়/নিকোলাই আমোসোভ; তন্ময় বন্দ্যোপাধ্যায়, অনু. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.

পৃ. ১৭৪-১৭৭.
মানুষের সুখের স্বপ্ন পৃথিবীর আয়ুষ্কালের মতই পুরনো। প্রত্যেক মানুষেরই সুখের অনুভূতি সম্পর্কিত ধারণা আলাদা। এই বিষয়টি নিয়েই লেখক এই নিবন্ধে আলোচনা করেছেন।

697. ভারতের পরিবার পরিকল্পনা : সংক্ষিপ্ত মূল্যায়ন/পর্যবেক্ষক. — মানবমন. — বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১৭৮-১৮৪.
ভারত সরকার গৃহীত পরিবার পরিকল্পনা নীতির সংক্ষিপ্ত মূল্যায়ন এখানে লিপিবদ্ধ হয়েছে।

698. জতুগৃহ/রাম বসু. — মানবমন. — বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১৮৫-১৯৭.
এটি একটি পূর্ণাঙ্গ নাটক।

699. স্কিজোফ্রেনিয়া রোগ সম্বন্ধে পাভলভের অভিমত/রুদ্রেন্দ্রকুমার পাল. — মানবমন. — বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ১৯৮-২০২.
স্কিজোফ্রেনিয়া একটি মানসিক রোগ। এই রোগটি সম্পর্কে শারীরবিজ্ঞানী ইভান পেত্রভিচ পাভলভের বৈজ্ঞানিক বিশ্লেষণ এখানে করা হয়েছে।

700. সমালোচনা/সুচারু বাগচী. — মানবমন. — বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২০৩-২০৬.
শর্তাধীন পরাবর্ত তত্ত্ব সম্বন্ধে যারা আগ্রহশীল সেই সমস্ত শিক্ষিত অবিশেষজ্ঞ মানুষজনদের জন্য ''পাভলভ পরিচিতি'' বইটি অত্যন্ত কার্যকর হবে এই কথা সমালোচক বলেছেন।

701. ভাষাতত্ত্ব থেকে মনোদর্শন/ধ্রুবজ্যোতি মজুমদার. — মানবমন. — বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২০৭-২২২.
প্রবন্ধের শিরোনামেই সমালোচনার ইঙ্গিত রয়েছে। বস্তুত চম্‌স্কি তাঁর ''ভাষাগত বিপ্লবের'' ফলশ্রুতি হিসেবে মানুষের 'মন' এবং তার ভাষাশিক্ষা সম্পর্কে যে সমস্ত 'যুক্তি স্বাতন্ত্রবাদী' Rationalistic বক্তব্য পেশ করেছেন। এই নিবন্ধে তার সমালোচকমূলক আলোচনা করা হয়েছে।

702. গবেষক সঙ্কট/এন ববরভ; অনুভা মিত্র, অনু. — কলকাতা. — বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২২৩-২২৪.
সারা বিশ্বে বৈজ্ঞানিক গবেষণা সুষ্ঠুভাবে চালিয়ে যেতে হলে সেই পরিমানে বুদ্ধি প্রতিভাসম্পন্ন মানুষের

অভাব দেখা যাচ্ছে। এখানে সেই বিষয়েই আলোচনা করা হয়েছে।

703. মাদকাসক্তি/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২২৫-২২৮.
পুনর্মুদ্রিত?

704. হৃদরোগীর মনস্তত্ব/অজয়কুমার শর্মা. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২২৮-২৩০.
একজন হৃদরোগী যখন তার কিছু শারীরিক সমস্যা নিয়ে বিশেষজ্ঞের কাছে যান তখন তার মনে যে আশঙ্কাগুলো কাজ করে এবং তার ফলে তার শরীরে অন্যান্য যন্ত্রগুলির ক্রিয়া বিঘ্নিত হয়। এখানে সেইসব আলোচনা করা হয়েছে।

705. মস্তিষ্কের ব্যবহার. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২৩০-২৩১.
মস্তিষ্কের যে অংশটাকে আমরা কাজে লাগাতে পেরেছি এবং যে অংশটা এখনো কাজে লাগাতে পারিনি তা কিভাবে বৈজ্ঞানিক উপায়ে কাজে লাগানো যেতে পারে সে ব্যাপারে এখানে আলোচনা করা হয়েছে।

706. হৃদপিন্ডের ইলেক্ট্রনিক সাহায্য-যন্ত্র. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২৩২-২৩৩.
মানব-হৃদ্‌পিন্ড যে কৃত্রিম গতিপরিচালকের বৈদ্যুতিক ইম্পাল্সের জোরে কার্যকর হয় যার নাম ইলেকট্রোকার্ডিওস্টিমুলেটার—এখানে এই যন্ত্রটির কার্যকারিতা নিয়ে আলোচনা করা হয়েছে।

707. রোমান্টিক প্রেম/কণাদ শর্মা. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২৩৪-২৪৪
প্রেম, ভালোবাসা ইত্যাদি বিষয় নিয়ে মনস্তাত্ত্বিক আলোচনা হয়েছে এখানে।

708. নজরুল স্মরণে দশটি প্রস্তাব/সত্যপ্রিয় ঘোষ. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২৪৫-২৪৭.
কাজী নজরুল ইসলামের স্মরণে ১০টি প্রস্তাব উল্লেখিত হয়েছে এখানে।

709. বহুভর্ত্তৃকা/ক্ষমা মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.

পৃ. ২৪৯-২৫২.
প্রাচীন ভারতে এক স্ত্রী'র বহু স্বামী থাকার বিষয়টি নিয়ে এখানে আলোচনা করেছেন লেখিকা।

710. মানুষ ও ভেষজ/ভি. কাজ্‌নাচেভ. — মানবমন. — বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২৫৩-২৫৫.
মানুষের যাবতীয় দেহের ও মনের রোগ নিরাময়ের জন্য ভেষজের অবদান সম্পর্কে রুশ লেখকের রচনার সহজ অনুবাদ আছে এই লেখায়।

711. কু-অভ্যাস বিদূরণ/বিভুরঞ্জন গুহ. — মানবমন. — বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২৫৬-২৬১.
মানুষের কু-অভ্যাস দূরীকরণে মনস্তত্ত্ববিদ্ ও চিকিৎসক অনেকেই নানা চিন্তা করছেন এবং কি করে এগুলি দূর করা যায় তার পথও বলে দিচ্ছেন। এ বিষয় নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

712. মনোবিদের ডায়েরী/মনোবিদ. — মানবমন. — বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২৬২-২৮২.
এটি মনোরোগীর কেস হিস্ট্রি।

713. সমাজতান্ত্রিক বাস্তববাদ ও রোমান্টিকতা/প্রসেনজিৎ চৌধুরী. — মানবমন. — বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২৮৩-২৮৫.
সমাজতান্ত্রিক সমাজের বাস্তবতায় বাস্তববাদী রোমান্টিসিজ্‌ম নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

714. পরামনোবিদ্যা/সরিৎ রায়. — মানবমন. — বর্ষ ১৫, সংখ্যা ৩ এবং ৪ (জুলাই-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৬.
পৃ. ২৮৫-২৮৭.
শ্রী সুবোধরঞ্জন দাশগুপ্তের 'পরামনোবিদ্যা' শীর্ষক প্রবন্ধের উপর শ্রী রমেন্দ্রকুমার পোদ্দার ও শ্রী সুনীলকুমার মুখোপাধ্যায়-এর মন্তব্য সম্পর্কে এখানে বক্তব্য পেশ করা হয়েছে।

715. জনসংখ্যা-খাদ্য-পুষ্টি/পূর্ণেন্দু কুমার বসু; প্রণব ভট্টাচার্য, অনু. — মানবমন. — বর্ষ ১৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ৯-১৬, ৬০-৬২.
আমাদের দেশের খাদ্যাভাব দূরীকরণের পরিকল্পনার সঙ্গে পুষ্টি, জনসংখ্যা ও খাদ্য এই বিষয়গুলির ওপর বিশেষভাবে দৃষ্টি দেওয়া হয়নি। এই সংক্রান্ত আলোচনাই এখানে করা হয়েছে।

716. মনোরোগবিদ্যার (নির্বাচিত) পরিভাষা/ধ্রুবজ্যোতি মজুমদার. — মানবমন. — বর্ষ ১৬, সংখ্যা ১ (জানুয়ারি-

মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ১৭-২৬.
মনোরোগ সম্পর্কিত কিছু সংখ্যক পরিভাষা, তাদের অর্থ ও ব্যবহার নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

717. মনোবিদের ডায়েরি/মনোবিদ. – মানবমন. – বর্ষ ১৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ২৭-৪০, ৫৮-৫৯.
এটি একটি মনোরোগের রোগ ইতিহাস।

718. আত্মহত্যা : সামাজিক ও মনস্তাত্ত্বিক কারণ/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ৪১-৫০.
আত্মহত্যার মনস্তাত্ত্বিক ও সামাজিক কারণ বিশ্লেষণ করেছেন লেখক।

719. প্রতীকের মনস্তাত্ত্বিক কারণ/ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ১৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ৫১-৫৭.
ধর্মীয় প্রতীক ও সাহিত্যে প্রতীকীবাদ নিয়ে প্রচুর আলোচনা ও তর্ক-বিতর্ক হয়েছে। বর্তমান প্রবন্ধে লেখক প্রতীকের মনস্তাত্ত্বিক তাৎপর্য নিয়ে আলোচনা করেছেন।

720. ইলেকট্রনিক্স. – মানবমন. – বর্ষ ১৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ৬৩.
চিকিৎসার ক্ষেত্রে কোয়ান্টাম ইলেকট্রনিক্স এর প্রয়োগ নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

721. স্বয়ংক্রিয় রোগনির্ণয়. – মানবমন. – বর্ষ ১৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ৬৩-৬৪.
স্বয়ংক্রিয় রোগনির্ণয় যন্ত্রের কার্যকারিতা এখানে আলোচিত হয়েছে।

722. মদ্যপের চিকিৎসার জন্য ওষুধ. – মানবমন. – বর্ষ ১৬, সংখ্যা ১ (জানুয়ারী-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ৬৪.
মদ্যপ ব্যক্তির নেশা ছাড়ানোর চিকিৎসায় নতুন ওষুধের কার্যকারিতা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

723. সোভিয়েত ইউনিয়নে নতুন ফ্লু-রোধী টীকা. – মানবমন. – বর্ষ ১৬, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ৬৪.

সোভিয়েত ইউনিয়নে পারমাণবিক প্রক্রিয়ায় নতুন এক ফ্লু-টীকা উদ্ভাবিত হয়েছে। এখানে সেই সংক্রান্ত খবর আছে।

724. শরৎসাহিত্য ও সমকালীন সমাজে সতীকাল্ট/ক্ষমা মুখোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ১৬, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ৭৩-৮০.
শরৎসাহিত্যে আমরা যে বঙ্গীয় ক্ষয়িষ্ণু পল্লীসমাজকে এবং নারীমাত্রই সতীসাধ্বী স্ত্রী (হতেই হবে) দেখি, এই বিষয়ে দৃষ্টিপাত করেছেন লেখিকা।

725. শরৎচন্দ্র : নিরস্ত্র সৈনিক/আশীষ লাহিড়ী. — মানবমন. — বর্ষ ১৬, সংখ্যা ২ এবং ৩ (এপ্রিল-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ১৯৭৭.
পৃ. ৮১-১০০.
2047. বিজ্ঞানের ইতিহাসে বরিস হেসেন/অমিতাভ গুপ্ত. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৮৪-৯০.
বিজ্ঞানের ইতিহাসে রুশ পদার্থবিদ্ বরিস হেসেনের অবদান এখানে আলোচনা করা হয়েছে।

2048. কাকে বলে দর্শন/হাওয়ার্ড সেল্সাম; শুভেন্দু সরকার, অনু. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৯০-৯৩.
ইতিহাসে মুক্তি কেমন করে আসে এই বিষয়ে দর্শনের ভূমিকা কি, এর ইতিহাসগত পটপ্রেক্ষিত লেখক বিচার করেছেন পাশ্চাত্যের দর্শনকে সামনে রেখে।

2049. জীববিজ্ঞানের বিপাকরহস্য/তুষার চক্রবর্তী. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৯৩-১০১.
জীববিজ্ঞানের ভাষায় মেটাবলিজম বা বিপাকক্রিয়া নিয়ে এখানে সংক্ষেপে আলোচনা করা হয়েছে।

2050. মনোচিত্রকের ডায়েরি/মনোচিত্রক. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ১০১-১০৪.
এটি এক মনোরোগীর কেসহিস্ট্রি।

2051. সোভিয়েত বিজ্ঞানে মার্কসীয় বস্তুবাদের প্রভাব/অমিতাভ গুহ. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৩-৭.
রুশ বিপ্লবের অন্যতম ঘোষিত উদ্দেশ্য ছিল শুধু অর্থনীতি বা সমাজনীতিতে নয়, সচেতন ও সর্বাত্মকভাবে মানবীয় জ্ঞানচর্চার সমস্ত বিষয়গুলিতে সৃষ্টিশীলভাবে মার্কসীয় দর্শন প্রয়োগ করে এর থেকে নতুন জ্ঞানভান্ডার তৈরি হবে। এক্ষেত্রে সেই উদ্দেশ্যে বিজ্ঞানে মার্কসীয় বস্তুবাদ কিভাবে প্রভাব বিস্তার করেছে সেই আলোচনাই করা হয়েছে।

2052. প্রাচীন ভারতে বিজ্ঞান/দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৭-২৩.
প্রাচীন ভারতে বিজ্ঞান ও কারিগরিবিদ্যার ইতিহাস নিয়ে এই প্রবন্ধে আলোচনা করা হয়েছে।

2053. বস্তুবাদ জিজ্ঞাসা/রামকৃষ্ণ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ২৩-২৭.

উনিশ শতকে জার্মানিতে দর্শনের যে ভাবধারা গড়ে উঠেছিল এখানে সেই বিষয়েই আলোচনা করেছেন লেখক।

2054. ইতিহাসের প্রেক্ষাপটে শিব ও শৈবধর্ম/সমর ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ২৮-৩৬.
প্রাচীন ইতিহাসের প্রেক্ষাপটে শিব এবং শৈবধর্ম নিয়ে এখানে বিস্তারিত আলোচনা করেছেন লেখক।

2055. কাকে বলে দর্শন/হাওয়ার্ড সেল্সাম; শুভেন্দু সরকার, অনু. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৩৭-৪০.
এই নিবন্ধের আলোচ্য বিষয় ইতিহাসের গতিপথ ও চালিকাশক্তি, সামাজিক বিকাশ সম্বন্ধে মার্কসীয় ধারণা এবং ঐতিহাসিক বস্তুবাদ।

2056. হেগেল ও পাভলভ/বাসুদেব মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৪০-৫১.
পাভলভের ক্রিয়াকর্ম এবং তার ওপর হেগেলের লজিকের প্রভাব নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

2057. আমায় নইলে ত্রিভুবনেশ্বর/দীপিকা মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৫১-৫৩.
হেগেল-ভক্ত দার্শনিক এডওয়ার্ড কেয়ার্ড দর্শন সম্পর্কে রবীন্দ্রনাথকে যথেষ্ট প্রভাবিত করেছিলেন। এই নিবন্ধে সেই বিষয়েই আলোচনা করা হয়েছে।

2058. মনোচিত্রকের ডায়েরি/মনোচিত্রক. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৫৩-৫৬.
এটি একটি ফ্যামিলি কাউন্সিলিং-এর ঘটনার প্রতিচ্ছবি।

2059. ভাইগটস্কি ও দ্বান্দ্বিক বস্তুবাদ/অমিতাভ গুহ. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৩-৭.
ভাইগটস্কি মার্কসবাদ দিয়ে মনোবিদ্যার নতুন ব্যাখ্যা করেছেন। এই প্রবন্ধে সেই বিষয়েই আলোকপাত করেছেন লেখক।

2060. বস্তুবাদ জিজ্ঞাসা/রামকৃষ্ণ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.

পৃ. ৭-১২.
এই প্রবন্ধে লেখক একটি প্রশ্ন তুলেছেন 'মার্কস নিজে কি বস্তুবাদী ছিলেন'? এই প্রশ্নটিকে সামনে রেখে আলোচনা এগিয়েছে এই প্রবন্ধে।

2061. অতিসংক্ষিপ্ত বস্তুবাদের ইতিহাস/হিমাংশু দে. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ১২-২৪.
বস্তুবাদের ইতিহাস নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

2062. হেগেলবাদ প্রসঙ্গে/অভিজিৎ পাল. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ২৪-৩৬.
হেগেল তাঁর দর্শনের সুসম্বদ্ধ প্রণালীতন্ত্রর মাধ্যমে ঐতিহ্যপূর্ণ জার্মান ভাবধারা বা ভাবাদর্শর এক পরিপূর্ণতা প্রদান করেছিলেন। এই প্রবন্ধে হেগেলের ভাবাদর্শ নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে।

2063. ফ্রয়েড বনাম পাভলভ : ভবানী সেন ও দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়/রামকৃষ্ণ ভট্টাচার্য. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৩৭-৪২.
দেবীপ্রসাদের যৌন-জিজ্ঞাসা বইটি সম্পর্কে ভবানী সেন (রবীন্দ্র গুপ্ত ছদ্মনামে) যে আক্রমণাত্মক সমালোচনা করেছিলেন সেটি এখানে ছাপা হয়েছে। দেবীপ্রসাদ তখনও ফ্রয়েডীয় ভাবধারায় আচ্ছন্ন ছিলেন। এই সমালোচনা তাঁর চোখ খুলে দেয়। এরপরেই দেবীপ্রসাদ ফ্রয়েড ছেড়ে পাভলভ-এ আসেন। নিষিদ্ধ কথা আর নিষিদ্ধ দেশ বইটির দ্বিতীয় সংস্করণের ভূমিকার শেষে দেবীপ্রসাদ আবার ভবানী সেনের সমালোচনার ন্যায্যতা স্বীকার করেন। তার প্রাসঙ্গিক অংশটিও এখানে ছাপা হয়েছে।

2064. কাকে বলে দর্শন/হাওয়ার্ড সেল্সাম; শুভেন্দু সরকার, অনু. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৪২-৪৫.
এখানে ঐতিহাসিক বস্তুবাদ নিয়ে আলোচনা করা হয়েছে।

2065. পাশ্চত্যদর্শনের বিশুদ্ধিকরণ : 'বিপজ্জনক' হেগেলের নির্বাসন/অমিতাভ ধাড়া. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৪৫-৫৫.
পাশ্চাত্য দর্শনের প্রবাদ প্রতিম দার্শনিক হেগেল কেন সামগ্রিক ভাবাদর্শের বিচারে বিপজ্জনক হয়ে উঠেছিলেন এই আলোচনার সূত্রপাত ঘটিয়েছেন লেখক এই লেখায়।

2066. হেগেলের তর্কবিদ্যার অ আ ক খ/রুচিরা দত্ত. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.

পৃ. ৫৫-৫৮.
হেগেলের লজিক বা তর্কবিদ্যা আদপে কি—এই বিষয়ে সকলের ধারণা খুব স্পষ্ট নয়। এরই রূপরেখা এই লেখায় বিচার করা হয়েছে।

2067. মনোচিত্রকের ডায়েরি/মনোচিত্রক. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৫৮-৬১.
এক অবসাদগ্রস্ত মানুষের কাহিনী।

2068. দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়। সঙ্ঘং শরণং গচ্ছামি ইত্যাদি অগ্রন্থিত রচনা। অবভাস, ২০১০। মূল্য : ৬০ টাকা/দেবমিতা দে. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৬১-৬৩.
এটি একটি পুস্তক পরিচয়।

2069. চেতনার বিজ্ঞান (সামাজিক চেতনার মনস্তত্ত্ব)। বিরঞ্জন রায়, ন্যাশনাল পাবলিকেশন, ঢাকা, দুইশত টাকা. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৬৪.
এটি একটি পুস্তক সমালোচনা।

2070. চার্বাকচর্চার নবযুগ/অমিতাভ ভট্টাচার্য. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৩-৬.
অধ্যাপক রামকৃষ্ণ ভট্টাচার্যের দীর্ঘ গবেষণা চার্বাক দর্শন বিষয়ে। তাঁরই হাত ধরে বর্তমানকালে চার্বাক বিষয়ে চর্চা শুরু হয়েছে। এই বিষয়েই এখানে আলোচনা করা হয়েছে।

2071. প্রসঙ্গ 'সায়েন্স অব লজিক'/মৃন্ময় পাল. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৭-২৬.
দার্শনিক হেগেলের লজিক রুশ বিপ্লবী লেনিনকে আপ্লুত করেছিল। তা কেন করেছিল, কি আছে এই 'সায়েন্স অব লজিক'-এ—এরই বিচার করেছেন লেখক এই লেখায়।

2072. বিজ্ঞানী ওপারিন এবং প্রাণের উৎস সন্ধানে বস্তুবাদী ব্যাখ্যা/অমিতাভ ধাড়া. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ২৭-২৯.
বিংশ শতাব্দীতে প্রাণের উৎস সন্ধানে এর বস্তুবাদী ব্যাখ্যা দিয়েছেন রুশ বিজ্ঞানী আলেক্সন্দার ওপারিন। তিনি এমন একজন মার্কসবাদী বিজ্ঞানী যিনি তাঁর বিজ্ঞানভাবনায় সর্বদা দ্বান্দ্বিক বস্তুবাদ প্রয়োগ করতেন।

2073. বস্তুবাদ জিজ্ঞাসা/রামকৃষ্ণ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৩০-৩৪.
এই নিবন্ধে লেখক প্রাক্-মার্কসীয় বস্তুবাদ-এর সীমাবদ্ধতা নিয়ে আলোচনা করেছেন।

2074. বুদ্ধির পরীক্ষা/দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৩৫-৪০.
দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় যৌবনে দর্শনের পাশাপাশি মনোবিজ্ঞান চর্চাও করতেন। এই প্রসঙ্গে এই নিবন্ধে মানুষের বুদ্ধি ও তার গুনমান নিয়ে আলোচনা করেছেন।

2075. চার্লস ডারইউনের বিবর্তনবাদ : প্রাকৃতিক নির্বাচন তত্ত্ব : ১৮৫৯ এবং আজ/বীরেন্দ্রনাথ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৪১-৫২.
ডারউইনের জন্মের দুশো বছর এবং তাঁর লিখিত গ্রন্থ 'অরিজিন অব স্পিসিস্'-এর দেড়শো বছর পূর্তি উপলক্ষ্যে এই নিবন্ধ রচিত হয়েছে।

2076. কাকে বলে দর্শন/হাওয়ার্ড সেল্সাম; শুভেন্দু সরকার, অনু. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৫২-৫৫.
নীতিশাস্ত্র, বিমূর্ত ও মূর্ত-মুক্তি-মুক্তি কী নয় এবং মুক্তির আসল অর্থ এই প্রবন্ধের আলোচ্য বিষয়।

2077. সমাজভিত্তিক মানসিক স্বাস্থ্য আন্দোলন/বসুন্ধরা গোস্বামী. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৫৬-৫৮.
মানসিক স্বাস্থ্য ও এর সুরক্ষার পরিকল্পনা বর্তমানে গুরুত্ব পাচ্ছে। মানসিক স্বাস্থ্যের বিষয়ে সমাজের কী ভূমিকা থাকা উচিত এখানে সেই বিষয়েই আলোচনা করা হয়েছে।

2078. মালুনি/আলপনা বন্দ্যোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৫৮-৫৯.
এটি একটি ছোট গল্প।

2079. My life as a Psychiatrist Memories and Essays. Ajita Chakrabotry, Stree, Rs. 550.00/ বাসুদেব মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৫৯-৬১.

এটি একটি পুস্তক সমালোচনা।

2080. মনোচিত্রকের ডায়েরি—আমাদেরই ভবন, আমাদের ভুবন/গোপা বোস. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৬১-৬২.
এটি একটি পুস্তক সমালোচনা।

2081. মনোচিত্রকের ডায়েরি/মনোচিত্রক. — মানবমন. — বর্ষ ৪৯, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১০.
পৃ. ৬৩-৬৪.
এক স্বামীহারা স্ত্রী-র মনের কথা।

2082. জেলের বহির্বিভাগে চিকিৎসার অভিজ্ঞতা/বাসুদেব মুখোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৩-৮.
জনস্বাস্থ্যের (community Health) বিচার-বিশ্লেষণের পটপ্রেক্ষিতে কারাগারের চিকিৎসা-পরিষেবার আলোচনা যথেষ্ট গুরুত্বপূর্ণ। এমনকি জন-মানসিক স্বাস্থ্যের (Community Mental Health) বিচারেও এই বিষয়টি নিয়ে পৃথক আলোচনার প্রয়োজন রয়েছে। এই সমস্ত কিছু মাথায় রেখে লেখক জেল হাসপাতালের বহির্বিভাগে চিকিৎসার অভিজ্ঞতা তুলে ধরেছেন।

2083. রুশ বিজ্ঞানে বিপ্লবের প্রভাব/অমিতাভ গুহ. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৯-২৫.
সামগ্রিকভাবে পৃথিবীর বিজ্ঞানের ইতিহাসের দিকে তাকালে রুশ বিজ্ঞানের ইতিহাসকে অভূতপূর্ব বলে মনে হয়। সত্তর বছর ধরে (১৯১৭-১৯৮৮) সে দেশের বিজ্ঞান ও বিজ্ঞানীর ওপর রাজনৈতিক আন্দোলন যে পরিমাণ প্রভাব বিস্তার করেছে এর কোনো সীমা-পরিসীমা নেই। রুশদেশে রাজনৈতিক কারণে হাজার হাজার ছোট বড় বিজ্ঞানীকে হত্যা করা হয়েছে। পৃথিবীর অসংখ্য প্রথম সারির বিজ্ঞানী সে দেশে 'শুদ্ধিকরণে'র জেরে কারাগারে অত্যন্ত দুঃখকষ্টের মধ্যে মৃত্যুবরণ করেছেন। এই তালিকা এতই দীর্ঘ যে তা আমরা কোনোভাবে কল্পনাই করতে পারব না।

2084. (ক্রনিক) মনোরোগীদের পুনর্বাসন প্রসঙ্গে/মৃন্ময় পাল. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ২৫-৩৩.
সাধারণত বড় ধরনের উন্মাদ মনোরোগীরা দীর্ঘদিন চিকিৎসার পর এক ধরনের ক্রনিক অবস্থায় উপনীত হয়। তখন এই সমস্ত মনোরোগীদের পুনর্বাসনের কথা ভাবতে হয়। এককথায় (ক্রনিক) দীর্ঘস্থায়ী মনোরোগীদের সামাজিক পুনর্বাসনের অর্থ হল, পূর্বের মতো না হলেও যতখানি সম্ভব তাকে

তার সমাজের প্রধান প্রবাহে ফিরিয়ে নিয়ে আসা। কিন্তু পরিবারে বা প্রধান প্রবাহে ফিরতে হলে তাকে জ্ঞানাত্মক, আবেগজাত, সামাজিক বুদ্ধি বিচারগত আচরণ এবং কর্মপ্রক্রিয়াগত কুশলতা নিয়ে ফিরে আসতে হবে, নইলে সে সমাজে তার নিজের স্থান করে নিতে পারবে না। সমাজের বা পরিবারের বোঝা হয়ে থাকবে।

2085. রবীন্দ্রনাথ-আইনস্টাইন 'বিতর্ক' আশীষ লাহিড়ী. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.

পৃ. ৩৩-৪৪.

১৯৩০ সালে ১৪ই জুলাই বার্লিনের উপকণ্ঠে কাপুথে এবং ১৯শে অগস্ট বার্লিনে রবীন্দ্রনাথের সঙ্গে আইনস্টাইনের আলাপ-আলোচনা হয় দোভাষীর মাধ্যমে, যেহেতু আইনস্টাইন ইংরাজী জানতেন না আর রবীন্দ্রনাথ জার্মান জানতেন না। আইনস্টাইন-রবীন্দ্রনাথের সেই সাক্ষাৎ পরে ছাপার অক্ষরে প্রকাশিতও হয়। কিন্তু প্রথমে ছাপার সম্মতি দিলেও আইনস্টাইন পরে স্বীকার করেন এই সাক্ষাৎকার ব্যর্থ হয়েছিল। তিনি নিজে পরে রোঁলা-কে বলেন, 'ভাববিনিময়ের অসুবিধার দরুন টেগোরের সঙ্গে আমার আলাপ-আলোচনা মোটের ওপর ব্যর্থ হয়েছিল। ওটা প্রকাশ করা কোনো মতেই উচিত হয়নি।'

2086. মনোরোগচিকিৎসার ভবিষ্যৎ/অভিজিৎ সরকার. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.

পৃ. ৪৪-৫০.

মনোরোগচিকিৎসাবিদ্যা উন্নত হবে, একই সঙ্গে ব্যক্তি ও সমষ্টির চিকিৎসা-পরিষেবার জন্য। যাঁরা এই বিষয়ে চর্চা ও গবেষণা করছেন তাঁরা উপলব্ধি করছেন, জিনচর্চা এবং স্নায়ুবিদ্যার আধুনিক জ্ঞানকে জ্ঞানাত্মক মনোবিদ্যা, সমষ্টি মনস্তত্ত্ব, সাংস্কৃতিক নৃবিদ্যা এবং ব্যক্তিত্বের বিকাশে-বৃদ্ধির ক্ষেত্রে প্রয়োগ করতে হবে। এর জন্য বিজ্ঞানের অন্যান্য শাখাগুলির চর্চা ও গবেষণার যে মডেল চালু রয়েছে তাই-ই এখানে মডেল হয়ে থাকবে।

2087. বস্তুবাদ জিজ্ঞাসা (১০)/রামকৃষ্ণ ভট্টাচার্য. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.

পৃ. ৫১-৫৩.

হেগেলের দ্বান্দ্বিক আর মার্কসের দ্বান্দ্বিক কি এক? না, এক নয়। হেগেলের দ্বান্দ্বিক-এর সঙ্গে মার্কসীয় বস্তুবাদ জুড়লেই দ্বান্দ্বিক বস্তুবাদ হয় না। ঠিক যেমন হেগেলের দ্বান্দ্বিক আর প্রাক্-মার্কসীয় বস্তুবাদ মিললেই ''নতুন বস্তুবাদ'' হয় না। এর কারণগুলো নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

2088. ভবানী সেন ও দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় বিতর্ক : পুনশ্চ/রামকৃষ্ণ ভট্টাচার্য. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.

পৃ. ৫৩-৫৬.

মানবমন, জানুয়ারি ২০১০-এ রবীন্দ্রগুপ্ত (ভবানী সেনের ছদ্মনাম) ও দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়ের দর্শন বিষয়ক বিতর্কটি ছাপা হলেছিল। তার ভূমিকায় বলা আছে : মার্কসবাদী, প্রথম বাংলা সংকলন/সংখ্যায়

ভবানী সেনের ''প্রাচীন যুগের ভারতীয় দর্শন ও বস্তুবাদ'' প্রবন্ধটি বেরনোর পর দ্বিতীয় সংকলনে 'সত্যজিৎ রায়'-এর নামে একটি আলোচনা বেরোয় : ''সাহিত্য ও দর্শনের ক্ষেত্রে সংগ্রাম''। লেখাটিতে রবীন্দ্র গুপ্তর প্রবন্ধের কিছু দোষ ত্রুটি দেখানো ছিল। যদিও মূল সুরটি ছিল সমর্থনের। এছাড়া ঐ দ্বিতীয় সংকলনের শেষে সম্পাদকের নামে একটি ত্রুটি স্বীকার করা হয়। তাতেও ভবানী সেনের প্রবন্ধটির একটি ভুল শুধরে দেওয়া আছে। দুটি লেখাই এখানে প্রকাশিত হল।

2089. জ্যাঁ-ব্যাপ্তিস্তে দ্য লামার্ক (১৭৪৪-১৮২৯)/বীরেন্দ্রনাথ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.

পৃ. ৫৬-৬৩.

জ্যাঁ-ব্যাপ্তিস্তে দ্য লামার্ক ডারউইনের জন্মের ৬৫ বছর আগে ফরাসি দেশে জন্মগ্রহণ করেছিলেন। জৈববিবর্তনের চিন্তানায়কদের মধ্যে ঊনবিংশ শতকটিকে যদি বিশেষ করে ডারউইনের যুগ বলা যায়, তবে অষ্টাদশ শতকের দ্বিতীয়ার্ধ এবং উনিশ শতকের প্রথম দুটি দশকের সময়কালব্যাপী বিবর্তনবাদীদের পথিকৃত ছিলেন লামার্ক, কারণ তিনিই প্রথম জীবের ঐশ্বরিক সৃষ্টিতত্ত্বের বন্ধন মুক্ত হয়ে ঘোষণা করেছিলেন যে একটি আদি পূর্বসূরি জীবগোষ্ঠী থেকেই গঠনগত পরিবর্তন ও অভিযোজনের মাধ্যমে সকল জীবের উৎপত্তি ঘটেছে এবং পরিবেশই উৎপত্তির প্রধান উৎস। এই প্রবন্ধে লামার্কের তত্ত্বেরই আলোচনা করা হয়েছে।

2090. আত্মপরিচয় গঠনে নিগ্রহের প্রভাব/বসুন্ধরা গোস্বামী.– মানবমন.– বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.

পৃ. ৬৩-৬৬.

সফল ব্যক্তিত্ব গঠনের জন্য আত্মপরিচয় গড়ে ওঠা একান্ত আবশ্যক। আমরা চাই আমাদের দেশের সমাজের সকল শিশুর চমৎকার, মজবুত আত্মপরিচয় গড়ে উঠুক। মনে রাখতে হবে আত্মপরিচয় ছাড়া কোনো মানুষ সঠিকভাবে নিজেদের বা অন্যদের পরিচলিত করতে পারবে না। মানুষ নিজেকে গড়ে তোলার সময়ে অনেক সময়ে নিগৃহিত হয়। আর নিগ্রহ তাকে যেমন উদ্ধত বা আন্তর্মুখীন করে তুলতে পারে। তেমনি এই নিগ্রহের জবাব দেওয়ার জন্য তার এক চমৎকার আত্মপরিচয়ও গড়ে উঠতে পারে।

2091. বাস্তুগ্রহের সংকট : সমাধান কোন্ পথে/তুষার চক্রবর্তী.– মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.

পৃ. ৬৬-৭৩.

বাস্তুগ্রহ কথাটি ইতিপূর্বে কেউ প্রয়োগ করেছেন বলে মনে হয় না। বাস্তুতান্ত্রিক এক সংকটের কথা বিজ্ঞানীরা বেশ কিছুকাল যাবৎ বলে আসছেন। বিশ্ব তাপবৃদ্ধি বা উষ্ণায়নের বিপদঘণ্টা বেজে ওঠার পর আরো এক বিতর্কের আবহ তৈরি হয়েছে। আর তার সঙ্গে যুক্ত হয়েছে পুঁজিবাদী বিশ্ব অর্থনীতির সংকট। এই তিনটি সংকটই আবার আরো জটিল বাস্তবতার উপর দাঁড়িয়ে আছে ও বেড়ে উঠেছে। কিন্তু এরা কেউ একে অপরের থেকে বিচ্ছিন্ন নয়। পৃথিবীকে যদি 'বাস্তুগ্রহ' হিসেবে দেখতে শিখি তাহলে সামগ্রিক প্রেক্ষাপট নজরে আনতে আমরা বাধ্য হব।

2092. সাম্প্রতিককালে দর্শনের দুই শিবিরের সংগ্রামের কয়েকটি বৈশিষ্ট্য/বি. বীখোভ্স্কি; বেদুইন চক্রবর্তী, অনু. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৭৩-৮৩.
সমাজ বিবর্তনের প্রতিটি নতুন অধ্যায়ে বিজ্ঞানচর্চার প্রসার এবং সমগ্র চিন্তাজগতে পরিবর্তনের সঙ্গে সঙ্গে ভাববাদ ও বস্তুবাদের বিরোধ নবরূপ ধারণ করে, শুধু যে এই বিরোধের লক্ষ্যই বদলে যায় তাই নয়, পদ্ধতি ও কৌশলেরও বদল হয়। একশো বছর আগে মার্কসীয় দাশনের অস্তিত্বের প্রথমযুগে এর বিরোধীরা দ্বান্দ্বিক বস্তুবাদকে সম্পূর্ণ অবহেলা করত, নীরবতার অস্ত্রে বস্তুবাদের এই সর্বোচ্চ রূপের কণ্ঠরোধের চেষ্টা করত। লড়াইয়ের এই পদ্ধতি গ্রহণের কারণ যে কেবল বৈপ্লবিক দর্শনের প্রতি মনোযোগ না দেবার চেষ্টা তা নয়; শ্রমিক শ্রেণীর আন্দোলনের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে জড়িত দর্শনের সঙ্গে বুর্জোয়া বুদ্ধিজীবীদের বিচ্ছিন্নতাও এর অন্যতম কারণ।

2093. বিজ্ঞানীর মা/আলপনা বন্দ্যোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৮৩-৮৪.
পৃথিবীর শ্রেষ্ঠ রসায়নবিদ দমিত্রি মেন্ডেলিফের জীবনকাহিনী, বিশেষত তাঁর মায়ের অবদান এখানে আলোচিত হয়েছে।

2094. মনোচিত্রকের ডায়েরি/মনোচিত্রক. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৮৪-৮৬.
এটি এক মনোরোগীর কেস হিস্ট্রি।

2095. বিবেকানন্দ ও শ্রীরামকৃষ্ণ সম্বন্ধে শৈলেন্দ্রনারায়ণ ঘোষাল ও সৌমেন্দ্রনাথ ঠাকুরের কয়েকটি চিঠি. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৮৬-৯৮.
সৌমেন্দ্রনাথ ঠাকুর ও শৈলেন্দ্রনারায়ণ ঘোষালের মধ্যে এই পত্রবিনিময় ছাপা হয়েছিল শৈলেন্দ্রনারায়ণ ঘোষাল শাস্ত্রীর 'বৈদিক ভারত' বইতে। একজন বেদপন্থী চিন্তাবিদ এবং একজন বস্তুবাদী চিন্তাবিদের বিশ্লেষণে শ্রীরামকৃষ্ণ ও বিবেকানন্দের কী মূল্যায়ন হয়েছে তা আমরা এই চিঠিগুলি পড়ে জানতে পারব।

2096. চিঠিপত্র/অমিতরঞ্জন বসু. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৯৮-১০০.
মানবমন-এর ২০১০ অক্টোবর-ডিসেম্বর সংখ্যায় ডাঃ অজিতা চক্রবর্তী My life as a psychiatrist : memoirs and essays (Kolkata : Stree, 2010) বইটির আলোচনা পড়ে পত্রের লেখক পত্রিকার সম্পাদকের কাছে বইটি সংক্রান্ত মতামত জানান।

2097. নারীবিশ্ব, পুলক চন্দ (*সম্পা.*) গাঙচিল, কলকাতা ও শ্যামসুন্দর কলেজ, বর্ধমান ২০০৮, ৫০০ টাকা/ সন্দীপ সেন. মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ১০০-১০৪.
এটি একটি পুস্তক সমালোচনা।

2098. গণতন্ত্রের রাবিন্দ্রিক প্যারাডাইম ও অন্যান্য/অভ্র ঘোষ, সং./পবিত্র পাল. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ১০৫-১১১.
এটি একটি পুস্তক সমালোচনা।

2099. 'বিরহদহন লাগেক্স : সুচিত্রা মিত্র (১৯২৪-২০১১)/সৌমিত্রকুমার লাহিড়ী. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ১১১-১১২.
প্রখ্যাত রবীন্দ্রসঙ্গীত শিল্পী সুচিত্রা মিত্রের প্রয়ানে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন।

2100. সক্রিয়তার তত্ত্ব (Activity Theory)/বাসুদেব মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৩-৯.
এটি একটি ধারাবাহিক রচনা। মূলত হেগেল-মার্কস-পাভলভ-ভাইগটস্কি এই ধারাবাহিকতায় ও পরম্পরায় বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে। ইংরাজিতে (Activity Theory)-র কাছাকাছি বাংলা প্রতিশব্দ আছে অনেক। তার মধ্য থেকে লেখক 'সক্রিয়তাক্স শব্দটিকে বেছে নিয়েছেন। আমরা যা কিছু করি তাই সক্রিয়তা এখানে এমনই বোঝানো হয়েছে। 'সক্রিয়তার তত্ত্ব' আধুনিক মনোবিদ্যার এক গুরুত্বপূর্ণ অংশ।

2101. ফোরাম ফর মেন্টাল হেলথ্ মুভমেন্ট/অভিজিৎ বিশ্বাস. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ১০-১৫.
এই লেখার ভিত্তি হল ফোরাম ফর মেন্টাল হেলথ্ মুভমেন্ট থেকে প্রকাশিত বিভিন্ন নথিপত্র।

2102. বস্তুবাদ জিজ্ঞাসা/রামকৃষ্ণ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ১৫-১৯.
প্রশ্ন উত্তরের ভেতর দিয়ে ভারতে ও পশ্চিমে বস্তুবাদ-এর উৎপত্তি ও বিকাশ নিয়ে আলোচনা করা হয়েছে।

2103. জেরেন্টোলজি/সংলাপ মাইতি. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.

পৃ. ২০-২১.
'জেরেন্টোলজি' শব্দটির অর্থ হল বার্ধক্য বিষয়ক পড়াশুনা। যে বিজ্ঞানের দ্বারা উদ্ভিদ ও প্রাণীদের বার্ধক্যজনিত কারণ, সমস্যা সমাধান নিয়ে আলোচনা করা হয়, তাকেই 'জেরেন্টোলজি' বলে।

2104. বিবর্তনতত্ত্বের আলোকে চিকিৎসাবিজ্ঞান/বিরঞ্জন রায়. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ২১-২৯.
রোগের নিদান সম্পর্কিত বর্তমান মডেলটি (জৈব-মনোসামাজিক মডেল) উত্তর দেয়, একটি রোগ কিভাবে হয়। অর্থাৎ এটি একটি রোগ হওয়ার সাক্ষাৎ প্রক্রিয়াটিকে বর্ণনা করে। বিবর্তনতত্ত্ব বলে, জীবের বৈশিষ্ট্যগুলোর উদ্ভব ঘটে উদ্দেশ্যহীনভাবে। এর কারণ, জীবের বৈশিষ্ট্যাবলির ভিত্তি বংশাণুক্রমিক কাঠামোর অনবরত উদ্দেশ্যহীন পরিবর্তন।

2105. পুনর্বাসন না নির্বাসন/অমল সোম. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ২৯-৩৩.
মনোরোগীর সার্বিক পুনর্বাসনে সর্বাগ্রে প্রয়োজন হল—জনসাধারণের উদ্যোগ, পরিকল্পিত সরকারি ব্যবস্থা এবং চিকিৎসার সঙ্গে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ও পেশাদারদের সমবেত ও একনিষ্ঠ প্রয়াস এবং সেই সম্মিলিত প্রয়াসের ফলে গড়ে ওঠা কতকগুলি বিশেষ বাস্তব ব্যবস্থাদি। মানসিক রোগীর পুনর্বাসনের প্রসঙ্গে আমাদের দেশে কোনো পরিকল্পনা বা প্রকল্প নেই বললেই চলে।

2106. পারুল/আলপনা মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৩৩-৩৪.
এক গ্রামের সাধারণ মেয়ের কাহিনী লিখেছেন লেখিকা।

2107. অপরাধীর সত্য বিবরণ/পরিমল দে. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৩৪-৪১.
এক জেলবন্দীর কাহিনী এটি।

2108. পরিবেশ বনাম উন্নয়ন/শুভেন্দু গুপ্ত. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৪২-৫০.
নর্মদা উপত্যকা উন্নয়ন প্রকল্প ও নর্মদা বাঁধের বিরুদ্ধে আন্দোলন হয়েছে। কিন্তু কেন এই বিরোধীতা, এই দ্বন্দ্ব? মানুষের যে-কোনো জৈবনিক ও অর্থনৈতিক কর্মকাণ্ড পরিবেশের (এবং বৃহত্তর অর্থে প্রকৃতির) সঙ্গে সংঘাত সৃষ্টি করে।

2109. মনোচিত্রকের ডায়েরি/মনোচিত্রক. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৫১-৫৫.
এটি একটি মনোরোগের কেসহিস্ট্রি।

2110. বহরমপুর মানসিক হাসপাতাল/ভারতী বন্দ্যোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৫৬-৫৮.
বহরমপুর মানসিক হাসপাতালের মানসিক রোগীদের স্বাস্থ্য ও তাদের দেখাশোনা বিষয়ে এটি একটি প্রতিবেদন।

2111. মানবমন : পায়ে পায়ে পঞ্চাশ/দেবজিৎ চক্রবর্তী. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৫৯-৬১.
'মানবমন' পত্রিকার পঞ্চাশতম বর্ষপূর্তির উৎযাপন নিয়ে এই প্রতিবেদন লেখা হয়েছে।

2112. যদি তোর ডাক শুনে কেউ না আসে/তটিনী দত্ত. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৬১-৬৩.
'মানবমন' পত্রিকার পঞ্চাশ বছর পূর্তির উৎসবের প্রতিবেদন।

2113. চিঠিপত্র/শ্রীমন্ত সরকার. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৬৩-৬৪.
জনৈক পাঠকের চিঠি।

2114. সক্রিয়তার তত্ত্ব (Activity Theory)/বাসুদেব মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৩-৮.
সক্রিয়তার তত্ত্বে ব্যক্তিমানুষের 'স্বাধীনতা' অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। মানবসমাজের কাছে স্বাধীনতার মডেল হওয়া উচিত, হেগেলের সেই বিখ্যাত উক্তি, Freedom is the recognition of necessity, হেগেল কেন এমন মন্তব্য করেছিলেন? হেগেলের স্বাধীনতার বোধ কি ছিল? এই কিস্তিতে দার্শনিক হেগেলের এই ধারণা নিয়েই আলোচনা করেছেন লেখক।

2115. এক বিরল প্রতিভার বিশ্বখ্যাত ব্রিটিশ ভারতীয় বিজ্ঞানী জে.বি.এস. হ্যালডেন/বীরেন্দ্রনাথ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৫০ সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৯-১৭.

জে. বি. এস. হ্যালডেনের সংক্ষিপ্ত জীবনী এখানে আলোচিত হয়েছে।

2116. মার্কসবাদ জিজ্ঞাসা/রামকৃষ্ণ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ১৮-২১.
আলোচ্য প্রবন্ধের বিষয় হলো, মার্কসবাদ কি একটি পদ্ধতি (মেথড), নাকি একটি প্রণালী (সিস্টেম)।

2117. কাকে বলে দর্শন/হাওয়ার্ড সেল্‌সাম; শুভেন্দু সরকার, অনু. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ২২-২৫.
সেল্‌সাম-এর 'What is Philosophy?' গ্রন্থটির অনুবাদ এটি।

2118. এক ফরাসি হিন্দুর বিচিত্র কাহিনি/মনোজেন্দু মজুমদার. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ২৫-৩০.
উত্তর ভারতীয় রাগসঙ্গীতের বিশেষজ্ঞ শিবশরণ ওরফে ফরাসী বংশোদ্ভুত Alian Danielou-র জীবনী এটি।

2119. অপরাধীর সত্য বিবরণ/পরিমল দে. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৩০-৩৫.
এক জেলবন্দী আসামির জীবনের গল্প।

2120. দশক পূর্তি : জিনোম প্রকল্পের হিসাবনিকাশ/তুষার চক্রবর্তী. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৩৬-৪২.
হিউম্যান জিনোম প্রজেক্ট সমাপনের এক দশক পর ঐ প্রকল্প মানবকল্যাণে, বিশেষত চিকিৎসা ক্ষেত্রে কি সুযোগ সুবিধা সৃষ্টি করতে পেরেছে কিংবা আগেই জিনোম প্রজেক্ট ব্যর্থ কিনা তা নিয়ে আলাপ আলোচনা হয়েছে।

2121. মনোচিত্রকের ডায়েরি/মনোচিত্রক. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৪৩-৪৬.
এটি একটি মনোরোগের কেসহিস্ট্রি।

2122. মানব বিকাশ, প্রথম খণ্ড, সেন্টার ফর ইন্টারডিসিপ্লিনারি স্টাডিজ অন হিউম্যান ডেভেলপমেন্ট (সি আই এস এইচ ডি), প্যাপিরাস, দুশো টাকা/আলপনা মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.

পৃ. ৪৭.
এটি একটি পুস্তক সমালোচনা।

2123. বাদল সরকার (১৯২৫-২০১১)/রামকৃষ্ণ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৪৮.
নাট্যকার বাদল সরকারের মৃত্যুতে শ্রদ্ধাঞ্জলি।

2124. সক্রিয়তার তত্ত্ব (৩)/বাসুদেব মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৪-১০.
হেগেলের প্রভু-ভৃত্য আখ্যান এখানে আলোচিত হয়েছে। হেগেল বলেছিলেন, দাসত্ব রয়েছে আমাদের প্রকৃতির মধ্যে এবং সভ্যতার অগ্রগতির সঙ্গে সঙ্গে সেই দাসত্বের বন্ধন থেকে আমরা মুক্ত হব। এইভাবে দেখা যাবে, দাসত্ব এবং বন্ধনমুক্তি হেগেলের সারাজীবনের প্রাধান্যকারী চিন্তা ছিল।

2125. জ্যোতিরাও ফুলে : বিবেকী বিসংবাদের প্রতিভূ/প্রসেনজিৎ চৌধুরী. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ১০-১৯.
আমাদের নিকট অতীতের ইতিহাসে যে নবজাগরণের কথা আমরা পাই তার সঙ্গে ঔপনিবেশিক আধুনিকতার প্রত্যক্ষ সম্পর্ক অনস্বীকার্য। এই নবজাগরণ ভারতীয় সমাজ ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করল। এই নতুন অধ্যায়ের নায়কগণের চিত্ত চেতনাকে আধুনিক যুক্তিবাদ ও উদার মানবতাবাদ কম-বেশি পরিমাণে আলোচিত করতে দেখা যায়। এঁদের মধ্যে যাঁদের মনোজগৎ আধুনিকতার আলোকে সর্বাপেক্ষা বেশি আলোকিত তাঁদের মধ্যে জোতিরাও ফুলে অন্যতম।

2126. অপরাধীর সত্য বিবরণ/পরিমল দে. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ১৯-২৫.
জেলবন্দীর স্বীকারোক্তি।

2127. রণ রক্ত সফলতা/সৌরীণ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ২৫-৩১.
ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় স্মারক বক্তৃতায় পঠিত বক্তব্য এটি। মানবসমাজে হিংসার আগুন যেভাবে ছড়াচ্ছে এখানে সেই নিয়েই আলোচনা করা হয়েছে।

2128. মার্কসবাদ জিজ্ঞাসা/রামকৃষ্ণ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.

পৃ. ৩১-৩৫.
এখানে মার্কসবাদের আলোচনায় 'পদ্ধতি ও বিশ্ববীক্ষা' নিয়ে আলোচনা করেছেন লেখক।

2129. বিজ্ঞানের সরলীকৃত জনবোধ্য রূপ/জে. ডি. বার্নাল; আশীষ লাহিড়ী, অনু. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৩৫-৪০.
বিশের শতকে বার্নালের The Social Function of Science বইটি অনবদ্য। ১৯৩৯ সালে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রাক্‌কালে প্রকাশিত এই বই দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে বহু রাষ্ট্রের বিজ্ঞান ও প্রযুক্তি নির্ধারণে কাজ লাগে। সেই বইয়ের পঁচিশ বছর পূর্তি উপলক্ষ্যে বার্নাল After Twenty-five Years নামে একটি প্রবন্ধ লেখেন। ১৯৬৭ সালে আমেরিকার থেকে এই বইয়ের যে-সংস্করণ প্রকাশিত হয়, তাতে বার্নালের ঐ প্রবন্ধটি আন্তর্ভুক্ত হয়। ঐ বই থেকে Popular Science শীর্ষক একটি ক্ষুদ্র অংশের অনুবাদ এখানে প্রকাশিত হল।

2130. অ্যালোপ্যাথি কেন চলে/শুভাশিস চিরকল্যাণ পাত্র. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৪১-৪৩.
অ্যালোপ্যাথি চিকিৎসা পদ্ধতি নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

2131. বিজ্ঞানী ও বিজ্ঞান-ইতিহাসবিদ্/দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৪৩-৫০.
বিজ্ঞানী প্রফুল্লচন্দ্র রায়ের বিজ্ঞানচর্চা এবং বিজ্ঞানের ইতিহাসচর্চা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

2132. আচার্য প্রফুল্লচন্দ্র স্মরণে/দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৫০-৫১.
প্রফুল্লচন্দ্র রায় সম্পর্কে লোকায়ত-খ্যাত দর্শনবিদ্ ও (প্রাচীন ভারতে) বিজ্ঞানের ইতিহাসকার দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়ের মূল্যায়ন এই বক্তৃতাটি।

2133. আচার্য প্রফুল্লচন্দ্র/সত্যেন্দ্রনাথ বসু. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৫২-৫৪.
আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের প্রতি লেখকের শ্রদ্ধাঞ্জলি।

2134. আচার্য স্মৃতি/মেঘনাদ সাহা. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.

পৃ. ৫৪-৫৬.
আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের স্মৃতিরোমন্থন করেছেন আর এক বিজ্ঞানী মেঘনাদ সাহা।

2135. আচার্য প্রফুল্লচন্দ্র স্মরণে/সত্যেন্দ্রনাথ বসু. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৫৬-৫৮.
আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের ছাত্র সত্যেন্দ্রনাথ বসু স্মৃতিচারণ করেছেন আচার্যের।

2136. মনোচিত্রকের ডায়েরি/মনোচিত্রক. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৫৮-৬২.
এটি একটি মনোরোগের কেসহিস্ট্রি।

2137. পাকিস্তানের জন্মমৃত্যু-দর্শন। যতীন সরকার, জাতীয় সাহিত্য প্রকাশ, ঢাকা ১১০০, বাংলাদেশ, ৩৮০ টাকা/আলপনা মুখোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৬২-৬৩.
এটি একটি পুস্তক সমালোচনা।

2138. চিঠিপত্র/তপন রায়. — মানবমন. — বর্ষ ৫০, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১১.
পৃ. ৬৪.
এটি পাঠকের লেখা চিঠি।

2139. সক্রিয়তার তত্ত্ব (৪) (Activity Theory)/বাসুদেব মুখোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩-১৩.
ভাইগটস্কির সক্রিয়তা তত্ত্বর ভাবনাচিন্তা শুরু হয় চেতনাধারা (conciousness) সম্পর্কিত বিচার-বিশ্লেষণের মাধ্যমে। ১৯২৪ সালে মস্কোর সাইকোনিউরোলজির কংগ্রেসে যোগদান করে তিনি যে বক্তব্য রাখেন তাতে তিনি বলেন, চেতনাধারা হল 'পরাবর্তর পরাবর্ত'। বাস্তবিক ভাইগটস্কি ছিলেন পাভলভের ভাবনাচিন্তার উত্তরসূরি।

2140. বিজ্ঞানদর্শনের প্রকৃতি/অমিতাভ ধাড়া. — মানবমন. — বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ১৩-১৪.
বিজ্ঞানের দর্শন সঠিকভাবে বুঝতে হলে বিজ্ঞানের সার বিষয় কি এটা জেনে ফেলা দরকার। অর্থাৎ যথার্থ কোন্ কোন্ উপাদান নিয়ে বিজ্ঞান গঠিত হয়েছে এটা খুঁজতে হলে দেখা যাবে এর তিনটি অংশ

আছে। যথা উপাত্ত বা তথ্য, তত্ত্ব এবং এদের মধ্যবর্তী একটি গুরুত্বপূর্ণ বিষয়, 'গড়ে তোলার নীতিসমূহ (shaping principles')।

2141. মনের দর্শন/অভিজিৎ পাল. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কালকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২৫-৩১.
মনের দর্শন, দর্শনেরই একটি শাখা যা আলোচনা করে থাকে মনের প্রকৃতি, মননক্রিয়া, মনের ক্রিয়াশীলতা, মনের উপাদানসমূহ গঠন, চেতনাধারা এবং দেহের সঙ্গে এদের আন্তঃসম্পর্কর বিষয়ে বিশেষত মস্তিষ্কর সঙ্গে। দেহ ও মনের মধ্যেকার সম্পর্ক কী এই বিষয়টি মনের দর্শনের একটি কেন্দ্রীয় আলোচনার বিষয়।

2142. ভাষার দর্শন/স্বপন সেনগুপ্ত. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩২-৪১.
ভাষার প্রকৃতি, উৎস এবং এর প্রয়োগ নিয়ে ভাষার দর্শন গঠিত হয়। বিশ্লেষকধর্মী দার্শনিকদের কাছে ভাষার চারটি কেন্দ্রীয় সমস্যা নিয়ে হাজির হয় যেমন ভাষার অর্থ, কেমন করে ভাষা ব্যবহৃত হয়, ভাষার সঙ্গে জ্ঞানাত্মক ক্রিয়ার সম্বন্ধ এবং বাস্তব জগতের সঙ্গে ভাষার কি সম্বন্ধ। অপরদিকে মহাদেশীয় (কন্টিনেন্ট) দার্শনিকদের কাছে ভাষার দর্শন পৃথক কিছু নয় তা বৃহত্তর সমাজের ইতিহাস। আর্থসামাজিক যুক্তির সঙ্গে, বিশেষত যুক্তিশাস্ত্রের সঙ্গে সম্পর্কিত।

2143. মার্কসীয় মনোবিদ্যা/এ. এন. লিয়নটিয়েভ. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৪২-৫৪.
মার্কসীয় ভাবধারা সমাজবিজ্ঞানের বিপ্লব ঘটিয়ে ফেলেছে বিশেষত রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ধনবিজ্ঞান এবং সমাজতন্ত্রর তত্ত্বগত বিষয়ে। মনোবিদ্যা, বহুদিন মার্কসবাদের প্রভাব থেকে দূরে ছিল। রুশদেশে ১৯২০ সাল থেকে বিজ্ঞানীরা উপলব্ধি করলেন যে মনোবিদ্যাকে মার্কসবাদের কাঠামোয় গড়ে তোলা যায় এবং সেটি করা প্রয়োজন। এই বিবেচনায় বলা যায় সোভিয়েত বিজ্ঞানীরা মার্কসবাদকে প্রথম মনোবিদ্যায় প্রয়োগ করলেন।

2144. আয়ুর্বেদ ও মনোরোগ/নিরঞ্জন হালদার. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৫৪-৫৯.
আয়ুর্বেদ চিকিৎসাশাস্ত্রে মনোরোগের চিকিৎসা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

2145. মুক্তিদায়ী বিজ্ঞান/শুভাশিস কর. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৫৯-৬৫.

'মুক্তিদায়ী বিজ্ঞান' বলতে অভিনব কোনো বিষয়ের কথা বলা হয়নি। যে বিজ্ঞান আমাদের প্রতিদিনের নিত্যসঙ্গী তার কথা ভেবেই এই প্রকার বিচারশীল আলোচনার সূত্রপাত ঘটানো হয়েছে।

2146. রাজশেখরের লেখায় নরনারীর আন্তঃসম্পর্ক/অনিরুদ্ধ কয়াল. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৬৫-৭২.
রাজশেখর বসুর লেখাপত্রে নর-নারীর আন্তঃসম্পর্কের রসায়ন এখানে আলোচনার মূল বিষয়।

2147. মার্কসবাদ জিজ্ঞাসা/রামকৃষ্ণ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৭৩-৭৫.
এই প্রবন্ধে মার্কসীয় পদ্ধতি ও তার প্রয়োগ নিয়ে লেখক আলোচনা করেছেন।

2148. ইতিহাসে ভারতের বিজ্ঞানচেতনা এবং ক্রমবিবর্তন/বীরেন্দ্রনাথ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৭৬-৮৮.
ভারতে বিজ্ঞান সাধনার গৌরবময় ঐতিহ্য স্মরণ করলে ভারতবাসী হিসাবে গর্ববোধের যথেষ্ট কারণ আছে। কয়েক হাজার বছর আগে সত্যানুসান্ধানী মুনি-ঋষিরা বিজ্ঞান-বিষয়ক অনেক তথ্যের সন্ধান দিয়ে গেছেন– যার কিছুটা হয়তো কল্পকথা (myths) কিন্তু পরবর্তীকালের গবেষকরা এই বিশ্লেষণই করেছেন যে এত যুক্তিপূর্ণ কল্পকথার ভিত্তি অনেকটাই সত্যের উপর প্রতিষ্ঠিত। ইউরোপীয় ভূখণ্ডে গ্রিক দার্শনিক, অংকশাস্ত্রীয় সুপণ্ডিত এবং জ্যোতির্বিজ্ঞানীদের দ্বারা আবিষ্কৃত তথ্যগুলি ভারতে বৈদিক সভ্যতার ক্রমবিবর্তনকালে সুবিদিত ছিল। ইউক্লিড, পিথাগোরাস এবং আর্কিমিডিস যুক্তি, তর্ক এবং বিশ্লেষণের মাধ্যমে যে সত্য উদ্‌ঘাটন করেছিলেন সুপ্রাচীন ভারতে, মিশরে এবং আরবদেশগুলিতে সেই তথ্য অজানা ছিল না–কিন্তু প্রমাণভাবে এবং প্রচারবিমুখতার জন্য ভারত ও মধ্যপ্রাচ্যের এই আবিষ্কারগুলি অনেক পরে বিদেশে প্রচার লাভ করে।

2149. নির্বাসিতের অনুকথন/পরিমল দে. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৮৯-৯৬.
জেলবন্দীদের জীবনকাহিনী এটি।

2150. ক্যান্সার : রোগ, আরোগ্য ও মুনাফা/তুষার চক্রবর্তী. – মানবমন. বর্ষ ৫১, সংখ্যা ১. – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৯৭-১০১.
ক্যানসার রোগ, তার চিকিৎসা নিয়ে এই নিবন্ধ লিখিত।

2151. মনোচিত্রকের ডায়েরি : চিরন্তন/মনোচিত্রক. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারী-মার্চ). –

কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ১০২-১০৪.
এটি একটি মনোরোগের কেসহিস্ট্রি।

2152. বিজ্ঞান, প্রযুক্তি ও মানুষের মানবিক ভবিষ্যৎ : পান্নালাল দাশগুপ্তর সঙ্গে ডাঃ গাঙ্গুলীর আলোচনা. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ১০৫-১১৫.
পান্নালাল দাশগুপ্তের সঙ্গে ডাঃ ধীরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়ের একটি সাক্ষাৎকার।

2153. স্বাস্থ্যের বৃত্তে, বাণিজ্যিক নয় মানবিক/স্বাস্থ্য, রোগ, চিকিৎসা, বিজ্ঞান ও সমাজ নিয়ে আপনার সহমর্মী দ্বিমাসিক বাংলা পত্রিকা, দ্বিতীয় সংখ্যা, দাম ২০ টাকা/দীপ্তধী মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ১১৫-১১৬.
এটি একটি পত্রিকার পর্যালোচনা।

2154. অপর্ণার গশটালট/আলপনা মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ১১৭-১১৮.
এটি একটি গ্রাম্যজীবনের কাহিনী।

2155. মনোরোগের জৈবিক ভিত্তি/বাসুদেব মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩-১৪.
মনোরোগে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রর বিশৃঙ্খলা ঘটে, এই কারণে ব্যক্তির আবেগজাত, জ্ঞানাত্মক, কর্মপ্রক্রিয়াগত প্রণোদন ও সামাজিক ক্রিয়াকলাপের নানা আচরণগত সমস্যা প্রকাশ পায়। মনোরোগে যে বিশৃঙ্খলা দেখা দেয় তা অসমসত্ব ধরনের এবং এর সঠিক জৈবিক কারণ অধিকাংশ ক্ষেত্রে খুঁজে পাওয়া যায় না। এছাড়া নির্দিষ্ট জৈবিক সূচক দিয়ে এর পরিমাপও করা যায় না।

2156. রাষ্ট্র ও বিপ্লব/অখিলেশ পাল. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ১৫-১৮.
দিনকালের স্বপ্ন দেখা একটা মানুষের গল্প।

2157. প্রাচীন ভারতের বিজ্ঞান সাধনার ইতিহাস/মনোজেন্দু মজুমদার. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ১৮-২০.
এই প্রবন্ধটি বিগত সংখ্যায় 'মানবমন'-এ প্রকাশিত ড. বীরেন্দ্রনাথ ভট্টাচার্য রচিত ''প্রাগৈতিহাসিক কাল

থেকে ভারতের বিজ্ঞান-চেতনা এবং দেশে বিদেশে বিজ্ঞানের ক্রম বিবর্তন'' শীর্ষক প্রবন্ধের সংযোজন।

2158. মনোবিজ্ঞানের বিভিন্ন ধারা/বিরঞ্জন রায়. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২১-২৫.
প্রকৃতিবিজ্ঞানে অন্যান্য শাখার মতো মনোবিজ্ঞান একক প্যারাডাইম বা প্রত্যয়-কাঠামো বিজ্ঞান নয়। এর বদলে এখানে রয়েছে অনেকগুলো ধারা (perspective)। এসব ধারাগুলি কিছু বিষয়ে পরস্পর বিরোধী হলেও কিছু ক্ষেত্রে পরস্পর পরিপূরক। মনোবিজ্ঞান বিকাশের বর্তমান পর্যায়ে মানুষের মনের মতো (এ পর্যন্ত জানা) সবচেয়ে জটিল গবেষণায় এসব বিভিন্ন ধারা এখনো ফলপ্রসু। তাই এখনো মনোবিজ্ঞানে বহুগ্রাহিতা (eclecticism) প্রাসঙ্গিক।

2159. বিশ্বভারতী ও রবীন্দ্রনাথ/স্বপনকুমার মন্ডল. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২৫-২৮.
রবীন্দ্রনাথ ঠাকুরের সৃষ্টিকর্মের সবচেয়ে শ্রমসাধ্য ও ধারাবাহিক চিন্তনের ফসল বিশ্বভারতী, সাহিত্যজীবনের পাশাপাশি তাঁর এই মহান প্রতিষ্ঠান তিলে তিলে গড়ে তুলেছিলেন তিনি।

2160. হেমাঙ্গ বিশ্বাসের সঙ্গে সাক্ষাৎকার. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২৯-৩২.
গত ৪ঠা জুন ১৯৮১ সকাল ৯টায় শ্রদ্ধেয় হেমাঙ্গ বিশ্বাস কৃষ্টি সংসদের প্রতিনিধি প্রদীপ দত্ত ও সচ্চিদানন্দ চৌধুরীর সঙ্গে এক সাক্ষাৎকারে বিভিন্ন বিষয়ের উপর যে বক্তব্য রেখেছেন তা এখানে প্রকাশিত হয়েছে।

2161. রমাবাঈ ও বীরেন্দ্রনাথ/প্রসেনজিৎ চৌধুরী. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩২-৩৪.
মহারাষ্ট্রের র‍্যাডিকেল রমনী পন্ডিতা রমাবাঈকে নিয়ে এখানে আলোচনা হয়েছে। বক্তব্য ও ব্যক্তিত্ব দুই দিক থেকেই রমাবাঈ ছিলেন অনন্য। রক্ষণশীলতার রক্তচক্ষুকে উপেক্ষা করে তিনি দুটি 'লক্ষণ-রেখা' লঙ্ঘন করেছিলেন অকুতোভয়ে : এক, ব্রাহ্মণ্যবাদী পিতৃতন্ত্রকে ক্ষুরধার সমালোচনা; দুই, উচ্চবর্ণ বিধবা হওয়া সত্ত্বেও খ্রিষ্টধর্ম গ্রহণ করা। কিন্তু পুরুষতান্ত্রিক সমাজ এহেন রমাবাঈ-এরও কণ্ঠরোধ করেছে আর তার সাক্ষী স্বয়ং রবীন্দ্রনাথ। রবীন্দ্রনাথের 'রমাবাঈয়ের বক্তৃতা উপলক্ষে' শীর্ষক পত্রপ্রবন্ধে রমাবাঈ-এর কণ্ঠরোধের এই করুণ ঘটনাটির উল্লেখ আছে।

2162. মার্কসবাদ জিজ্ঞাসা/রামকৃষ্ণ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩৫-৩৭.
মার্কসীয় পদ্ধতি ও তার তাত্ত্বিক ভিত্তি এখানে আলোচিত হয়েছে।

2163. অপর্ণার গশটালট/আলপনা মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩৮-৪০.
এক গ্রাম্য বালিকার আখ্যান।

2164. বাংলাভাষায় মেয়েদের বিজ্ঞান রচনার এক সংক্ষিপ্ত রেখারূপ/জয়শ্রী দত্ত. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৪০-৪৩.
বাংলাভাষার মেয়েদের লেখা বিজ্ঞান প্রবন্ধ এই লেখার আলোচ্য বিষয়।

2165. প্রতিবেদন. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৪৪-৪৫.
দীপক দাঁ এবং তাঁর স্ত্রী রেখা দাঁ পরিচালিত ''গোবরডাঙা গবেষণা পরিষদ'' এর তৃতীয় বার্ষিকী অনুষ্ঠানের প্রতিবেদন এটি।

2166. মনোচিত্রকের ডায়েরি/মনোচিত্রক. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৪৬-৪৭.
এটি একটি মনোরোগের কেসহিস্ট্রি।

2167. কুর্ট গ্যেডেলের অসম্পূর্ণতার তত্ত্বর ওপর প্রথম বাংলা বই. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ২ (এপ্রিল-জুন). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৪৮.
এটি একটি পুস্তক সমালোচনা।

2168. হেগেলের উত্তরাধিকার/বাসুদেব মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩-১৩.
হেগেল, কান্টের যৌক্তিকতাকে ছড়িয়ে দিলেন প্রকৃতি, জাগতিক বাস্তবতা ও মানবীয় অভিজ্ঞতার মধ্যে এবং তিনি খুঁজে বার করার চেষ্টা করলেন কেমন করে যুক্তিবিচারবোধ বস্তুজগতে ক্রিয়াশীল হয় বা এর নিয়মসূত্রগুলি কি প্রকারের।

2169. 'গীতাঞ্জলি' : কিছু ভ্রান্তি, কিছু বিভ্রান্তি/স্বপনকুমার মন্ডল. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ১৩-১৮.
এখানে রবীন্দ্রনাথের লেখা বাংলা ভাষার গীতাঞ্জলি আর তাঁর নোবেলপ্রাপ্ত ইংরাজিভাষায় অনুদিত গীতাঞ্জলি উভয় নিয়েই আলোচনা হয়েছে।

2170. জল—ইতিহাসের পাতায়/সায়ন ভট্টাচার্য. — মানবমন. — বর্ষ ৫১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ১৮-১৯.
জল এমন একটি পদার্থ, যা তার রাসায়নিক ধর্মকে অতিক্রম করে ভারতীয় সংস্কৃতিতে প্রতীক হিসাবে স্থান পেয়েছে। সভ্যতার সূচনাকাল থেকেই জল মানবসমাজের অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক এবং ধর্মীয় প্রেক্ষাপটে প্রধান ভূমিকা পালন করে এসেছে। প্রাচীন ও মধ্যযুগের বিভিন্ন সভ্যতায় এবং তৎকালীন গ্রন্থগুলিতে প্রমাণ পাওয়া যায় যে তখনকার মানুষ জলের প্রয়োজনীয়তা ও যথাযথ ব্যবহার সম্বন্ধে যথেষ্ট সচেতন ছিলেন।

2171. মধ্যযুগে ইউরোপীয় সন্ত—সেন্ট ফ্রান্সিস অব আসিসি/মনোজেন্দু মজুমদার. — মানবমন. — বর্ষ ৫১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২০-২৪.
খ্রিষ্টধর্মের Franciscan Order-এর প্রতিষ্ঠাতা ফ্রান্সিস (Umbria)-র জীবন সম্বন্ধে এই নিবন্ধ থেকে জানা যায়।

2172. মার্কসবাদ জিজ্ঞাসা/রামকৃষ্ণ ভট্টাচার্য. — মানবমন. — বর্ষ ৫১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২৪-২৮.
মার্কসবাদের এই আলোচনায় বনিয়াদ আর ইমারত নিয়ে আলোচনা করেছেন লেখক।

2173. পুরনো বিষয় : নতুন প্রসঙ্গ/শ্রীপর্ণা বন্দ্যোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৫১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২৮-৩২.
‘Right of Indian Muslim Women : today's perspective’ আলোচ্য বিষয়ে এটি একটি বক্তৃতা।

2174. অপর্ণার ফিরে দেখা/আলপনা মুখোপাধ্যায়. — মানবমন. — বর্ষ ৫১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩২-৩৪.
একটি সাধারণ গ্রাম্য মেয়ের জীবনকথা।

2175. বিবেকানন্দর অসুস্থতা ও মৃত্যু : কিছু তথ্য, অনেক প্রশ্ন/আশীষ লাহিড়ী. — মানবমন. — বর্ষ ৫১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩৪-৪৭.
স্বামী বিবেকানন্দর বহুবিধ অসুস্থতা ও মৃত্যু নিয়ে এই প্রবন্ধ রচিত।

2176. নির্বাসিতের অনুকথন/পরিমল দে. — মানবমন. — বর্ষ ৫১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). — কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.

পৃ. ৪৮-৫২.
জেলবন্দীর জীবনকথা।

2177. মনোচিত্রকের ডায়েরি : গৃহবধূর মেঘলা আকাশ/মনোচিত্রক. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৩ (জুলাই-সেপ্টেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৫৩-৫৬.
এটি মনোরোগের কেসহিস্ট্রি।

2178. হেগেল ও ধনতন্ত্র/বাসুদেব মুখোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩-১১.
মৃত্যুর পর (১৮৩১) হেগেল যেন আরও জীবন্ত হয়ে উঠেছিলেন বিশেষত ধনতন্ত্রর, পুঁজিবাদের জয়ধ্বজা ওড়ানোর বিষয়ে। কারণ হেগেলের জীবিতকালে ধনতন্ত্র সাম্রাজ্যবাদ হয়ে ওঠেনি বা সমগ্র পৃথিবীব্যাপী এক অত্যাশ্চর্য ক্ষমতায় ছড়িয়ে পড়তে পারেনি। তখন সবেমাত্র সামন্ততন্ত্রর গর্ভ থেকে ধনতন্ত্র বিকশিত হয়ে চলেছে।

2179. 'অহম্'-এর বিজ্ঞান/অভিজিৎ পাল. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ১১-১৯.
'অহম্' বলতে এখানে বলা হয়েছে self, self-representation, self-consciousness ইত্যাদি। ইদানিংকালে জ্ঞানচর্চায় যে সমস্ত বিষয়গুলি নিয়ে সর্বাধিক চর্চা ও গবেষণা হয়ে চলেছে তার মধ্যে একটি হলো 'অহম্'।

2180. রাষ্ট্র ও বিপ্লব/অভিষেক পাল. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২০-২৪.
পৃথিবীব্যাপী বিদ্যমান ধনতান্ত্রিক আর্থসামাজিক ব্যবস্থার দুটি চিহ্ন খুব স্পষ্টরূপে প্রতীয়মান–পুঁজির বিশ্বায়ন (Globalization) আর প্রতিটি উপাদান পণ্যে রূপান্তরিত (commodification)। মার্কসবাদের উপর আস্থা ভরসা থেকেই আমরা আশা রাখি এই বিদ্যমান ব্যবস্থার বিকল্প আমরা খুঁজে পাব।

2181. বৌদ্ধধর্ম ও মনোবিজ্ঞান/রাহুল মজুমদার. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২৫-২৮.
সম্ভবত বুদ্ধই ছিলেন প্রথম মনোবিজ্ঞানী এবং মনের দার্শনিক। তিনি তাঁর মনোযোগকে মনের ওপর নিবিষ্ট করেছিলেন এবং তাঁর উদ্দেশ্য ছিল মানুষকে দুঃখ থেকে পরিত্রাণ লাভ করতে সাহায্য করা। আজকে স্নায়ুবিজ্ঞান-এর উন্নতির সঙ্গে সঙ্গে একথা প্রমাণিত হচ্ছে যে বুদ্ধ ও পরবর্তী বৌদ্ধ দার্শনিকদের মানবমন সম্পর্কে অন্তর্দৃষ্টির সঙ্গে বাস্তবের যথেষ্ট সামঞ্জস্য রয়েছে।

2182. মার্কসবাদ জিজ্ঞাসা/রামকৃষ্ণ ভট্টাচার্য. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ২৮-৩১.
মার্কসবাদের দৃষ্টিতে বনিয়াদ আর ইমারতের মূর্ত পরিস্থিতি ও তার বিশ্লেষণ করেছেন লেখক।

2183. পরিচয় সংকট : আইন, প্রয়োগ ও শিক্ষা/শ্রীপর্ণা বন্দ্যোপাধ্যায়. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩২-৩৮.
ভারত সরকারের আইন অনুযায়ী পরিচয়পত্র তৈরির গোলমেলে বিষয়টি এখানে আলোচিত হয়েছে।

2184. স্টিফেন জে. গুল্ড স্মরণে/অভিরূপ সামন্ত. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৩৮-৪৫.
আমেরিকার অন্যতম শ্রেষ্ঠ জীবাশ্মবিজ্ঞানী ও মানবতাবাদী স্টিফেন জে. গুল্ডের স্মরণে এই প্রকল্প আলোচিত।

2185. অপর্ণার ফিরে দেখা/আলপনা মুখোপাধ্যায়. – বর্ষ ৫১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৪৫-৪৬.
সাধারণ গ্রাম্য বালিকার জীবন কথা।

2186. ধর্ম, ঐতিহ্য, যুক্তিমনস্কতা এবং রবীন্দ্রনাথ/প্রসেনজিৎ চৌধুরী; চন্ডী শেঠ, অনু. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৪৭-৫৩.
ধর্ম, ঐতিহ্য সম্পর্কে যুক্তিমনস্ক রবীন্দ্রনাথের ভাবনা এখানে উঠে এসেছে।

2187. মনোচিত্রকের ডায়েরি : রক্তস্রোতে মুক্তি/মনোচিত্রক. – মানবমন. – বর্ষ ৫১, সংখ্যা ৪ (অক্টোবর-ডিসেম্বর). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১২.
পৃ. ৫৪-৫৬.
মনোরোগের কেসহিস্ট্রি এটি।

2188. সুরাপানের সমস্যা/আইনুল হক. – মানবমন. – বর্ষ ৫২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৩.
পৃ. ৩-১০.
মদ (অ্যালকোহল) এবং মদজাতীয় পানীয় গ্রহণ করার পর তা সমগ্র দেহে একই মাত্রায় দ্রুত ছড়িয়ে পড়ে এবং দেহের সমস্ত অঙ্গতন্ত্রের গঠন ও ক্রিয়াকলাপকে প্রভাবিত করে বিশেষত মস্তিষ্কর প্রায় সমস্ত স্নায়ুজৈবরাসায়নিক দ্রব্যকে।

2189. বৃদ্ধত্ব/অনিরুদ্ধ সামন্ত. – মানবমন. – বর্ষ ৫২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৩.

পৃ. ১০-১৯.

যথেষ্ট দ্রুতগতিতে পৃথিবী জুড়ে বৃদ্ধদের সংখ্যা বাড়ছে। এর কারণ জন্মহার কমেছে, মৃত্যুহার কমেছে এবং এর দীর্ঘস্থায়ী প্রভাব পড়ছে জনসংখ্যার ওপর। বিশ্বজুড়ে বৃদ্ধদের সংখ্যা বৃদ্ধি পেলে উৎপাদনের শক্তিও কিছু কমবে। সুতরাং এর প্রভাব পড়বে দেশের অর্থনীতিতে।

2190. জীবাণুদের জগৎ-এ মানুষ/সন্তোষ বর্মন. – মানবমন. – বর্ষ ৫২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৩.

পৃ. ১৯-২৮.

জীবাণু বলতে অণুবীক্ষণিক প্রাণের কথা বলা হয়েছে। আমরা সর্বদা ধরে নিই জীবাণু মানেই মানুষের ক্ষতি করে। কিন্তু আমরা এটা জানিনা মানুষের কিছু বন্ধু জীবাণু আছে। অধুনা জিনগত বিচার-বিশ্লেষণের দ্বারা জানা সম্ভব হয়েছে যে এই বিপুল ধরনের জীবাণুগোষ্ঠী মানুষের কি প্রয়োজনে লাগে বা মানুষের দেহে কি আন্তঃসম্পর্কে তারা যুক্ত থাকে।

2191. সুস্থ ও অসুস্থতায় সিস্টেমস বায়োলজি/অভিষেক পাল. – মানবমন. – বর্ষ ৫২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৩.

পৃ. ২৯-৩৪.

'সিস্টেমস বায়োলজি'-র উদ্ভব ঘটার পেছনে অনুপ্রেরণা ছিল 'সিস্টেমস ইঞ্জিনিয়ারিং'-এর, সিস্টেমস ইঞ্জিনিয়ারিং-এর সঙ্গে সিস্টেমস বায়োলজির তুলনা করলে বলা যাবে যেমন কোনো বিপাকক্রিয়ায় একটি উৎসেচক বা এর জিনগত কার্যকলাপের নিখুঁত জ্ঞান অর্জন করলেও তা দিয়ে সামগ্রিকভাবে প্রাণীটির বিপাকীয় আচার-আচরণ সম্পর্কে অনেক কিছুই জানা যাবে না বা পূর্বানুমান করা যাবে না। এই কারণে সমস্ত সিস্টেমসটিকে সমাকলিত করে বিচার করতে হবে এবং অনুধাবন করতে হবে।

2192. বাংলা প্রবন্ধ ও বাঙালির মননবচর্চা/স্বপনকুমার মন্ডল. – মানবমন. – বর্ষ ৫২, সংখ্যা ১ (জানুয়ারি-মার্চ). – কলকাতা : পাভলভ ইনস্টিটিউট, ২০১৩.

পৃ. ৩৫-৩৮.

